

‘বিবিসির ক্ষমা নেই’, বিলিয়ন ডলারের মামলা করবেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ২০২১ সালের ৬ জানুয়ারির ভাষণকে ভুলভাবে এডিট করার ৯-এর পৃষ্ঠায় দেখুন

দীর্ঘ ৪৩ দিন পর ফুরাল যুক্তরাষ্ট্রের অচলাবস্থা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সরকারের ইতিহাসের সবচেয়ে দীর্ঘ অচলাবস্থার (গভর্নমেন্ট শাটডাউন) অবসান ঘটিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার একটি বিলে স্বাক্ষর করেছেন। এর কয়েক ঘণ্টা আগে কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে খাদ্যসহায়তা আবার চালু, লক্ষাধিক সরকারি কর্মচারীর বকেয়া বেতন পরিশোধ এবং বিমান চলাচল নিয়ন্ত্রণব্যবস্থা পুনরুদ্ধারের পক্ষে ভোট দেন কংগ্রেস সদস্যরা।

রিপাবলিকান নিয়ন্ত্রিত প্রতিনিধি পরিষদে ২২২-২০৯ ভোটে ৮-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 08 / November 17, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ০৮ ‖ সোমবার, নভেম্বর ১৭, ২০২৫, অগ্রহায়ণ ০২, ১৪৩২ ‖ জমাদিউল আউয়াল ২৫, ১৪৪৭

জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাকাণ্ড

শেখ হাসিনা ও কামালের মৃত্যুদণ্ড

আইজিপি মামুনের ৫ বছরের কারাদণ্ড

বিশেষ প্রতিনিধি : জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার বিরুদ্ধে করা মামলার রায় দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। দুটি অভিযোগে তাঁকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। বাংলাদেশ সময় সোমবার বিকেল তিনটায় ও নিউইয়র্ক সময় ভোর চারটায় বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই রায় ঘোষণা করেন। এই ট্রাইব্যুনালের অন্য দুই সদস্য হলেন- বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক ৫-এর পৃষ্ঠায় দেখুন



সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ও সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন। ছবি: সংগৃহীত

ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন বিরোধী নীতি

উৎকণ্ঠা বাড়ছে নিউট্রোলাইজড নাগরিকদেরও

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতিতে বিপাকে শুধু আনডকুমেন্টেড অভিবাসীরাই নয়, উৎকণ্ঠা বাড়ছে নিউট্রোলাইজড নাগরিকত্ব পাওয়া নাগরিকদেরও। সম্প্রতি অনেক নিউট্রোলাইজড সিটিজেনদের নাগরিকত্ব বাতিলের চেষ্টায় ইমিগ্রেশন কর্তৃপক্ষের উদ্যোগে। এছাড়াও অনেক গ্রীনকার্ড বাতিলেও সর্বত্র অভিবাসী সম্প্রদায়ের মধ্যে চরম উদ্বেগ বিরাজ করছে।



দ্য অ্যাসোসিয়েট প্রেসের শনিবার প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সম্প্রতি বিচার বিভাগ জানিয়েছে অপরাধী বা নিরাপত্তা ঝুঁকি মনে হওয়া স্বাভাবিকীকৃত বা নিউট্রোলাইজড ৮-এর পৃষ্ঠায় দেখুন

প্রভাবশালী রাজনীতিক থেকে স্বৈরশাসক; অত:পর মৃত্যুদণ্ডের ফেরারি আসামি

বাংলা পত্রিকা রিপোর্ট: ২০২৪ সালে কোটা সংস্কার ছাত্র আন্দোলনে প্রাণঘাতী দমন-পীড়নের অভিযোগে মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছেন বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভারতে নির্বাসিত থাকা শেখ হাসিনা ৮০'র দশকের শেষ দিক থেকে আওয়ামী লীগের সভানেত্রী হিসেবে দলের হাল ধরেন। এরপর দেশের প্রধানমন্ত্রীত্ব ও দলের নেতৃত্ব এর মাধ্যমে হয়ে ওঠেন বাংলাদেশের প্রভাবশালী রাজনীতিক। প্রায় অর্ধশতাব্দী ধরে দক্ষিণ এশিয়ার রাজনীতিতে অন্যতম প্রভাবশালী এই রাজনৈতিক নেত্রীর পথচলাও শুরু হয়েছিল রক্তাক্ত ঘটনার মধ্য দিয়েই। তাঁর পতনও হয়েছে রক্তাক্ত ঘটনায়। প্রভাবশালী রাজনীতিক থেকে স্বৈরশাসক, অত:পর মৃত্যুদণ্ডের ফেরারি আসামি এখন শেখ হাসিনা।

১৯৭৫ সালে সেনা অভ্যুত্থানে তাঁর বাবা বাংলাদেশের স্বাধীনতার স্থপতি শেখ মুজিবুর রহমান এবং পরিবারের অধিকাংশ সদস্য নিহত হওয়ার পর হঠাৎ করেই তিনি রাজনৈতিকভাবে সামনে আসেন। শুরুর দিকে গণতন্ত্রের ৭ এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্প প্রশাসনের নতুন পরিকল্পনা

ফুডস্ট্যাম্প গ্রহণকারীদের করতে হবে পুনরায় আবেদন

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসন স্ন্যাপ বা ফুডস্ট্যাম্প সুবিধাভোগীদের নিয়ে নতুন পরিকল্পনা করছে। এখন থেকে যুক্তরাষ্ট্রের সকল ফুডস্ট্যাম্প সুবিধাভোগীকে স্ন্যাপ সহায়তার জন্য পুনরায় আবেদন করতে হবে।

বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের এগ্রিকালচার সেক্রেটারী ব্রুক রোলিন্স সংবাদমাধ্যম নিউজম্যাক্সকে দেয়া সাক্ষাৎকারে বলেন, সাপ্লিমেন্টাল নিউট্রিশনাল অ্যাসিসট্যান্স প্রোগ্রামে এখন থেকে পুনরায় আবেদন করতে হবে ৭-এর পৃষ্ঠায় দেখুন

কর্মীদের সাথে সংহতি; স্টারবাকস বয়কট করলেন জোহরান মামদানিও



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রজুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে স্টারবাকস কর্মীরা। এই ধর্মঘটের প্রতি সংহতি জানিয়ে স্টারবাকসকে বয়কটের আহ্বান জানিয়েছেন নিউইয়র্ক সিটির নবনির্বাচিত মেয়র জোহরান মামদানি। গত বৃহস্পতিবার থেকে যুক্তরাষ্ট্রের ৭-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE

Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com



ছবি ক্রেডিট: নিকোল বেনজিভেনো / দ্য নিউ ইয়র্ক টাইমস

স্ট্যাটেন আইল্যান্ডে আটক কেন্দ্র স্থাপনে পরিকল্পনা আইস'র

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ট্রাম্প প্রশাসন নিউইয়র্কে আনডকুমেন্টেড অভিবাসী ধরপাকড় জোরদার করার পরিকল্পনা করছে। এর অংশ হিসেবে তারা স্ট্যাটেন আইল্যান্ডের ফোর্ট ওয়াডসওয়ার্থে একটি কোস্ট গার্ড ঘাঁটিকে ২৩-এর পৃষ্ঠায় দেখুন

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ভ্রমণ নিষেধাজ্ঞায় থাকা দেশের নাগরিকদের

যুক্তরাষ্ট্রে গ্রিন কার্ড প্রাপ্তি বন্ধ হচ্ছে!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের ভ্রমণ নিষেধাজ্ঞায় থাকা দেশগুলোর মানুষের জন্য গ্রিন কার্ড ও অন্যান্য অভিবাসন সুবিধা পাওয়া আরও কঠিন হয়ে যাচ্ছে। আর এতে বৈধ অভিবাসনের পথ আরও সংকুচিত হয়ে যাচ্ছে।

দ্য নিউ ইয়র্ক টাইমস তাদের প্রতিবেদনে জানায়, ডোনাল্ড ট্রাম্প প্রশাসন একটি নতুন নীতি আনতে যাচ্ছে, যাতে ভ্রমণ নিষেধাজ্ঞায় থাকা দেশের নাগরিকদের গ্রিন কার্ডসহ বিভিন্ন অভিবাসন অনুমোদন বন্ধ হয়ে যাবে। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির কিছু অভ্যন্তরীণ নথিতে এই পরিকল্পনার উল্লেখ আছে।

এই নীতি চালু হলে, যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা ইউএসসিআইএস (USCIS) ভ্রমণ নিষেধাজ্ঞায় থাকা দেশগুলোর "বিশেষ ঝুঁকির কারণ"কে অভিবাসন আবেদনে "নেতিবাচক বিষয়" হিসেবে গণ্য করবে। নীতি এখনো সম্পূর্ণ চূড়ান্ত হয়নি।

এর ফলে নিষেধাজ্ঞা জারি হওয়ার আগেই যারা যুক্তরাষ্ট্রে এসেছেন, তাদের জন্যও দেশে থাকা বা বৈধ কাগজপত্র পাওয়া কঠিন হতে পারে।

এর আগেও ট্রাম্প প্রশাসন আইনি অভিবাসনের সুযোগ কমিয়েছে। গত মাসে তারা ঘোষণা করে যে এই বছর কম সংখ্যক শরণার্থীকে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে দেওয়া হবে। এতে যুদ্ধ বা নির্যাতন থেকে পালানো অনেক মানুষ যুক্তরাষ্ট্রে আশ্রয় পাওয়ার সুযোগ হারাবে।

জুন মাসে ট্রাম্প যে সব দেশের বিরুদ্ধে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করেন, তাতে ১২ দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষিদ্ধ করা হয়। এসব দেশ হলো: আফগানিস্তান, চাদ, কঙ্গো প্রজাতন্ত্র, ইকুয়েটোরিয়াল গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, মিয়ানমার, সোমালিয়া, সুদান ও ইয়েমেন।

আরো ৭টি দেশের নাগরিকদের জন্য আংশিক নিষেধাজ্ঞা রয়েছে বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওন, টোগো, তুর্কমেনিস্তান ও ভেনেজুয়েলা। এই দেশের নাগরিকরা যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে থাকতে বা নির্দিষ্ট কিছু ভিসা পেতে পারবেন না।

জুলাই হত্যাকাণ্ডের মামলা

শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে যে ৫ অভিযোগ



১. উসকানিমূলক বক্তব্য প্রদান।

২. হেলিকপ্টার, ড্রোন ও প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করে আন্দোলনকারীদের নির্মূল করার নির্দেশ।

৩. রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদকে গুলি করে হত্যার নির্দেশ।

৪. রাজধানীর চানখাঁরপুল এলাকায় আন্দোলনরত ছয়জনকে গুলি করে হত্যার নির্দেশ।

৫. আগুলিয়ায় ছয়জনকে পুড়িয়ে হত্যা করার নির্দেশ।

ট্রাইব্যুনালে শেখ হাসিনাসহ তিনজনের বিরুদ্ধে যে ৫টি অভিযোগ

বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার বিরুদ্ধে করা মামলার রায় ঘোষণা করা হয়েছে। গণ-অভ্যুত্থানের সময় হত্যাকাণ্ডসহ মানবতাবিরোধী অপরাধের ঘটনায় করা এটিই প্রথম মামলা। শেখ হাসিনাসহ এ মামলার তিন আসামির বিরুদ্ধে মোট পাঁচটি অভিযোগ আনা হয়েছে।

বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই মামলার রায় ঘোষণা করেন। এই ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী।

এই মামলার শুনানিতে প্রসিকিউশন (রাষ্ট্রপক্ষ) একাধিকবার বলেছে, শেখ হাসিনা ছিলেন জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী সব ধরনের অপরাধের মাস্টারমাইন্ড (পরিকল্পনাকারী), হুকুমদাতা ও সুপিরিয়র কমান্ডার (সর্বোচ্চ নির্দেশদাতা)।

গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাশাপাশি এই মামলার অন্য দুই আসামি হলেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ও পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। তিন আসামির মধ্যে শেখ হাসিনা ও আসাদুজ্জামান পলাতক। দুজনই এখন ভারতে অবস্থান করছেন।

এই মামলায় গ্রেপ্তার হওয়া একমাত্র আসামি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন নিজের দোষ স্বীকার করে 'অ্যাপ্রুভার' বা রাজসাক্ষী হিসেবে ট্রাইব্যুনালে জবানবন্দি দিয়েছেন। তিনি জবানবন্দিতে বলেছেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দমনে সরাসরি 'লেথাল উইপন' (মারণাস্ত্র) ব্যবহার করার নির্দেশ দিয়েছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ৮-এর পৃষ্ঠায় দেখুন

শেখ হাসিনার বিরুদ্ধে ৫৮৬ মামলা

বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই গণঅভ্যুত্থানের পর ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে এখন পর্যন্ত সারাদেশে আদালত ও থানায় ৫৮৬টি মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তদন্তাধীন আরও চারটি মামলা। অপহরণ, হত্যাচেষ্টা ও সহিংসতার মামলায় শেখ হাসিনাকে নির্দেশদাতা, হুকুমদাতা ও পরিকল্পনাকারী হিসেবে প্রধান আসামি করা হয়েছে। ৫৮৬টি মামলার মধ্যে ৩২৪টি হত্যা মামলা। এর মধ্যে দুদকের মামলা রয়েছে ছয়টি।

এ ছাড়া আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায় জমা পড়েছে আরও অর্ধশত অভিযোগ। এর মধ্যে পিরোজপুরের সুখরঞ্জন বালি, মাইকেল চাকমা, বিএনপি নেতা সালাহউদ্দিন আহমেদসহ বিএনপির করা একাধিক অভিযোগ রয়েছে, যা যাচাই-বাছাই করা হচ্ছে। এসব অভিযোগে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সত্যতা মিললে মামলায় রূপান্তর করা হবে।

তবে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় মামলা দায়ের এখনও অব্যাহত। শেখ হাসিনার বিরুদ্ধে প্রথম মামলা করা হয় গত বছর ১৩ আগস্ট। আবু সাঈদ হত্যার অভিযোগে মোহাম্মদপুর থানার পুলিশ কর্মকর্তা এ মামলার তদন্ত করছেন।

সম্প্রতি পুলিশ সদরদপ্তরের পরিসংখ্যান অনুযায়ী, গত বছর জুলাই-আগস্ট আন্দোলন-পরবর্তী সারাদেশে ১ হাজার ৬১২টি মামলা হয়েছে এসব মামলায় হত্যা, হত্যাচেষ্টা, হামলা, ভাঙচুর, মারধর, অগ্নিসংযোগ, ভয়ভীতি প্রদর্শন, লুটপাট, চাঁদাবাজি ও দখলবাজির অভিযোগ রয়েছে এর মধ্যে হত্যা মামলা হয়েছে ৫৯৯টি এবং অন্যান্য মামলা হয়েছে এক হাজার তিনটি- এর মধ্যে শেখ হাসিনার বিরুদ্ধে ঢাকাসহ সারাদেশের থানা ও আদালতে ৩২৪টি হত্যা মামলাসহ ৫৮০টি মামলা দায়ের হয়েছে, আদালত অবমাননার অভিযোগে একটি মামলায় গত ২ জুলাই শেখ হাসিনাকে ৬ মাসের কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

বিচার প্রক্রিয়া কতটা স্বচ্ছ

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে স্বচ্ছ এবং স্বাভাবিক প্রক্রিয়ায় বিচার অনুষ্ঠিত হচ্ছে- দাবি করেছেন ৯-এর পৃষ্ঠায় দেখুন

কোন্দল সামলাতে হিমশিম বিএনপির

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশের ২৩৭টি আসনে সম্ভাব্য প্রার্থীদের নাম ঘোষণার পর বিএনপির দলীয় কোন্দল তীব্র আকার ধারণ করেছে। বহু আসনে মনোনয়নবঞ্চিত নেতারা প্রকাশ্যে বিক্ষোভ করছেন। কোথাও প্রার্থীর বিরুদ্ধে অবস্থান নিয়ে নেতাকর্মীরা নিষ্ক্রিয় হয়ে পড়ছেন, আবার অনেকেই প্রার্থী পরিবর্তনের দাবিতে উপজেলা ও জেলা কার্যালয়ের সামনে মানববন্ধন ও প্রতিবাদ করছেন। দলের অভ্যন্তরে চলমান এই অস্থিরতা দ্রুত থামানো না গেলে নির্বাচনী ফলে বিপর্যয় নেমে আসতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন সংশ্লিষ্টরা।

নেতাকর্মীদের অনেকের অভিযোগ, ঘোষিত সম্ভাব্য প্রার্থীদের তালিকায় 'নব্য', 'হাইব্রিড', অতীতে দলীয় সুবিধাভোগী, আন্দোলন-সংগ্রামে নিষ্ক্রিয় এবং প্রবাসে থাকা অনেককে মনোনয়ন দেওয়া হয়েছে। এতে ত্যাগী, যোগ্য ও জনপ্রিয় নেতাদের বঞ্চিত হয়েছেন বলে দাবি তাদের।

তৃণমূলপর্যায়ের বিএনপি নেতাদের দাবি, প্রার্থী বাছাই প্রক্রিয়া পুনর্বিবেচনা না করলে দলীয় ঐক্য ভেঙে পড়ার ঝুঁকি রয়েছে। ইতিমধ্যে বিভিন্ন জেলা ও উপজেলায় প্রার্থী পরিবর্তনের দাবিতে বিক্ষোভ মিছিল, সড়ক অবরোধসহ নানা কর্মসূচি পালন করা হচ্ছে। মনোনয়নবঞ্চিত নেতাকর্মীরা বিক্ষোভের পাশাপাশি অনেকেই দলীয় প্রার্থীকে বেকায়দায় ফেলছেন। অনেকে প্রার্থী বদলের জন্য জোর লবিং-তদবির চালাচ্ছেন। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, এসব কোন্দল নিরসন না হলে নির্বাচনে নেতিবাচক প্রভাব পড়তে পারে।

২৩৭ আসনে বিএনপির প্রার্থী

- চলছে নবীন-প্রবীণের লড়াই
- শূন্য আসনে কোন্দল মিটছে না
- সম্ভাব্য প্রার্থী তালিকা চূড়ান্ত নয়

বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য জানান, সম্ভাব্য প্রার্থী তালিকা চূড়ান্ত নয়। তফসিল ঘোষণার আগে ও পরে প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা যেতে পারে। দলের পদক্ষেপেই মাদারীপুর-১ (শিবচর) আসনে কামাল জামান মোল্লার প্রার্থিতা স্থগিত করা হয়েছে। এর ফলে অন্য আসনের মনোনয়নপ্রত্যাশীরাও আশান্বিত হয়ে আন্দোলনে নামেন। বর্তমানে প্রায় ২৫টি জেলায় একাধিক আসনে আন্দোলন চলছে, কোথাও কোথাও সংঘর্ষের ঘটনা পর্যন্ত ঘটেছে।

কিছু নির্বাচনী এলাকায় নবীন ও প্রবীণ নেতাদের মধ্যে দ্বন্দ্বও প্রকট। যেমন ব্রাহ্মণবাড়িয়া-৪, কুষ্টিয়া-৪, মাগুরা-২ এবং ঢাকা-৫ আসনে মনোনয়ন নিয়ে তীব্র বিভাজন দেখা দিয়েছে। নেতাকর্মীরা ত্যাগী, যোগ্য ও জনপ্রিয় নেতাদের বঞ্চিত করা হয়েছে বলে ক্ষোভ প্রকাশ করছেন। চট্টগ্রাম-১২ ও গাইবান্ধা-৪ আসনে বিতর্কিত নেতাদের মনোনয়নও সমালোচনার কেন্দ্রবিন্দুতে রয়েছে।

শূন্য আসনের বিষয়ও নেতাকর্মীদের মধ্যে হতাশা সৃষ্টি করেছে। টাঙ্গাইল-৫ ও ঝিনাইদহ-৪ আসনে প্রার্থী না থাকায় স্থানীয় নেতারা মনোনয়নের জন্য চাপ প্রয়োগ করছেন। নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া) আসনে পারিবারিক দ্বন্দ্বও দেখা দিয়েছে। নিজেরা বোনের মনোনয়ন বাতিলের দাবিতে আন্দোলন করতে দেখা গেছে।

এ বিষয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, 'বিএনপির পক্ষ থেকে স্পষ্ট করেই বলা হয়েছে এটি চূড়ান্ত তালিকা নয়। এটি সম্ভাব্য তালিকা। কোনো এলাকায় তেমন পরিবর্তন মনে করলে অবশ্যই সেটি করা হবে। আর বড় দল হিসেবে প্রত্যেক আসনে একাধিক যোগ্য প্রার্থী আছেন। সবকিছু বিশ্লেষণ করেই এই তালিকা করা হয়েছে।'

বিএনপির সূত্রগুলো বলছে, ঘোষিত মনোনয়নের এই তালিকা চূড়ান্ত নয়। দলের স্থায়ী যদি কমিটি মনে করে, পার্লামেন্টারি বোর্ড যদি মনে করে, তারা কোনো আসনে পরিবর্তন আনবে সেটা নিঃসন্দেহে নিয়ম মেনে পরিবর্তন নিয়ে আসবে।

তথ্য বলছে, গত রবিবার ময়মনসিংহ-৩ (গৌরীপুর) আসনে বিএনপির মনোনীত প্রার্থী এম ইকবাল হোসেইনকে পরিবর্তনের দাবিতে গৌরীপুরে বিক্ষোভ সমাবেশ করে আসছেন উপজেলা বিএনপির আহ্বায়ক তায়েবুর রহমান হিরন। রবিবার ইকবাল এলাকায় প্রবেশের সময়ে দুই পক্ষের সংঘর্ষে প্রাণ হারান উত্তর জেলা ছাত্রদলের সহসভাপতি তানজিল আহমেদ মিঠু। এই সংঘাত কোনো কোনো ক্ষেত্রে পারিবারিক পর্যায়েও শুরু হয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া-৪ (কসবা-আখাউড়া) আসনে সাবেক এমপি মুশফিকুর রহমানকে সম্ভাব্য মনোনয়ন দিয়েছে বিএনপি। নব্বই বছরের ঊর্ধ্বে একজন বয়োবৃদ্ধ এবং অসুস্থ নেতাকে মনোনয়ন দেওয়ায় ক্ষোভে ফুঁসে ওঠা স্থানীয় নেতাকর্মীরা বলছেন, ১৭ বছর মুশফিকুর রহমান কানাডাপ্রবাসী ছিলেন। দলের দুর্দিনে নেতাকর্মীরা তাকে কাছে পাননি। এই আসনে অন্য মনোনয়নপ্রত্যাশী কবির আহমদ ভূঁইয়ার পক্ষে দুই উপজেলার নেতাকর্মীরা মাঠে নেমেছেন। কুষ্টিয়া-৪ আসনে মনোনয়ন দেওয়া হয়েছে সাবেক এমপি সৈয়দ মেহেদি আহমেদ রুমিকে। আশি বছরোর্ধ্ব বয়সী এই নেতার আসনে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক শেখ সাদী মনোনয়ন চাইছেন। এখানে মনোনয়ন পরিবর্তন না এলে অঘটন ঘটতে পারে বলে সাংবাদিকদের জানিয়েছেন খোকসা উপজেলা বিএনপির সাবেক নেতা মোস্তাফিজুর রহমান। মাগুরা-২ আসনে প্রার্থী করা হয়েছে বিএনপির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান নিতাই রায় চৌধুরীকে। তার মনোনয়ন কেন্দ্র করে বিভক্ত হয়ে পড়েছেন স্থানীয় বিএনপি নেতাকর্মীরা। একপাশে নিতাই রায়, অন্যদিকে সাবেক এমপি কাজী সলিমুল হক কামাল ও ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্য সচিব রবিউল ইসলাম নয়নের সমর্থকরা। এর মধ্যে এই আসনের মোহাম্মদপুর, শালিখা ও সদর উপজেলার ১৭১টি ওয়ার্ড বিএনপির ৫০১ নেতাকর্মী নিতাই রায় চৌধুরীর প্রার্থিতা বাতিলের দাবি জানিয়ে দলের হাইকমান্ডের কাছে লিখিত দাবি জানিয়েছেন।

শালিখা উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান মোজাফ্ফর হোসেন টুকু বলেন, যাকে মনোনয়ন দেওয়া হয়েছে, বিগত তিনটি নির্বাচনে তিনি পরাজিত হয়েছেন। এবারের নির্বাচনেও তিনি নিশ্চিত পরাজিত হবেন।

সূত্রগুলো আরও বলছে, ঢাকা-৫ আসনে প্রার্থী ঘোষণা করা হয়েছে নবীউল্লাহ নবীকে। তাকে নিয়ে একদিকে যেমন বিতর্ক রয়েছে, তেমনি বয়সের হিসাবও ভাবাচ্ছে দলকে। 'নির্বাচনের আগে আর কোনো চাঁদাবাজি নয়' এমন ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে দেখা যাচ্ছে এই নেতার বিরুদ্ধে।

টাঙ্গাইল-৩ আসনে মনোনয়ন দেওয়া হয়েছে জাতীয়তাবাদী ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ওবায়দুল হক নাসিরকে। তিনি এই এলাকায় বহিরাগত দাবি করে সাবেক ৬-এর পৃষ্ঠায় দেখুন

হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

ডিসি নিয়োগ নিয়ে ক্ষোভ

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রায় তিন মাস আগে এক সপ্তাহের ব্যবধানে ৫০ জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে অন্তর্বর্তী সরকার। এই পদায়ন নিয়ে প্রশাসন ক্যাডারের বঞ্চিত অনেক কর্মকর্তার মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে বলে জানা গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্র বলছে, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলের তিনটি জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের 'যথাসম্ভব' দূরে রাখতে গিয়ে মাঠ প্রশাসনের কাজে অভিজ্ঞতা না থাকা কর্মকর্তাদেরও ডিসি নিয়োগ, অভিজ্ঞতাসম্পন্ন অনেককে ডিসি নিয়োগের ফিট লিস্টে না রাখা কিংবা রাখলেও নিয়োগ না দেওয়া, সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার পর কয়েকজনের নিয়োগ বাতিল, কয়েক জেলায় একাধিকবার বদল এবং প্রশাসন ক্যাডারে একীভূত ইকোনমিক ক্যাডারের কয়েকজনকে ডিসি পদে নিয়োগ দেওয়ায় এই ক্ষোভ দেখা দিয়েছে। ২৮ তম ব্যাচের কর্মকর্তারা নিজেদের বেশি বঞ্চিত মনে করছেন। জনপ্রশাসন মন্ত্রণালয় ৮ নভেম্বর ১৫ জেলায়, ৯ নভেম্বর ১৪ জেলায় এবং সর্বশেষ ১৩ নভেম্বর পৃথক প্রজ্ঞাপনে ২৩ জেলায় নতুন ডিসি নিয়োগ করে। এর মধ্যে ৮ নভেম্বর নিয়োগপ্রাপ্ত দুজনের নিয়োগ ১৩ নভেম্বর বাতিল করা হয়েছে। জাতীয় সংসদ নির্বাচনে ডিসিরা রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। এ জন্য নির্বাচনের আগে এই পদকে খুব গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করা হয়। সূত্র বলেছে, এবারের ডিসি নিয়োগে বিসিএসের ২৫, ২৭, ২৮ ও ২৯ তম ব্যাচ এবং প্রশাসন ক্যাডারের সঙ্গে একীভূত ইকোনমিক ক্যাডারের কর্মকর্তাদের বিবেচনায় নেওয়া হয়েছে। ডিসিদের তালিকা বিশ্লেষণ করে দেখা যায়, তাঁদের ১৭ জন ২৫ তম ব্যাচের, ২৬ জন ২৭ তম ব্যাচের, ৬ জন ২৮ তম ব্যাচের, ৯ জন ২৯ তম ব্যাচের এবং ৬ জন প্রশাসন ক্যাডারের সঙ্গে একীভূত ইকোনমিক ক্যাডারের কর্মকর্তা। এঁদের অনেকের মাঠ প্রশাসনে কাজের অভিজ্ঞতা নেই, বলেছেন কর্মকর্তারা।

৫০ জেলায় নতুন ডিসি

* ৮, ৯ ও ১৩ নভেম্বর পৃথক প্রজ্ঞাপনে ৫০ জেলায় নতুন ডিসি নিয়োগ।
* অভিজ্ঞদের বাদ দিয়ে অনভিজ্ঞ কর্মকর্তাদেরও পদায়নের অভিযোগ।
* সবচেয়ে বেশি নিয়োগ পেয়েছেন ২৭ তম ব্যাচের, কম ২৮ তম ব্যাচের।
* ডিসি পদে নিয়োগের পুরো কর্তৃত্ব এখন জনপ্রশাসন মন্ত্রণালয়ের হাতে।

সূত্র জানায়, ২৫ তম ব্যাচের নিয়োগ বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের আমলে। ২৭ তম বিসিএসের লিখিত পরীক্ষা চারদলীয় জোট সরকারের আমলে হলেও নিয়োগ হয় এক - এগারোর তত্ত্বাবধায়ক সরকারের সময়। ২৮ তম ব্যাচের পরীক্ষা এক - এগারোর তত্ত্বাবধায়ক সরকারের আমলে হলেও নিয়োগ হয় আওয়ামী লীগ সরকারের আমলে। ২৯ তম ব্যাচের পরীক্ষা ও নিয়োগ হয়েছে আওয়ামী লীগ সরকারের আমলে। সূত্র আরও জানায়, ২৮ তম ব্যাচের কর্মকর্তারা এর আগে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) দায়িত্ব থাকায় এই ব্যাচের অনেকে ডিসি নিয়োগের ফিট লিস্টে জায়গা পাননি। আবার কেউ কেউ ফিট লিস্টে থাকলেও ডিসি পদে নিয়োগ পাননি। এই ব্যাচের একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, ইউএনওর পদে থাকায় ২০১৮ সালে পদাধিকারবলে নির্বাচনে দায়িত্ব পালন করতে হয়েছিল। এটি তো দোষের নয়। তাঁরা ভোট গ্রহণ কার্যক্রমে কোনো অনিয়ম করেছেন কি না, সরকার চাইলেই তদন্ত করে তা বের করতে পারে। তা না করে তাঁদের বঞ্চিত করা হচ্ছে। জানা যায়, বিগত তিন সংসদ নির্বাচনের সময় মাঠ প্রশাসনে দায়িত্বে থাকা বেশির ভাগ কর্মকর্তাকে ডিসি নিয়োগের ফিট লিস্টে রাখা হয়নি। এঁদের একজন বলেন, ডিসি পদে নিয়োগের অন্যতম শর্ত হিসেবে মাঠে কাজের অভিজ্ঞতার কথা বলা থাকলেও তা তাঁদের জন্য কাল হয়েছে ।

আইনশৃঙ্খলা - সংক্রান্ত পরিষদ কমিটি ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের সংসদ নির্বাচনে দায়িত্ব পালনকারীদের ত্রয়োদশ সংসদ নির্বাচনে দায়িত্ব পালন থেকে সম্পূর্ণ বিরত রাখার সিদ্ধান্ত দিয়েছিল। পরে ওই সিদ্ধান্ত থেকে কিছুটা সরে এসে গত ৮ আগস্ট ওই কমিটির সভায় সিদ্ধান্ত হয়, ওই তিন নির্বাচনে দায়িত পালনকারী কর্মকর্তাদের আসন্ন নির্বাচনে দায়িত্ব দেওয়া থেকে ' যথাসম্ভব ' বিরত থাকতে হবে।

সূত্র জানায়, জনপ্রশাসনবিষয়ক কমিটির অনুমোদন নিয়ে ডিসি নিয়োগের বাধ্যবাধকতা থাকায় কয়েকটি জেলা থেকে ডিসি প্রত্যাহার করার কয়েক দিন পরও নতুন ডিসি দিতে পারেনি জনপ্রশাসন মন্ত্রণালয়। এই জটিলতা এড়াতে গত ৩০ অক্টোবর জনপ্রশাসনবিষয়ক কমিটি বাতিল করে সরকার। ফলে ডিসি নিয়োগের পুরো কর্তৃত্ব এখন জনপ্রশাসন মন্ত্রণালয়ের হাতে। ডিসিসহ কর্মকর্তাদের বদলি, পদায়ন ও পদোন্নতির কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ (এপিডি) অনুবিভাগের মাধ্যমে করা হয়। এই অনুবিভাগের প্রধানের দায়িত্বে থাকা অতিরিক্ত সচিব মো . এরফানুল হককে ৯ অক্টোবর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব পদে বদলি করার পর থেকে এডিপি অনুবিভাগের অতিরিক্ত সচিবের পদটি ফাঁকা রয়েছে। চলতি বছরের ৭ জুলাই থেকে ১৩ নভেম্বর পর্যন্ত ৬৪ জন কর্মকর্তাকে ৬৪ জেলায় ডিসি পদে পদায়ন করা হয়। আপত্তি ওঠায় কয়েকজনের নিয়োগও বাতিল করা হয়। ২১ সেপ্টেম্বর নওগাঁর ডিসি মোহাম্মদ আব্দুল আউয়ালকে চট্টগ্রামের ডিসি হিসেবে বদলি করা হলেও ১৫ অক্টোবর সেই নিয়োগ বাতিল করে ফেনীর ডিসি সাইফুল ইসলামকে চট্টগ্রামের ডিসি পদে বদলি করা হয়। পরে ১৩ নভেম্বর নারায়ণগঞ্জের ডিসি মোহাম্মদ জাহিদুল ইমলাম মিঞাকে চট্টগ্রামের ডিসি পদে বদলি করা হয়। পরে এই নিয়োগ বাতিল করে চট্টগ্রামের ডিসি পদে সাইফুল ইসলামের নিয়োগ বহাল রাখা হয়েছে। ৮ নভেম্বর সিলেট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সন্দীপ কুমার সিংহকে বরগুনার ডিসি এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব লুৎফুন নাহারকে মেহেরপুরের ডিসি নিয়োগ দেওয়া হয়। তবে ১৩ নভেম্বর তাঁদের নিয়োগ ৯-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নির্বাচন

অন্তর্বর্তী সরকারপ্রধান অধ্যাপক ইউনূসের জাতির উদ্দেশে ভাষণের পর ফেব্রুয়ারিতে নির্বাচনের একটি আবহ তৈরি হয়েছে। জামায়াতে ইসলামী আর এনসিপি জুলাই সনদের ব্যাপারে একটা ফয়সালা না হলে নির্বাচনে যাবে না, এ রকম যে অবস্থার সৃষ্টি হয়েছিল, প্রধান উপদেষ্টার ভাষণের পর সে অবস্থার পরিবর্তন হয়েছে বলে মনে হচ্ছে। নির্বাচনের দিনই গণভোট হবে–এটাও মেনে নিয়েছে ভোটের আগে গণভোটের দাবিদারেরা। প্রধান উপদেষ্টার বক্তব্যে বর্তমানে আলোচনায় থাকা দলগুলোর সবার জন্যই কিছু না কিছু ছিল। ফলে রাজনৈতিক দলগুলো প্রাথমিক প্রতিক্রিয়ায় কিছুটা উষ্মা প্রকাশ করলেও দলীয় আলোচনার পর প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জ্ঞাপন করেছে দলগুলো। আশা করা যাচ্ছে, দেশ এখন নির্বাচনের মহাসড়কে উঠতে পারে।

মুশকিল হলো, যে ঐক্যের জন্য এত কিছু করা হলো, সেই ঐক্যের কি দেখা মিলছে? বিভক্ত জাতিকে এক মোহনায় মেলানোর যে অঙ্গীকার ছিল, সে অঙ্গীকার পালন করা দিন দিন কঠিন হয়ে পড়ছে। হিংসা, অবিশ্বাস, পেশিশক্তি, দুর্নীতি, চাঁদাবাজি, মুদ্রাস্ফীতি, বেকারত্বসহ চতুর্দিকে ছড়িয়ে থাকা অনিয়ম দূর করা কতটা সম্ভব, তা নিয়ে প্রশ্ন উঠছে। একটি ভালো নির্বাচন হলে ধীরে ধীরে একটা শৃঙ্খলার দিকে এগোবে দেশ–এ রকম আশা অনেকের। কিন্তু শুধু একটি নির্বাচনই সবকিছু জায়গামতো নিয়ে আসতে পারে না, যদি না ভালো কিছু করার সদিচ্ছা থাকে। নির্বাচিত দলকে ভালো কাজে বিরোধী দলের পক্ষ থেকে সহায়তা করা, বিরোধী দলের মতামতকে সরকারি দলের গুরুত্ব দেওয়া–এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ। নিজেদের ব্যর্থতাকে অন্যের ব্যর্থতা বলে চালিয়ে দেওয়ার চেষ্টা হিতে বিপরীত হবে। গত বছরের আগস্ট মাসের পর থেকে নানা ধরনের ঘটনায় মনে হয়েছে, এই অস্থিরতা সামাল দিতে না পারলে সংস্কার, নির্বাচন–কোনো কিছুই জনমনে স্বস্তি দেবে না। এদিকে নজর দেওয়া দরকার।

নতুন যুগে দেয়াললিখনের চেয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে লেখালেখির গুরুত্ব বেশি। এমনকি প্রতিষ্ঠিত প্রচারমাধ্যমের চেয়ে কোনো কোনো ক্ষেত্রে তা বড় হয়ে দেখা দিচ্ছে। ফলে, দেয়াললিখনের জায়গায় সামাজিক যোগাযোগমাধ্যমে মানুষ কী বলছে, সেদিকেও চোখ রাখা জরুরি। জরুরি রাস্তাঘাটে সাধারণ মানুষ কী বলছে, তা শোনা। এই বার্তা কানের মাধ্যমে মনে পৌঁছালেই সিদ্ধান্ত নেওয়া সহজ হবে।

সরকার পরিচালনা করবে বিজয়ী দল। কিন্তু নির্বাচিত হওয়ার পরেই সে দল দেশের সকল মানুষের প্রতিনিধি হিসেবেই দেশ পরিচালনা করবে। সুতরাং দেশের সকল মানুষের প্রত্যাশার সঙ্গে তাদের যোগ থাকতে হবে। সমুন্নত রাখতে হবে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব। আমাদের জাতির ইতিহাস কীভাবে রচিত হয়েছে, তার তথ্য-উপাত্ত লিপিবদ্ধ আছে। কালের স্রোত কীভাবে আমাদের জাতিকে স্বাধিকার আন্দোলনের সঙ্গে যুক্ত করেছিল, কোন আকাঙ্ক্ষা পূরণ করার জন্য জাতি ছিল অঙ্গীকারবদ্ধ, সে কথাগুলো নতুন করে ভাবা দরকার। জাতিরাষ্ট্র গঠনের অঙ্গীকারগুলো বাস্তবায়নের জন্য নির্বাচিত দল আন্তরিক হবে, সেটাই কাম্য। তবে সবার আগে দরকার একটি সুষ্ঠু, প্রতিনিধিত্বশীল নির্বাচন, সে কথা যেন আমরা ভুলে না যাই।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

আড়ালে সন্তর্পণে সাপলুডু খেলা

আজাদুর রহমান চন্দন



শেখ হাসিনার বিরুদ্ধে চলমান একটি মামলায় রায়ের তারিখ ঘোষণা ঘিরে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ১৩ নভেম্বর 'ঢাকা লকডাউন' কর্মসূচির ডাক দিয়েছিল। বিদেশে অবস্থানরত এক নেতা ভার্চুয়াল মাধ্যমে ওই কর্মসূচি ঘোষণা করলেও আগের দিন থেকে কোথাও কোথাও কিছু যানবাহনে আগুন দেওয়া আর ককটেলের বিস্ফোরণ ছাড়া রাজধানীতে আর কোনো তৎপরতা চোখে পড়েনি। কর্মসূচি নিয়ে বিভিন্ন দলের বিভিন্ন ধরনের বক্তব্যে জনমনে শঙ্কা তৈরি হয়। যে কারণে আগের রাত থেকে রাজধানীর সড়কে যানবাহন কমে যায়। গণপরিবহন চলেছে তুলনামূলক কম। ১৩ নভেম্বর এর সংখ্যা ছিল আরও কম। রাস্তায় যাঁরা বেরিয়েছেন, তাঁদের কোনো সিগন্যালেই থেমে থাকতে হয়নি।

'লকডাউন' কর্মসূচিতে ধানমন্ডিতে আওয়ামী লীগের কর্মী সন্দেহে এক নারীকে পিটিয়েছেন এনসিপির এক নারী কর্মী। লাঞ্ছিত নারীকে জুলাই হত্যার একটি মামলায় গ্রেপ্তার দেখিয়েছে পুলিশ। একই রকম সন্দেহে এক রিকশাচালককেও মারধর করার অভিযোগ পাওয়া গেছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বাড়াবাড়ির প্রকাশ ঘটে নবম শ্রেণির এক শিক্ষার্থীকে আটক করার ঘটনায়। গাজীপুর থেকে আসা ওই শিক্ষার্থীর অপরাধ–তার ব্যাগে ছিল মুক্তিযুদ্ধের বই এবং ধানমন্ডি ৩২ নম্বর থেকে সংগ্রহ করা একটি ইট। ব্যাপক সমালোচনার মুখে অবশ্য ওই কিশোরকে ছেড়ে দিয়েছে পুলিশ।

এমন পরিস্থিতির মধ্যে ১৩ নভেম্বর প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাতির উদ্দেশে দেওয়া ভাষণে জানিয়েছেন, আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচনের দিন একই সঙ্গে অনুষ্ঠিত হবে গণভোট। চারটি প্রস্তাবের ওপর একটি প্রশ্নে 'হ্যাঁ' অথবা 'না' ভোট দিতে হবে ভোটারদের। একই দিনে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশও জারি করা হয়েছে। অন্তর্বর্তী সরকারের পরামর্শক্রমে রাষ্ট্রপতি এই আদেশ জারি করলেন। জুলাই সনদের আলোকে গণভোটের ব্যালটে উপস্থাপন করা প্রশ্নও নির্ধারণ করেছে অন্তর্বর্তী সরকার। প্রধান উপদেষ্টার ভাষণে প্রস্তাবগুলোর উল্লেখ ছিল। একটি প্রস্তাবে উল্লেখ থাকছে, আগামী সংসদ হবে দুই কক্ষবিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্যবিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে এবং সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে।

প্রধান উপদেষ্টার ভাষণ এবং জুলাই সনদ বাস্তবায়ন আদেশ জারির ফলে মনে হতে পারে, সরকার বুঝি সাপও মারল, আবার লাঠিও ভাঙল না! কিন্তু রাজনৈতিক দলগুলোর মধ্যে চলা বাহাস থামেনি। জাতীয় নির্বাচনের দিন একই সঙ্গে গণভোট অনুষ্ঠানের ঘোষণাটি বিএনপির পক্ষে গেলেও সংসদের উচ্চকক্ষসহ কিছু বিষয়ে দলটি নাখোশ। প্রধান উপদেষ্টার ভাষণ শেষ হওয়ার পরপরই বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশে যে ভাষণ দিয়েছেন, তাতে জুলাই জাতীয় সনদ 'লঙ্ঘিত' হয়েছে। রাতে অবশ্য দলের জাতীয় স্থায়ী কমিটির সভা শেষে সংবাদ সম্মেলন করে সংসদ নির্বাচনের দিন গণভোট অনুষ্ঠানের ঘোষণা দেওয়ায় প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানানো হয়েছে। বিএনপি আগে থেকে এমনটি চেয়ে আসছিল। অন্যদিকে, জামায়াত, এনসিপিসহ কিছু দল জাতীয় নির্বাচনের আগেই গণভোট আয়োজনের দাবিতে সোচ্চার। সেই প্রত্যাশা পূরণ না হলেও সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব বা পিআর পদ্ধতিতে সংসদের উচ্চকক্ষ গঠনের বিষয়ে তাদের দাবি মেনে নেওয়া হয়েছে। আবার প্রধান উপদেষ্টার স্বাক্ষরে আদেশ জারির অবাস্তব চাওয়া পূরণ হয়নি।

গণভোট আর জাতীয় নির্বাচন একসঙ্গে করার সিদ্ধান্তের বিরোধিতা করে দ্বিমত জানিয়েছে জামায়াতসহ আটটি দল। গত বৃহস্পতিবার রাতে এক সংবাদ সম্মেলনে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, পুরো ভাষণ বিশ্লেষণ করলে জাতির স্বস্তি ও মুক্তির প্রত্যাশা পূরণ হয়েছে, এটা বলা যায় না। ওই সময় পাঁচটি দাবিতে যুগপৎ আন্দোলনে থাকা আটটি ইসলামি দলের নেতারা তাঁর সঙ্গে ছিলেন। বিএনপির সমালোচনা করে তাহের বলেন, জুলাই সনদে সই করার পরও বিএনপির পক্ষ থেকে সংস্কার ইস্যুতে নানামুখী কথা বলা শুরু হয়েছে। জুলাই সনদের বাস্তবায়ন আদেশ, গণভোটের কাঠামো এবং সংস্কারপ্রক্রিয়া সম্পর্কে পরিষ্কার ধারণা পাওয়ার আগে এনসিপি এতে সই করবে না বলে জানিয়েছেন দলটির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। গত শুক্রবার এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি বলেন, 'জুলাই সনদের বাস্তবায়ন আদেশ, গণভোট এবং সংস্কারের প্রক্রিয়া নিয়ে এখনো অস্পষ্টতা রয়ে গেছে। অন্তর্বর্তী সরকার এসব বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা দিলে আমরা জুলাই সনদে স্বাক্ষর করব।'

জুলাই সনদ বাস্তবায়ন আদেশে বলা হয়েছে, 'সংবিধান সংস্কার বিষয়ে জুলাই জাতীয় সনদে অন্তর্ভুক্ত প্রস্তাবগুলো বাস্তবায়নের জন্য সার্বভৌম ক্ষমতার অধিকারী জনগণের অনুমোদন প্রয়োজন এবং এই উদ্দেশ্যে গণভোট অনুষ্ঠান, সংবিধান সংস্কার পরিষদ গঠন ও পরিষদ কর্তৃক সংবিধান সংস্কার করার আবশ্যকতা রয়েছে।' জাতীয় ঐকমত্য কমিশনের ধারাবাহিক আলোচনায় অংশ নেওয়া একজন রাজনীতিকের প্রশ্ন, 'সংবিধান সংস্কার পরিষদ কোথা থেকে এল। এটা নিয়ে তো কোনো আলোচনাই হয়নি।' এ ছাড়া এতগুলো প্রস্তাবের বিষয়ে একটিমাত্র 'হ্যাঁ' বা 'না' ভোট দেওয়ার বিষয়ে ব্যাপক বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। মরিয়ম আক্তার নামের একজন বেসরকারি চাকরিজীবী এ প্রসঙ্গে বিবিসি বাংলাকে বলেছেন, 'আমি যদি দুটি বিষয়ে "হ্যাঁ" মনে করি, আর দুটি বিষয়ে "না", তখন আমি কী করব?'

প্রধান উপদেষ্টার ভাষণে মনে হতে পারে, রাজনীতির আকাশে সব মেঘ কেটে গেছে এবং যথাসময়ে নির্বাচন হতে যাচ্ছে। কিন্তু বাস্তবে অনেক জটিলতা এখনো রয়ে গেছে। যেসব দল প্রকাশ্যে বিএনপির বিরুদ্ধে বিষোদ্গার করছে, আড়ালে তারাই দলটির কাছে সংসদ নির্বাচনে উল্লেখযোগ্য সংখ্যায় আসন ছাড় এবং পরবর্তী সরকারের মন্ত্রিত্ব নিয়ে দর-কষাকষিতে লিপ্ত হয়েছে বলে শোনা যাচ্ছে। সবচেয়ে বড় উদ্বেগের বিষয় হলো, দৃশ্যের আড়ালে ভূ-রাজনৈতিক ক্ষেত্রে বাংলাদেশকে নিয়ে পরাশক্তিগুলোর টানাটানি। রাজনীতি, সংস্কার, নির্বাচন ইত্যাদি নিয়ে দলগুলোর বাহাস মূলত মেকি ও লোকদেখানো। সেই সঙ্গে মানুষকে মোহিত করারও প্রয়াস। আসল খেলা তো চলছে আড়ালে, সন্তর্পণে।

যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে চেষ্টা চালিয়ে আসছে তার ইন্দো-প্যাসিফিক (ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল) স্ট্র্যাটেজিতে বাংলাদেশকে টানার। ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্র সম্প্রতি প্রতিরক্ষা চুক্তির রূপরেখায় সই করায় বাংলাদেশের ওপর এর প্রভাব কী হতে পারে, তা নিয়ে আলোচনা খুবই কম। ওই রূপরেখায় সই করার দিন (৩১ অক্টোবর) 'টাইমস অব ইন্ডিয়া'র এক প্রতিবেদনে বলা হয়, চুক্তির লক্ষ্য ইন্দো-প্যাসিফিক অঞ্চলের নিরাপত্তা জোরদার করা।

এ ছাড়া এশিয়ায় ক্ষমতার ভারসাম্য পুনর্নির্ধারণেও এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ওই চুক্তির পর ভারত-পাকিস্তান উত্তেজনায় কোনোভাবে বাংলাদেশেরও জড়িয়ে পড়ার ঝুঁকি কি তাহলে বাড়েনি?

শেখ হাসিনা ও কামালের মৃত্যুদণ্ড

প্রথম পৃষ্ঠার পর

এনাম চৌধুরী।

এর আগে দুপুর সাড়ে ১২টার দিকে কার্যক্রম শুরু হয়। ৪৫৩ পৃষ্ঠার এই রায়ে ছয়টি অংশ রয়েছে।

রায়ে ট্রাইব্যুনাল বলেছেন, শেখ হাসিনাসহ তিন আসামির অপরাধ প্রমাণিত। দুটি অভিযোগে শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। একটি অভিযোগে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। অ্যাপ্রুভার (রাজসাক্ষী) হওয়ায় পুলিশের সাবেক মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল মামুনকে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

কী আদেশ দিলেন আদালত

শেখ হাসিনাসহ তিন আসামির অপরাধ প্রমাণিত হয়েছে। দুটি অভিযোগে শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। একটি অভিযোগে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ড দিয়েছেন ট্র্যাইব্যুনাল। অ্যাপ্রুভার (রাজসাক্ষী) হওয়ায় পুলিশের সাবেক মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল মামুনকে পাঁচ বছরের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়েছে।

রায়ে কী বলা হয়

রায়ে বলা হয়, আমরা ঐক্যমতের ভিত্তিতে এই মত দিচ্ছি যে, তারা জুলাই গণঅভ্যুত্থানের সময় নির্বিচারে ও নৃশংসভাবে মানুষ হত্যা করে যে ঘৃণিত অপরাধ করেছে, তাতে সর্বোচ্চ শাস্তি না দিলে ন্যায় বিচার নিশ্চিত হবে না।

কী অভিযোগ ছিল তাদের বিরুদ্ধে

শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে পাঁচটি অভিযোগ আমলে নিয়ে চার্জ গঠন করেন ট্রাইব্যুনাল। অভিযোগগুলো হলো-

প্রথম অভিযোগ: গত বছর ১৪ জুলাই গণভবনে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে শেখ হাসিনার 'উস্কানিমূলক' বক্তব্যের পর আসাদুজ্জামান খান কামাল ও চৌধুরী আবদুল্লাহ আল-মামুনসহ তৎকালীন সরকারের অন্যান্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের 'প্ররোচনা, সহায়তা ও সম্পৃক্ততায়' তাদের অধীন ও নিয়ন্ত্রণাধীন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং সশস্ত্র 'আওয়ামী সন্ত্রাসীরা' ব্যাপক মাত্রায় ও পদ্ধতিগতভাবে নিরীহ-নিরস্ত্র ছাত্র-জনতার ওপর আক্রমণ করে। এরই অংশ হিসেবে হত্যা, হত্যার চেষ্টা, নির্যাতন এবং অন্যান্য অমানবিক আচরণ করার অপরাধ করতে আসামিদের বিরুদ্ধে প্ররোচনা, উস্কানি, সহায়তা, সম্পৃক্ততার অভিযোগ প্রমাণিত হয়েছে।

দ্বিতীয় অভিযোগ: শেখ হাসিনা ছাত্র-জনতার ওপর হেলিকপ্টার, ড্রোন ও প্রাণঘাতী অস্ত্র ব্যবহারের মাধ্যমে আন্দোলনকারীদের 'হত্যা করে নির্মূলের নির্দেশ' দিয়েছেন। এ ছাড়া তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন ওই নির্দেশ বাস্তবায়নে নিয়ন্ত্রণাধীন ও অধীন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের নির্দেশ, সহায়তা, সম্পৃক্ততা এবং ষড়যন্ত্রের মাধ্যমে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে।

তৃতীয় অভিযোগ: রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সামনে গত বছরের ১৬ জুলাই আগ্নেয়াস্ত্র দিয়ে নিরীহ-নিরস্ত্র আন্দোলনকারী শিক্ষার্থী আবু সাঈদের 'বুক লক্ষ্য করে বিনা উস্কানিতে একাধিক গুলি চালিয়ে' তাঁকে নির্মমভাবে হত্যা করা হয়। আসামিরা জ্ঞাতসারে এ ধরনের অপরাধ সংঘটনের নির্দেশ, প্ররোচনা, উস্কানি, সহায়তা, সম্পৃক্ততা এবং ষড়যন্ত্রসহ অন্যান্য অমানবিক আচরণ করার মাধ্যমে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত করেছে।

চতুর্থ অভিযোগ: ঢাকার চানখাঁরপুল এলাকায় ২০২৪ সালের ৫ আগস্ট আন্দোলনরত নিরস্ত্র ছাত্র-জনতার ওপর তৎকালীন সরকারের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা শাহরিয়ার খান আনাসসহ ছয়জনকে গুলি করে হত্যা করে। এর মাধ্যমে উল্লিখিত আসামিরা তাদের হত্যার নির্দেশ, প্ররোচনা, উস্কানি, সহায়তা, সম্পৃক্ততা এবং ষড়যন্ত্রের মাধ্যমে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে।

পঞ্চম অভিযোগ: ঢাকা জেলার আশুলিয়া থানার সামনে এবং আশপাশের এলাকায় গত বছরের ৫ আগস্ট আন্দোলনরত ছয় শিক্ষার্থীকে তৎকালীন সরকারের পুলিশ সদস্যরা গুলি করে হত্যা করে। তাদের মধ্যে পাঁচজনের মৃতদেহ ও একজনকে জীবিত এবং গুরুতর আহত অবস্থায় আগুনে পুড়িয়ে দেওয়া হয়। ওই ঘটনায় হত্যা, নির্যাতন, মৃত ও জীবিত অবস্থায় আগুন দিয়ে পুড়িয়ে অমানবিক আচরণ করার অপরাধ সংঘটনের নির্দেশ, প্ররোচনা, উস্কানি, সহায়তা, সম্পৃক্ততা এবং ষড়যন্ত্রের অভিযোগ প্রমাণিত হয়েছে আসামিদের বিরুদ্ধে।

সর্বোচ্চ শাস্তির পক্ষে-বিপক্ষে যুক্তিতর্কের বিবরণ

রায়ের আগে শেখ হাসিনাসহ তিন আসামির সর্বোচ্চ শাস্তির পক্ষে-বিপক্ষের যুক্তিতর্কের বিবরণ চলে।

সম্প্রতি বিভিন্ন সাক্ষাৎকারে অভিযুক্ত শেখ হাসিনার বিভিন্ন বক্তব্যের বিবরণ দেওয়া হচ্ছে।

কোটা সংস্কার আন্দোলনের প্রেক্ষাপট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর হামলা এবং পরবর্তীতে আন্দোলনকারীদের ওপর গুলি করে হত্যার বিস্তারিত বর্ণনা দিয়েছেন ট্রাইব্যুনাল।

অডিও-ভিডিওসহ তথ্যউপাত্তের বিবরণ

এর আগে ট্রাইব্যুনালে বিভিন্ন তথ্যপ্রমাণের বিবরণ দেওয়া হচ্ছে। বিচারকাজ চলার সময় অডিও, ভিডিওসহ যেসব তথ্যউপাত্ত ট্রাইব্যুনালে উপস্থাপন করা হয়েছে, সেগুলোর বর্ণনা দেওয়া হয়। ঘটনার শিকার ও সাক্ষীরা কী বলেছে তার বর্ণনা দেওয়া হয়।

এর আগে ট্রাইব্যুনালে জুলাই গণ-অভ্যুত্থান চলাকালে বিভিন্ন ভিডিওতে পাওয়া শেখ হাসিনার মানবতাবিরোধী অপরাধের তথ্য-প্রমাণের বিবরণ দেওয়া হয়।

ঢাকার যাত্রাবাড়ী, রামপুরা, বাড্ডা, সাভার, আশুলিয়া, রংপুরসহ বিভিন্ন স্থানে যেভাবে প্রাণঘাতী গুলি ব্যবহার করে আন্দোলনকারীদের হত্যা করা হয়েছে, সেগুলোর ভিডিও ও তথ্যপ্রমাণের বিবরণ দেওয়া হচ্ছে।

শেখ হাসিনার ফোনালাপ শোনানো হয়

এর আগে আন্দোলনের সময় মানবাধিকার লঙ্ঘন নিয়ে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রকাশিত রিপোর্টের বিভিন্ন অংশ পড়ে শোনানো হয়। বেলা সোয়া একটার দিকে গণ-অভ্যুত্থান চলাকালে বিভিন্ন জনের সঙ্গে শেখ হাসিনার টেলিফোনে কথোপকথনগুলো শোনানো হয়। কিছুক্ষণ আগে শেখ হাসিনার সঙ্গে সে সময়ের তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুর ফোনালাপ শোনানো হয়।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এর এজলাস থেকে রায় ঘোষণার কার্যক্রম সরাসরি সম্প্রচার করেছে বাংলাদেশ টেলিভিশন।

গণ-অভ্যুত্থানের সময় হত্যাকাণ্ডসহ মানবতাবিরোধী অপরাধের ঘটনায় করা এটিই প্রথম মামলা, যার রায় হলো আজ।

তিন আসামির কে কোথায়

গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাশাপাশি এই মামলার অন্য দুই আসামি হলেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ও পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। তিন আসামির মধ্যে শেখ হাসিনা ও আসাদুজ্জামান পলাতক। দুজনই এখন ভারতে অবস্থান করছেন।

জুলাই বিপ্লবের শহীদেরা ন্যায়বিচার পেয়েছে, রাষ্ট্র ন্যায়বিচার পেয়েছে। রায়ের পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণে এই প্রতিক্রিয়া জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান।



শেখ হাসিনার ফাঁসির আদেশের পর টিএসসিতে উল্লাস।





হাসিনা ও কামালের সম্পত্তি বাজেয়াপ্তের নির্দেশ

বিশেষ প্রতিনিধি: মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের নামে দেশে থাকা সব সম্পত্তি বাজেয়াপ্ত করে রাষ্ট্রীয় মালিকানায় নেওয়ার নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

সোমবার বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এই নির্দেশ দেয়।



এক্সকাভেটর নিয়ে আসা ছাত্র-জনতাকে ধাওয়া দিয়ে সড়ক থেকে সরিয়ে দেয় পুলিশ।

এক্সকাভেটর নিয়ে ধানমন্ডি ৩২ নম্বরে যাওয়া বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ

দুটি এক্সকাভেটর নিয়ে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বর সড়কের শেখ মুজিবুর রহমানের বাড়ি ভাঙতে যাওয়া বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে দিয়েছে সেনাবাহিনী ও পুলিশ।

এ ঘটনাকে কেন্দ্র করে নিউমার্কেট থেকে মিরপুরমুখী সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

আজ সোমবার দুপুরের দিকে ধানমন্ডি ৩২ নম্বরের সামনের মিরপুর সড়কে দুটি এক্সকাভেটর দেখা যায়।

বিক্ষোভকারীরা ধানমন্ডি ৩২ নম্বরে এক্সকাভেটর ঢোকানোর চেষ্টা করলে বাধা দেয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। একপর্যায়ে বিক্ষোভকারীদের লাঠিপেটা করা হয়।

বিক্ষোভকারীরা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের লক্ষ করে ইটপাটকেল ছোড়ে। এ সময় পুলিশের এক সদস্যের মাথায় আঘাত লাগতে দেখা যায়।

পুলিশ সাউন্ড গ্রেনেড মেরে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গের চেষ্টা করে। একাধিক সাউন্ড গ্রেনেডের শব্দ শোনা যায়। একপর্যায়ে বিক্ষোভকারীরা ছত্রভঙ্গ হয়ে যায়।

বেলা পৌনে ২টার দিকে দুই ভাগে ভাগ হয়ে বিক্ষোভকারীরা আবার জড়ো হওয়ার চেষ্টা করেন। তাঁদের মিরপুর রোডের ৩২ নম্বর অংশ জড়ো হওয়ার চেষ্টা করতে দেখা যায়। পরে তাঁদের আবার ছত্রভঙ্গ করে দেয় সেনাবাহিনী ও পুলিশ।

এর আগে একদল বিক্ষোভকারী ধানমন্ডি ৩২ নম্বরে জড়ো হন। তাঁরা সেখানে বিক্ষোভ শুরু করেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে শতাধিক সেনাসদস্য আসেন। ঘটনাস্থলে বিপুলসংখ্যক পুলিশ সদস্যও আসেন।

এ বিষয়ে তখন জানতে চাইলে ডিএমপির ধানমন্ডি অঞ্চলের অতিরিক্ত উপকমিশনার জিসানুল হক বলেন, 'আমরা কোনোমতে কাউকে আইন হাতে তুলে নিতে দেব না।'





কোন্দল সামলাতে হিমশিম বিএনপির

২-এর পৃষ্ঠায় পর এমপি ও মন্ত্রী লুৎফর রহমান খান আজাদ এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মাইনুল ইসলামের অনুসারীরা প্রতিদিনই কর্মসূচি পালন করছেন। চট্টগ্রাম-১২ আসনে ৫ আগস্টের পর এস আলম গ্রুপের গাড়িকান্ডে দল থেকে বহিষ্কৃত ও বিতর্কিত নেতা এনামুল হককে মনোনয়ন দেওয়ায় ক্ষোভ প্রকাশ করছেন স্থানীয় নেতাকর্মীরা। গাইবান্ধা-৪ আসনে মনোনয়ন দেওয়া হয়েছে ওয়ান-ইলেভেনের সংস্কারপন্থি নেতা ও সাবেক এমপি মোহাম্মদ শামীম কায়সার লিঙ্কনকে।

নরসিংদী-৪ আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থী হিসেবে ওয়ান-ইলেভেনে সংস্কারপন্থি সরদার সাখাওয়াত হোসেন বকুলের নাম ঘোষণা করেছে বিএনপি। 'নষ্ট মায়ের নষ্ট ছেলে' খালেদা জিয়া ও তারেক রহমানকে নিয়ে এমন আপত্তিকর মন্তব্য করা এই নেতা আওয়ামী লীগের প্রয়াত শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের মামাতো ফুপাতো ভাই তিনি। ফলে বিগত দিনে তার বিরুদ্ধে কোনো মামলা-হামলা এমনকি কারাগারেও যেতে হয়নি। তার একমাত্র মেয়ের শ্বশুর আওয়ামী লীগের চিফ হুইপ ও পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য আ.স.ম. ফিরোজ। অন্যদিকে, তার বড় বোনের ছেলে ফখরুল মান্নান মুক্ত চালাকচর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। এ ছাড়া, বড় ভাই মোয়াজ্জেম হোসেন বুলবুল ২০২৪ সালের জাতীয় নির্বাচনে প্রকাশ্যে আওয়ামী লীগের প্রার্থীর পক্ষে কাজ করেছেন।

স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘ ১৭ বছর ধরে বকুল মনোহরদী ও বেলাব উপজেলার বিভিন্ন স্থানে অবৈধভাবে নদী থেকে বালু ও মাটি উত্তোলনের মাধ্যমে কোটি কোটি টাকার ব্যবসা চালিয়েছেন গোপনে। এখানে ছাত্রদলের সাবেক কেন্দ্রীয় সভাপতি ও স্বেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক আব্দুল কাদির ভূঁইয়া জুয়েল বছরের পর বছর কাজ করছেন, সংগঠনকে শক্তিশালী করেছেন। মামলা-হামলায় জর্জরিত এই নেতাকে মনোনয়ন না দেওয়ায় নেতাকর্মীরা হতাশ।

নোয়াখালী-৫ (কবিরহাট-কোম্পানীগঞ্জ) আসনে ধানের শীষের প্রার্থী মোহাম্মদ ফখরুল ইসলামের মনোনয়ন বাতিলের দাবিতে রাজধানীর নয়াপল্টনে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন সেখানকার নেতাকর্মী ও সমর্থকরা। গতকাল শুক্রবার বেলা ১১টা থেকে এক ঘণ্টাব্যাপী মানববন্ধনে এই মনোনয়ন এলাকাবাসীর কাছে সম্পূর্ণ অগ্রহণযোগ্য বলে দাবি করেন জাতীয়তাবাদী ঢাকা ফোরামের সভাপতি ইব্রাহিম খলিল সাহেদ, যুগ্ম আহ্বায়ক নজরুল ইসলাম বাদল, সাবেক উপজেলা বিএনপি সদস্য নাজিমুদ্দিন প্রমুখ নেতারা। তারা বলেন, এমন বিতর্কিত মনোনয়ন দিয়ে নোয়াখালীর রাজনীতি আরও জটিল করা হচ্ছে।

মানববন্ধন শেষে বিএনপির নয়াপল্টন কার্যালয় থেকে একটি মিছিল বের করেন বিক্ষোভকারীরা। মিছিলটি নাইটিঙ্গেল মোড় ঘুরে পুনরায় দলীয় কার্যালয়ের সামনে এসে শান্তিপূর্ণভাবে শেষ হয়।

নওগাঁ-৪ (মান্দা) আসনে বিএনপি মনোনীত প্রার্থী ইকরামুল বারীর (টিপু) মনোনয়ন বাতিলের দাবিতে মান্দায় মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন মনোনয়নবঞ্চিত এম এ মতিনের অনুসারী নেতাকর্মীরা। গত মঙ্গলবার বিকেলে উপজেলার ফেরিঘাট এলাকায় নওগাঁ-রাজশাহী মহাসড়ক অবরোধ করে এ বিক্ষোভ করা হয়। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, বিকেল পাঁচটার দিকে উপজেলার ফেরিঘাট এলাকায় মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি পালন করেন এম এ মতিনের অনুসারীরা। বিক্ষোভে শতাধিক নেতাকর্মী অংশ নেন। এতে প্রায় এক ঘণ্টা মহাসড়কে যান চলাচল বন্ধ থাকে। বিক্ষোভকারীদের অভিযোগ, তৃণমূলের মতামত উপেক্ষা করে মান্দায় ইকরামুল বারীকে মনোনয়ন দেওয়া হয়েছে।

এদিকে টাঙ্গাইল-৫ আসনে কোনো প্রার্থী ঘোষণা করেনি বিএনপি। এই আসনে কোনো জোটের সম্ভাব্য প্রার্থীও নেই। তারপরও কেন এই আসনে প্রার্থী ঘোষণা করা হয়নি তা নিয়ে ক্ষুব্ধ নেতাকর্মীরা। তারা বলছেন, এই আসনে হেভিওয়েট আর জনপ্রিয় নেতা হিসেবে দলের কেন্দ্রীয় প্রচার সম্পাদক সুলতান সালাহউদ্দিন টুকু দীর্ঘদিন ধরে কাজ করছেন, দলকে সংগঠিত করছেন, সাধারণ মানুষের কাছে দলকে নিয়ে গেছেন। কিন্তু তাকে মনোনয়ন না দিয়ে আসন ফাঁকা রাখায় যেমন ক্ষোভের সৃষ্টি হয়েছে তেমনি হতাশাও কাজ করছে তাদের মধ্যে।

সদর থানা বিএনপি নেতা আশরাফুল ইসলাম বলেন, তাদের প্রতিপক্ষ জামায়াত যেখানে এক বছর আগে তাদের প্রার্থী ঘোষণা করে নির্বাচনী মাঠ চষে বেড়াচ্ছে, সেখানে টাঙ্গাইল সদরের মতো গুরুত্বপূর্ণ আসনটি ফাঁকা রেখেছে বিএনপি। এতে নির্বাচনের প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছেন তারা। একইভাবে ঝিনাইদহ-৪ আসনে ২০১৮ সালে নির্বাচন করেছিলেন সাইফুল ইসলাম ফিরোজ। এলাকায় এবারের নির্বাচনের জন্য সব প্রস্তুতিও সম্পন্ন করেছেন। কিন্তু অজ্ঞাত কারণে এই আসনের প্রার্থীও ফাঁকা রাখা হয়েছে। কেন এটা করা হয়েছে তা নিয়ে হতাশ তৃণমূলের নেতাকর্মীরা।

অন্যদিকে নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া) আসনে বিএনপির প্রয়াত নেতা ফজলুর রহমান পটলের ছোট মেয়ে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট ফারজানা শারমিন পুতুলকে মনোনয়ন দিয়েছে দল। কিন্তু তার আপন বড় ভাই ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য, ঢাকা মেডিকেল কলেজের সাবেক ভিপি ডা. ইয়াসির আরশাদ রাজন তার বোনের প্রার্থিতা বাতিলের দাবিতে আন্দোলন করছেন। এই আসনে বিএনপির কেন্দ্রীয় সহ-দপ্তর সম্পাদক তাইফুল ইসলাম টিপু বিগত বছরগুলোয় দলের সাংগঠনিক তৎপরতা কিংবা নেতাকর্মীদের সংগঠিত করতে কাজ করেছেন। ফলে ত্রিধারায় বিভক্ত এই আসনের নেতাকর্মীরা।

মুন্সীগঞ্জ-১ আসনে মনোনয়ন পেয়েছেন শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। 'আমি তারেক রহমানকে টাকা দেই, তাই কারও কাছে যাওয়ার সময় নেই' এলাকায় এমন কথা তিনি প্রকাশ্যেই বলতেন। সেই তিনি মনোনয়ন পাওয়ায় ওই এলাকায় ক্ষোভ বিরাজ করছে। ফ্যাসিস্ট আওয়ামী সরকারের সময় দিব্যি ব্যবসা করে শেখ হাসিনার কাছ থেকে একাধিকবার পুরস্কার গ্রহণ এই নেতার বিরুদ্ধে দুদকে মানিলন্ডারিংয়ের মামলাও রয়েছে। তার আপন ছোট ভাই স্থানীয় উপজেলার আওয়ামী লীগের নেতা। তার বাড়ির আঙিনায় ৫ আগস্টের আগে প্রায় প্রতিদিনই প্রথমে আওয়ামী লীগ ও পরে বিএনপির অনুষ্ঠান হতো। এই এলাকায় কেন্দ্রীয় কমিটির স্বেচ্ছাসেবকবিষয়ক সম্পাদক সরাফত আলী সপু ও শ্রীনগর উপজেলার সাবেক চেয়ারম্যান মমিন আলী মনোনয়নপ্রত্যাশী। মনোনয়ন ঘোষণার পরও প্রচার চালাচ্ছেন এই দুই নেতা। সিরাজদিখান ও শ্রীনগর এই দুই উপজেলা তৃণমূলের নেতাকর্মীরা প্রকাশ্যে শেখ আব্দুল্লাহর বিরোধিতা করে মিছিল মিটিং করছেন এবং তিনি ছাড়া অন্য যে কাউকে প্রার্থী করার দাবি জানিয়েছে। না হলে ঢাকা-মাওয়া মহাসড়ক অচল করে দেওয়ায় হুঁশিয়ারি দিয়েছে।

এমন আরও বেশ কয়েকটি আসনে মনোনয়ন নিয়ে দ্বন্দ্ব থাকলেও তা সংঘাত-সংঘর্ষে রূপ নেয়নি। তবে কোন্দলও মেটেনি। যার যার অনুসারী নিয়ে আলাদা কর্মসূচি পালন করছেন তারা। এসব বিষয়ে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, 'বিএনপি সবচেয়ে বড় রাজনৈতিক দল। এখানে অনেক মনোনয়নপ্রত্যাশী। সবাইকে তো আর মনোনয়ন দেওয়া সম্ভব না। যারা মনোনয়ন পাননি তাদেরকে দল অন্যভাবে মূল্যায়ন করবে।'

সূত্র: দেশ রূপান্তর

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার সাথে এডিনবর্গ অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.


Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্টিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

ইডেন গার্ডেন্সে ৩ দিনে কুপোকাত ভারত

ক্রীড়া ডেস্ক: চিরচেনা ইডেন গার্ডেন্সের স্পিন পিচে দক্ষিণ আফ্রিকার কাছে ৩০ রানে হেরেছে ভারত। মাত্র ১২৪ রানের লক্ষ্য টপকাতে পারেনি স্বাগতিকরা। তৃতীয় দিনে ১২ উইকেটের পতন হয়েছে। দ্বিতীয় ইনিংসে ৯৩ রানে গুটিয়ে গিয়ে পরাজিত হয়েছে ভারত। ফলে সিরিজে ১-০ তে এগিয়ে গেছে প্রোটিয়ারা।

প্রোটিয়া স্পিনার সাইমন হার্মারের স্পিন বিষে আক্রান্ত হয়ে ৩৫ ওভারে অলআউট হয়ে গেছে স্বাগতিকরা। দ্বিতীয় ইনিংসে দক্ষিণ আফ্রিকা ১৫৩ রানে অলআউট হওয়ার পর ভারতের দ্বিতীয় ইনিংসের শুরুটাও ছিল করুণ। চতুর্থ বলে রানের খাতা না খুলেই সাজঘরে ফেরেন যশস্বী জয়সওয়াল। দলীয় ১ রান লোকেশ রাহুলও আউট হয়ে যান। দুজনকেই বিদায় করেন মার্কো জানসেন।

জানসেনের দেখানো পথে হেঁটে ভারতের ব্যাটিংয়ের কোমর ভেঙে দেন সাইমন হার্মার। ধ্রুব জুড়েল (১৩), রিশাভ পান্ত (২), রবীন্দ্র জাদেজা (১৮) ও কুলদীপ যাদবকে (১) ফেরান তিনি। মাঝে ওয়াশিংটন সুন্দরকে (৩১) ফেরান এইডেন মার্করাম। তিনিই সর্বোচ্চ রান করেন ভারতের হয়ে।

অক্ষর প্যাটেল (২৬) ও মোহাম্মদ সিরাজকে (০) পরপর দুই বলে ফিরিয়ে দলের জয় নিশ্চিত করেন কেশব মহারাজ। ঘাড়ের চোটে দ্বিতীয় ইনিংসে ব্যাটিং করতে নামেননি অধিনায়ক শুভমান গিল। যা কাল হয়ে দাঁড়ালো ভারতের জন্য।

সাইমন হার্মার এই ইনিংসে সর্বোচ্চ ৪ উইকেট পেয়েছেন। জোড়া উইকেট পেয়েছেন মার্কো জানসেন ও কেশব মহারাজ। একটি উইকেট এইডেন মার্করামের ঝুলিতে।

ভারতের বিপক্ষে জয় ছাড়া কিছু ভাবছে না বাংলাদেশ

ক্রীড়া ডেস্ক: ঢাকায় ম্যাচটি শুরু হবে মঙ্গলবার বাংলাদেশ সময় রাত ৮টায়। আগের দিন ম্যাচ পূর্ববর্তী সংবাদ সম্মেলনে নিজেদের লক্ষ্যের কথা জানান জামাল।

ভারতের বিপক্ষে ম্যাচ মানেই বাড়তি উত্তেজনা, আর সেটা যদি হয় ঘরের মাঠে তাহলে উত্তেজনার পারদ কোথায় গিয়ে ঠেকবে তা সহজেই অনুমেয়। ঢাকা জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠেয় এশিয়ান কাপ বাছাইয়ের গ্রুপ পর্বের শেষ ম্যাচকে ঘিরে উত্তেজনা রয়েছে পুরো বাংলাদেশ শিবিরে।

তেমনটাই স্বীকার করেছেন লাল-সবুজের অধিনায়ক, 'অবশ্যই ভারতের বিপক্ষে ম্যাচ সবসময়ই উত্তেজনাকর। সবাই ম্যাচটিকে নিয়ে দারুন উজ্জীবিত। বছরের শেষ ম্যাচ, তাও আবার ভারতের বিপক্ষে। স্বাভাবিকভাবেই আমরা মাঠে নামার জন্য মুখিয়ে আছি।'

২০১৩ সাল থেকে বাংলাদেশের জার্সিতে খেলা জামাল ভূঁইয়া ইতোমধ্যেই ভারতের বিপক্ষে বাংলাদেশের ম্যাচকে ঘিড়ে বাড়তি আবেগ, অনুভূতির বিষয়টি বুঝতে পেরেছেন। দলের সকলের মধ্যেই এই একই অনুভূতি বিরাজ করছে। দীর্ঘদিন জাতীয় দল কোন জয় পায়নি। ইংলিশ ফুটবলার হামজা চৌধুরীর সাথে আরো বেশ কয়েকজন প্রবাসী ফুটবলার যোগ দেয়ায় স্বাভাবিক ভাবেই বদলে যাওয়া বাংলাদেশ নিয়ে সমর্থকদের মধ্যেও দেখা দিয়েছে দারুন উত্তেজনা। ভারতের বিপক্ষে ম্যাচের টিকেট অনলাইনে ছাড়ার মাত্র কয়েক মিনিটের মধ্যে সোল্ড-আউট হয়ে যাবার তথ্য নিশ্চিত করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

জামাল বলেন, 'এটা অনেক ইমোশনালর



ম্যাচ। এরপর দীর্ঘদিন জাতীয় দলের কোন ম্যাচ নেই। সে কারনেই ম্যাচটি সমর্থকদের জন্য, আপনাদের সবার জন্য জিততে চাই। অবশ্যই এজন্য আবেগকে সামাল দিয়ে খেলতে হবে। চাপতো থাকবেই, অধিনায়ক হিসেবে সেই চাপ সামলানোর দায়িত্ব আমাকে নিতে হবে। একাদশে খেলতে পারবো কিনা সেটা কোচ, দলীয় ব্যবস্থাপনার উপর নির্ভর করছে। কিন্তু সুযোগ পেলে নিজেকে মেলে ধরতে চাই।'

ভারত-বাংলাদেশ লড়াই মানেই খেলোয়াড়দের মধ্যে বাড়তি একটি চাপ। জামাল সেটা মেনে নিয়েই বলেছেন, 'কালকের ম্যাচে অনেক ফ্রি-কিক হবে, হলুদ কার্ড হবে। তবে আমি এটিকে একটি স্বাভাবিক ম্যাচ হিসেবেই দেখবো। আমাদের মস্তিষ্ক ব্যবহার করে খেলতে হবে।'

জামালের চোখে এটাই বাংলাদেশের সবচেয়ে শক্তিশালী ক্ষোয়াড। তাই এবার ভারতকে হারানোর সুযোগও দেখছেন তিনি, 'আমরা যে অবস্থায় আছি এটাই বাংলাদেশের সবচেয়ে শক্তিশালী ক্ষোয়াড। তার উপর একটি কথা বলতে চাই, ভারত এই মুহূর্তে সেরা অবস্থায় নেই। তাই অবশ্যই আমাদের একটা বড় সুযোগ আছে।'

ভারত যদি আক্রমনাত্মক ফুটবল খেলে তবে বাংলাদেশও সেভাবেই কৌশল সাজাবে। যদিও বাংলাদেশের রক্ষনভাগের দূর্বলতা স্বীকার করে জামাল বলেছেন, 'ডিফেন্সে অবশ্যই আমাদের সমস্যা আছে। তবে ভারত যদি অনেক উপরে উঠে খেলে, তাহলে আমরা সামনে অনেক স্পেস পাবো। আক্রমণে যারা খেলবে ওরা অনেক গতিময় খেলোয়াড়। রাকিব সম্ভবত দক্ষিণ এশিয়ার সবচেয়ে দ্রুতগতির স্ট্রাইকার। তাকে যদি ঠিকমতো ব্যবহার করতে পারি,তাহলে ভারতের রক্ষনভাগে যেই থাকুকনা কেন রাকিব তছনছ করে দিতে পারে।'

শ্রীলঙ্কাকে ধবলধোলাই করলো পাকিস্তান

ক্রীড়া ডেস্ক: সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচে সহজেই শ্রীলঙ্কাকে হারিয়েছে পাকিস্তান। বোলারদের নৈপুণ্যের পর ২১১ রানের লক্ষ্য ৬ উইকেট হাতে রেখে টপকে গেছে স্বাগতিকরা। ফলে হোয়াটওয়াশ হতে হয়েছে শ্রীলঙ্কাকে। শাহিন শাহ আফ্রিদির নেতৃত্বে টানা দুই সিরিজেই জয়ের স্বাদ পেল পাকিস্তান।

রোববার (১৬ নভেম্বর) টসে জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় পাকিস্তান। সেই সিদ্ধান্ত সঠিক প্রমাণ করেন বোলাররা। তাতে ২১১ রানের বেশি করতে পারেনি শ্রীলঙ্কা।

পাকিস্তানের চার পেসার তুল নেন ৯ উইকেট। ৪৫.২ ওভারেই হতে হয় অলআউট। সর্বোচ্চ ৩ উইকেট পেয়েছেন মোহাম্মদ ওয়াসিম। দুটি করে উইকেট পেয়েছেন হারিস রউফ ও ফয়সাল আকরাম।

জবাবে দলীয় ৮ রানে ওপেনার হাসিবুল্লাহ খানের উইকেট হারায় স্বাগতিকরা। ওপেনার ফখর জামান ও গত ম্যাচের সেঞ্চুরিয়ান বাবর আজম মিলে গড়েন ৭৮ রানের জুটি। প্রথমে ৫৫ রান করা ফখর ফিরলে ভাঙে জুটি। ৮২ রানে এই উইকেটটি তুলে নেন তিনি। দ্রুত ফিরে যান বাবর আজমও।

মোহাম্মদ রিজওয়ান অর্ধশতক আদায় করার পাশাপাশি হোসেন তালাতের সঙ্গে গড়েন ১০০ রানের জুটি। ফলে ৬ উইকেটের জয় নিয়ে মাঠ ছাড়ে স্বাগতিকরা। রিজওয়ান ৬১ ও তালাত অপরাজিত ছিলেন ৪২ রানে।

আগামীকাল রাওয়ালপিন্ডিতেই ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ মাঠে গড়াবে। শ্রীলঙ্কাও আছে সেই সিরিজে। তবে প্রথমদিন পাকিস্তান মাঠে নামবে জিম্বাবুয়ের বিপক্ষে। খেলা শুরু বাংলাদেশ সময় রাত ৮টায়।

কর্মীদের সাথে সংহতি; স্টারবাকস বয়কট করলেন জোহরান মামদানিও

প্রথম পৃষ্ঠার পর

বিভিন্ন শহরে স্টারবাকস বারিস্তারা অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু করলে মামদানি সামাজিক যোগাযোগমাধ্যমে লেখেন, ধর্মঘট চলাকালে তিনি স্টারবাকস থেকে কোনো কফি কিনবেন না এবং সবাইকে একই কাজ করার অনুরোধ করেন।

মামদানি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সের এক পোস্টে লেখেন, 'স্টারবাকস কর্মীরা সারা দেশে অন্যায় শ্রমচর্চার বিরুদ্ধে ন্যায্য চুক্তির দাবিতে ধর্মঘট করছে। শ্রমিকেরা যখন ধর্মঘটে, আমিও স্টারবাকস কিনব না। আপনাদেরও আমাদের সঙ্গে যুক্ত হতে বলছি। চুক্তি না হলে স্টারবাকসের কফি নয়।'

গণমাধ্যমে প্রতিবেদনে বলা হয়েছে, স্টারবাকস ওয়ার্কার্স ইউনাইটেড নামের একটি সংগঠনের ব্যানারে বারিস্তারা ধর্মঘটে নেমেছেন। শ্রমিক সংগঠনটি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে জানিয়েছে, এই দেশের বিভিন্ন শহরের বারিস্তারা অন্যায় শ্রমচর্চাবিরোধী ধর্মঘট শুরু করেছেন। এটি স্টারবাকসের ইতিহাসে সবচেয়ে বড় এবং দীর্ঘতম ধর্মঘটে পরিণত হতে পারে।

সংগঠনটি এক্সে লিখেছে, 'আজ থেকে স্টারবাকসের কর্মীরা আনুষ্ঠানিকভাবে ধর্মঘট শুরু করেছে। এটি স্টারবাকসের ইতিহাসে সবচেয়ে বড় এবং দীর্ঘতম অন্যায় শ্রমচর্চাবিরোধী ধর্মঘট হতে পারে। চুক্তি না হলে কফি নয়; এই আন্দোলনে আমাদের সঙ্গে যুক্ত হন। ধর্মঘট চলাকালে স্টারবাকস কিনবেন না।'

স্টারবাকসের কর্মীরা জানিয়েছেন, দাবি পূরণ না হওয়া পর্যন্ত তারা কর্মবিরতি অব্যাহত রাখবেন। এই আন্দোলনের নাম দেওয়া হয়েছে 'রেড কাপ রেবেলিয়ন'।

এদিকে, ধর্মঘটটি স্টারবাকসের বার্ষিক 'রেড কাপ ডে'-এর দিনেই শুরু হয়েছে। এই দিনে প্রতিষ্ঠানটি গ্রাহকদের বিনা মূল্যে পুনর্ব্যবহারযোগ্য ছুটির থিমের কাপ দেয়। সাধারণত এদিন স্টোরগুলোতে লম্বা লাইন পড়ে এবং এটি কোম্পানির অন্যতম ব্যস্ততম দিন হিসেবে বিবেচিত হয়।

স্টারবাকস ওয়ার্কার্স ইউনাইটেড দাবি করেছে, স্টারবাকস সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের যেকোনো বড় কোম্পানির তুলনায় বেশি শ্রম আইন ভেঙেছে। তারা উল্লেখ করেছে, ন্যাশনাল লেবার রিলেশনস বোর্ডের প্রশাসনিক আইন বিচারকেরা স্টারবাকসের বিরুদ্ধে ৪০০-এর বেশি শ্রম আইন লঙ্ঘনসংক্রান্ত অভিযোগ পেয়েছেন।

ধর্মঘটে যুক্তরাষ্ট্রের ২৫টিরও বেশি শহর থেকে স্টারবাকস কর্মীরা যোগ দিয়েছেন। এর মধ্যে রয়েছে, নিউইয়র্ক, ভালাস, সিয়াটল, ওহাইও, মিনিয়াপোলিস এবং ফিলাডেলফিয়াসহ অন্যান্য বড় শহর।

স্টারবাকসের বারিস্তাদের এই আন্দোলনে মামদানির সংহতি নতুন মাত্রা যোগ করেছে। তিনি ইতিমধ্যে নিউইয়র্কে বিনা মূল্যে বাসযাত্রা ও ফ্রি চাইল্ড কেয়ারের মতো কিছু সেবার প্রতিশ্রুতি দিয়েছেন। তাই অনেকে মনে করছেন, রাজনৈতিকভাবে মামদানির ক্রমবর্ধমান প্রভাব বারিস্তাদের দাবি আদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মামদানির প্রশাসনে চাকরির জন্য ৫০ হাজার আবেদন

শেষ পৃষ্ঠায় পর

বলেছেন, 'আবেদনকারীর বিশাল সংখ্যা এই আন্দোলনের মধ্যকার উদ্দীপনাকেই তুলে ধরে। এটি এমন একটি আন্দোলন যা মানুষকে বিশ্বাস করিয়েছে যে সরকার কর্মজীবী মানুষের স্বার্থকে অগ্রাধিকার দিতে পারে। এটি নিউইয়র্কের মানুষের গড়ে তোলা একটি আন্দোলন। আমাদের প্রশাসন তার প্রতিফলন দেখাবে।'

মামদানির ট্রানজিশন দল জানিয়েছে, তাদের চাকরির পোর্টালে এখনো আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। মামদানি 'সব ধরনের অভিজ্ঞতা'র মানুষকে আবেদন করতে আহ্বান জানিয়েছেন। অভিজ্ঞ নীতিবিশেষজ্ঞদের পাশাপাশি যাঁরা একেবারে নতুন কর্মজীবন শুরু করতে যাচ্ছেন, তাঁদেরও খুঁজছেন মামদানি।

ট্রানজিশন দল জানিয়েছে, তাঁরা বিশেষভাবে কমিউনিটি সংগঠক, নীতিবিশেষজ্ঞ, সরকারি অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি, কর্মজীবী নিউইয়র্কবাসী, এমনকি দেশের বিভিন্ন স্থান থেকে যোগ দিতে ইচ্ছুক এমন মানুষকে খুঁজছেন যারা শুরু থেকেই দ্রুত কাজ শুরু করতে পারবেন।

জোহরান মামদানি নিউইয়র্ক সিটির প্রথম মুসলিম ও দক্ষিণ এশীয় বংশোদ্ভূত মেয়র হিসেবে আনুষ্ঠানিক দায়িত্ব গ্রহণ করবেন ২০২৬ সালের জানুয়ারি মাসে। ৪ নভেম্বর নিউইয়র্কে অনুষ্ঠিত যে নির্বাচনে তিনি জিতেছেন, তা বিশ্বব্যাপী নজর কেড়েছে। একজন ডেমোক্র্যাটিক সোশ্যালিস্ট হিসেবে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় সিটিকে আরও কম ব্যয়বহুল করে তোলার। মামদানির ট্রানজিশন এক্সিকিউটিভ ডিরেক্টর এলানা লিওপোল্ড এক বিবৃতিতে বলেছেন, ৫০ হাজার আবেদনকারী প্রমাণ করছেন যে তাঁরা সরকারে সব স্তরে এই কাজটি এগিয়ে নিতে প্রস্তুত। এই আবেদনকারীরাই এই আন্দোলন ও আসন্ন প্রশাসনকে আরও শক্তিশালী করে তুলছেন।

মামদানির প্রশাসন কবে থেকে নতুন পদে নিয়োগ শুরু করবে, তা এখনো পরিষ্কার নয়। আগামী বছরের ১ জানুয়ারি দায়িত্ব গ্রহণ করবেন মামদানি।

মামদানির দলে কাজ করতে আগ্রহীদের ব্যাপারে এই খবর এসেছে এমন সময়ে যখন মামদানির ট্রানজিশন কমিটি জানিয়েছে যে তারা ৩০ ঘণ্টার কম সময়ে ৭ হাজারের বেশি দাতার কাছ থেকে ইতিমধ্যেই পাঁচ লাখ ডলারের বেশি তহবিল সংগ্রহ করেছে।

ফুডস্ট্যাম্প গ্রহণকারীদের করতে হবে পুনরায় আবেদন

প্রথম পৃষ্ঠার পর

সুবিধাভোগীদের। কারণ জালিয়াতি বন্ধে স্ন্যাপ প্রোগ্রামে পুনরায় যাচাই করতে চায় ফেডারেল সরকার।

তার দাবি রিপাবলিকান অধ্যুষিত ২৯টি স্টেটে ১ লাখ ৮৬ হাজার মৃত ব্যক্তির নামে এখনো স্ন্যাপ সুবিধা নেয়া হচ্ছে, এমন জালিয়াতি ধরা পড়েছে। আর ডেমোক্র্যাট অধ্যুষিত স্টেটগুলোতে যাচাই করা হলে আরো বেশি ধরা পড়বে এরকম জালিয়াতি।

যদিও বর্তমানে প্রতি ছয় মাস পর পর পুনরায় যাচাই বাছাই করা হয়। তাই সবাইকে আবার আবেদন করানোর পরিকল্পনা কীভাবে আলাদা সেটি এখনো স্পষ্ট করেননি ব্রুক রোলিন্স।

রোলিন্স জানান, "২৯টি রিপাবলিকান নেতৃত্বাধীন অঙ্গরাজ্য থেকে পাওয়া তথ্য বিশ্লেষণে দেখা গেছে এক লাখ ছিয়াশি হাজার মৃত ব্যক্তি এখনও স্ন্যাপ সুবিধাভোগীর তালিকায় রয়েছেন। এটাই যদি লাল অঙ্গরাজ্যগুলোর অবস্থা হয়, নীল অঙ্গরাজ্যগুলো থেকে তথ্য এলে কী বেরোবে?"

এই তথ্যকে ভিত্তি করে তিনি বলছেন সবাইকে পুনরায় আবেদন করানো জরুরি, যাতে করদাতার অর্থ শুধু প্রকৃতভাবে দুর্বল ও বিপন্ন মানুষদের কাছেই যায়।

পলিটিকো জানায়, ইতোমধ্যেই প্রতিটি স্টেটের সুবিধাভোগীদের প্রতি ছয় থেকে বারো মাস অন্তর আয়, ঠিকানা, কাজের অবস্থা সহ ব্যক্তিগত তথ্য হালনাগাদ করতে হয়। ইউএসডিএ মুখপাত্র বলেছেন, বর্তমান নিয়মের ওপর আরও কঠোর নজরদারি যোগ করাই সরকারের লক্ষ্য, যাতে "জালিয়াতি, অপচয় ও অপব্যবহার" বন্ধ করা যায়।

কিন্তু ক্ষুধা নিবারণ সংগঠনগুলোর দাবি, জালিয়াতির হার অত্যন্ত কম, আর গড়ে একজন অংশগ্রহণকারী দিনে মাত্র ছয় ডলার সহায়তা পান, যা জীবনযাপনের জন্য ন্যূনতম।

সাম্প্রতিক সরকার বন্ধের কারণে খাদ্য সহায়তার তহবিল শেষ হয়ে গেলে রক্ষণশীল মহলে এ কর্মসূচির ব্যয় নিয়ে তীব্র সমালোচনা শুরু হয়। ২০২৪ অর্থবছরে স্ন্যাপে-ই খরচ হয়েছে প্রায় ১০০ বিলিয়ন ডলার, যা নিয়ে প্রেসিডেন্ট ট্রাম্পও প্রশ্ন তুলেছেন। ফক্স নিউজে তিনি বলেন, "স্ন্যাপ তাদের জন্য যারা সত্যিই কঠিন অবস্থায় আছে। কিন্তু অনেকেই কাজ ছেড়ে সুবিধা নেওয়ার পথ বেছে নিচ্ছে এটাই সমস্যা।"

এদিকে জুলাইয়ে পাশ হওয়া 'ওয়ান বিগ বিউটিফুল বিল' এ স্ন্যাপ থেকে ১৮৬ বিলিয়ন ডলার কমানো হয়েছে যা কর্মসূচির ইতিহাসে সবচেয়ে বড় কাটছাঁট। নতুন আইনে কঠোর কর্ম শর্তসহ আরও সীমাবদ্ধতা যোগ হয়েছে।

রোলিন্সের দাবি, নতুন প্রক্রিয়া শুরু হলে যোগ্য মানুষদের সুবিধা পাওয়া নিশ্চিত হবে। তবে বিশেষজ্ঞদের আশঙ্কা পুনরায় আবেদন প্রক্রিয়া জটিল হওয়ায় বহু পরিবার নথি, সময়সীমা বা যাচাই-বাছাইয়ের ঝামেলায় সুবিধা হারানোর ঝুঁকিতে পড়বে।

প্রভাবশালী রাজনীতিক থেকে স্বৈরশাসক; অত:পর

প্রথম পাতার পর

জন্য সংগ্রাম করলেও পরের দীর্ঘ শাসনকাল গণতন্ত্র হরণের জন্য নিন্দিত হয়েছে। বিরোধী নেতাদের গ্রেপ্তার, বাকস্বাধীনতা সংকোচন ও ভিন্নমত দমনের একের পর অভিযোগে তার সেই সংগ্রাম চাপা পড়ে গেছে।

ছাত্র আন্দোলনের মুখে গতবছর আগস্টে পদত্যাগ করে দেশে ভারতে পালিয়ে যাওয়ার ১৫ মাস পর আন্দোলনে নিরাপত্তা বাহিনীকে প্রাণঘাতী বলপ্রয়োগের নির্দেশ দেওয়ার অভিযোগে দোষী সাব্যস্ত করল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। হত্যার দায়ে তাঁকে মৃত্যুদণ্ডও দিল।

গণতন্ত্রের জন্য প্রতিদ্বন্দ্বীদের সঙ্গে এক কাতারে লড়েছিলেন

ক্ষমতায় চরম সমালোচিত হলেও ১৭ কোটি মানুষের মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশটির অর্থনীতি ঘুরে দাঁড়ানো এবং তৈরি পোশাকশিল্পের ব্যাপক সম্প্রসারণের জন্য কৃতিত্ব পেয়ে আসছিলেন হাসিনা। মিয়ানমারে নির্যাতনের মুখে পালিয়ে আসা রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় আন্তর্জাতিক মহল থেকেও তিনি প্রশংসিত হন।

কিন্তু সরকারি চাকরিতে কোটাব্যবস্থা নিয়ে শুরু হওয়া ছাত্র আন্দোলনের সূত্র ধরে তাঁর পতন হলো, যে আন্দোলনটি দ্রুতই তাঁর পদত্যাগের দাবিতে ব্যাপক গণবিক্ষোভে রূপ নিয়েছিল।

১৭ পৃষ্ঠায় দেখুন

দীর্ঘ ৪৩ দিন পর ফুরাল যুক্তরাষ্ট্রের অচলাবস্থা

প্রথম পৃষ্ঠার পর

প্রস্তাবটি পাস হয়। ট্রাম্পের সমর্থন তাঁর দলকে ঐক্যবদ্ধ রেখেছে। অবশ্য কংগ্রেসের ডেমোক্র্যাট সদস্যরা তীব্রভাবে প্রস্তাবের বিরোধিতা করেন। তাঁরা ক্ষুব্ধ, কারণ সিনেটে দীর্ঘ অচলাবস্থা সত্ত্বেও ফেডারেল স্বাস্থ্যবিমা ভর্তুকি বৃদ্ধির ব্যাপারে কোনো চুক্তি করা যায়নি।

সপ্তাহের শুরুতেই সিনেটে পাস হওয়া বিলটিতে ট্রাম্পের স্বাক্ষরের ফলে আজ বৃহস্পতিবার থেকেই সরকারি কর্মচারীরা কাজে ফেরার সুযোগ পাবেন। অচলাবস্থার কারণে তাঁদের ৪৩ দিনের বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়েছিল। তবে আইনটিতে ট্রাম্পের স্বাক্ষরের পরও সরকারি সেবা ও কার্যক্রম পুরোদমে কবে স্বাভাবিক হবে, তা এখনো স্পষ্ট নয়।

হোয়াইট হাউসে বুধবার রাতে আইনটিতে স্বাক্ষর করার সময় ট্রাম্প বলেন, এটা আর কখনো ঘটতে দেওয়া যাবে না। এভাবে কোনো দেশ চালানো যায় না।

দুই পক্ষের চুক্তির ফলে সরকারের অর্থায়ন আগামী ৩০ জানুয়ারি পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ফলে যুক্তরাষ্ট্রের মোট ৩৮ ট্রিলিয়ন (৩৮ লাখ কোটি ডলার) ডলারের ঋণের সঙ্গে প্রতিবছর আরও প্রায় ১ লাখ ৮০ কোটি ডলার ঋণ যোগ হবে।

অ্যারিজোনার রিপাবলিকান কংগ্রেস সদস্য ডেভিড শোয়েইকার্ট কিছু কৌতুক করে বলেন, 'আমি মনে করেছি, যেন সেইনফেল্ড সিরিজের কোনো পর্বে আছি। আমরা ৪০ দিন পার করলাম। অথচ এখনো বুঝতে পারছি না, গল্পটা কী নিয়ে ছিল।'

শোয়েইকার্ট আরও বলেন, 'ভাবছিলাম, ব্যাপারটা ৪৮ ঘণ্টার মধ্যেই শেষ হয়ে যাবে। সবাই একটু রাগ ঝেড়ে নেবে, তারপর কাজে ফিরবে। কিন্তু এখন তো মনে হচ্ছে, রাগটাই নীতি হয়ে গেছে!'

ভ্রমণ, অর্থনীতি ও সেবায় প্রভাব

এ অচলাবস্থা শেষ হওয়ায় আশার আলো দেখা দিয়েছে বিশেষ করে বিমান চলাচল ব্যবস্থায়। দুই সপ্তাহ পরই থ্যাংকসগিভিং উপলক্ষে ছুটি এবং ভ্রমণ মৌসুম শুরু হচ্ছে।

খাদ্যসহায়তা আবার চালু হলে লাখ লাখ পরিবার কিছুটা আর্থিক স্বস্তি পাবে। বড়দিনের কেনাকাটা মৌসুমে ভোক্তা ব্যয় বাড়াতে এটি সহায়তা করবে।

অচলাবস্থার কারণে অর্থনীতি সম্পর্কিত গুরুত্বপূর্ণ সরকারি পরিসংখ্যান (যেমন কর্মসংস্থান, মূল্যস্ফীতি ও ভোক্তা ব্যয়ের তথ্য) প্রকাশ বন্ধ ছিল। ফলে বিনিয়োগকারী, নীতিনির্ধারক ও সাধারণ মানুষ অর্থনীতির প্রকৃত অবস্থা সম্পর্কে অনিশ্চয়তায় ছিলেন।

হোয়াইট হাউস জানিয়েছে, অক্টোবর মাসের চাকরির হার ও মূল্যসূচক (সিপিআই)-সংক্রান্ত প্রতিবেদন হয়তো আর কখনো প্রকাশ করা হবে না। অর্থাৎ কিছু তথ্য স্থায়ীভাবে হারিয়ে গেছে।

অর্থনীতিবিদদের হিসাব অনুযায়ী, ছয় সপ্তাহ ধরে চলা অচলাবস্থার কারণে যুক্তরাষ্ট্রের মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রতি সপ্তাহে প্রায় শূন্য দশমিক ১ শতাংশ কমে গেছে। তবে আগামী মাসগুলোতে সেই ক্ষতি পুষিয়ে নেওয়া সম্ভব হবে বলে ধারণা করা হচ্ছে।

স্বাস্থ্যবিমায় কোনো নিশ্চয়তা নেই

এই ভোট এমন এক সময়ে হয়েছে, যার মাত্র আট দিন আগে ডেমোক্র্যাটরা বেশ কিছু বড় নির্বাচনে জয় পেয়েছেন। তাঁদের ধারণা ছিল, এতে তাঁরা বছরের শেষে শেষ হয়ে যাওয়া ফেডারেল স্বাস্থ্যবিমা ভর্তুকির সময়সীমা বৃদ্ধির সুযোগ পাবেন।

চুক্তি অনুযায়ী, আগামী ডিসেম্বরে সিনেটে এ নিয়ে ভোট হবে। কিন্তু প্রতিনিধি পরিষদের স্পিকার মাইক জনসন এমন কোনো প্রতিশ্রুতি দেননি।

নিউ জার্সির ডেমোক্র্যাট প্রতিনিধি এবং নিউ জার্সি অঙ্গরাজ্যের নবনির্বাচিত গভর্নর মিকি শেরিল কংগ্রেস থেকে পদত্যাগের আগে হাউসে তাঁর শেষ ভাষণে বিলটির বিরোধিতা করেন।

শেরিল বলেন, 'আমার সহকর্মীদের বলব, কংগ্রেস যেন এমন একটি প্রশাসনের জন্য কেবল এক আনুষ্ঠানিক সিলমোহর হয়ে না যায়, যারা শিশুদের মুখের খাবার কেড়ে নেয় ও মানুষের স্বাস্থ্যসেবাকে ছেঁটে ফেলে। দেশের জনগণকে বলব, দৃঢ় থাকুন।'

উৎকণ্ঠা বাড়ছে নিউট্রোলাইজড নাগরিকদেরও

প্রথম পৃষ্ঠার পর

নাগরিকদের নাগরিকত্ব বাতিলের প্রচেষ্টা আরও জোরদার করা হবে। এমনকি সমপ্রতি ট্রাম্প নিউ ইয়র্ক সিটির নবনির্বাচিত মেয়র জোহারান মামদানির নাগরিকত্ব সম্পর্কেও মন্তব্য করেন, যা অনেককে আরও অস্থির করে তুলেছে।

এ পরিস্থিতে অনেকে প্রকাশ্যে কথা বলতেও ভয় পাচ্ছেন। নিজেদের দিকে নেতিবাচক দৃষ্টি আকর্ষণের আশঙ্কায়। বিভিন্ন সংগঠনের মাধ্যমে যোগাযোগ করেও যারা কথা বলতে রাজি, তাদের সংখ্যা খুবই কম।

নিউ মেক্সিকোর রাজ্য সিনেটর সিন্ডি নাভা বলেন, তিনি নিজেও এই ভয়ের অনুভূতি বুঝতে পারেন। একসময় তিনি ছিলেন অনথিভুক্ত; পরে পান DACA ((ডি এ সি এ) সুরক্ষা এবং শেষে নাগরিকত্ব। কিন্তু তিনি ভাবেননি যে নাগরিকত্ব পাওয়া মানুষও এমন অনিশ্চিত অবস্থায় পড়বেন।

তিনি এপিকে বলেন "আমি কখনো দেখিনি যে স্বাভাবিকীকৃত নাগরিকরা এতটা ভয় পাচ্ছেন। যারা আগে নিশ্চিন্ত ছিলেন, তারাই এখন ভাবছেন তাদের নিরাপত্তা কতটা টেকসই থাকবে," ।

এপি তাদের প্রতিবেদনে আরো জানায়, ট্রাম্প প্রশাসনের এ অভিবাসন বিরোধী নীতি নিউট্রোলাইজড নাগরিকদের ভয়ের মধ্যে ঠেলে দিচ্ছে। সিয়েরা লিওনের গৃহযুদ্ধ থেকে পালিয়ে বহু বছর শরণার্থী শিবিরে কাটানোর পর দাউদা সেসাই প্রথম যুক্তরাষ্ট্রে এসে ভাবতেও পারেননি যে তিনি একদিন এই দেশের নাগরিক হবেন। পরে জানতে পারেননিয়ম মেনে চললে ও পরিষ্কার রেকর্ড রাখলে নাগরিকত্ব পাওয়া সম্ভব। আর নাগরিক হলে নিরাপত্তা নিশ্চিত থাকবে।

এই প্রতিশ্রুতির উপর ভরসা করেই তিনি নাগরিকত্ব নেন। শপথ নেওয়ার মুহূর্তে তার মনে হয়েছিল এই দেশ তাকে গ্রহণ করেছে; এখানে তার অধিকার রয়েছে, রয়েছে দায়িত্বও। ভোট দেওয়া থেকে শুরু করে সমাজে ভূমিকা রাখা সবই তাকে এই দেশকে নিজের বলে অনুভব করতে সাহায্য করেছিল।

৪৮ বছর বয়সী সেসাই যিনি এখন শরণার্থী অধিকার নিয়ে কাজ করেন তিনি বলেন "যখন আমি আনুগত্যের শপথ নিয়েছি, তখন সত্যিই মনে করেছি আমি এই সমাজের অংশ হয়ে গেছি," ।

" কিন্তু যে দেশের প্রতি আমি আনুগত্যের শপথ নিয়েছি সেই দেশেই আজ নিজেকে অপরিচিত মনে হচ্ছে। এটা সেই দেশ নয়, যাকে আমি বিশ্বাস করেছিলাম," বলেন তিনি।

সাম্প্রতিক মাসগুলোতে ডোনাল্ড ট্রাম্প অভিবাসন নীতিতে যেভাবে পরিবর্তন আনছেন, তা সেসাইসহ বহু নাগরিকের সেই বিশ্বাসকে নাড়া দিয়েছে। জন্মগত নাগরিকত্ব প্রশ্নবিদ্ধ করা থেকে শুরু করে ব্যাপকভাবে বহিষ্কারের হুমকিড়সব মিলিয়ে বহু মানুষ মনে করছেন, নাগরিকত্বের সুরক্ষা আর আগের মতো অটুট নেই।

দেশের বাইরে গেলে ফিরে আসতে সমস্যায় পড়বেন কি না, তা নিয়ে উদ্বেগ বাড়ছে অনেক অভিবাসীর। কেউ শুনেছেন, স্বাভাবিকীকৃত নাগরিকও নাকি সীমান্তে জিজ্ঞাসাবাদ বা আটক হচ্ছেন। ফোনের তথ্য সুরক্ষিত রাখা দরকার কি না তা নিয়েও চিন্তা করছেন অনেকে। এমনকি দেশের ভেতরেই চলাচল নিয়ে শঙ্কা তৈরি হয়েছে, বিশেষ করে সেই ঘটনার পর যখন এক নাগরিক জন্মসনদ দেখানোর পরও আটক ছিলেন।

যদিও এখন পর্যন্ত নাগরিকত্ব বাতিলের কোনো বড় ধরনের বৃদ্ধি দেখা যায়নি, তবুও উদ্বেগ কাটছে না। সেসাই জানান, তিনি এখন পাসপোর্ট ছাড়া ভ্রমণ করেন না, যদিও তার কাছে রয়েছে কঠোর যাচাইকৃত পরিচয়পত্র।

বিভিন্ন স্টেট ও সিটিতে ফেডারেল এজেন্টদের অভিযানে কখনো কখনো প্রকৃত নাগরিকও লক্ষ্যবস্তু হয়েছেন। একজন তো অভিযোগ করেছেনড়তাকে দু'বার আটক করা হয়েছে, আর এ নিয়ে তিনি মামলা করেছেন।

উইসকনসিন-ম্যাডিসন বিশ্ববিদ্যালয়ের ইতিহাসবিদ স্টিফেন ক্যান্ট্রোউইট্জ বলেন, সংবিধানে 'নাগরিক' শব্দ থাকলেও এর স্পষ্ট সংজ্ঞা ছিল না। ১৭৯০ সালের প্রথম নাগরিকত্ব আইন বলেছিলড়নাগরিক হতে পারবে কেবল "সু-চরিত্রের স্বাধীন শ্বেতাঙ্গ ব্যক্তি।" পরে গৃহযুদ্ধ, ১৪তম সংশোধনী এবং নানা আইন পরিবর্তনের মাধ্যমে এ ধারণা প্রসারিত হয়েছে। আবার ১৯২৩ সালের এক রায়ে কিছু নাগরিকের নাগরিকত্ব কেড়ে নেওয়া হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানি বংশোদ্ভূত মানুষদের ক্যাম্পে পাঠানোর সময় তাদের নাগরিকত্ব কার্যত উপেক্ষা করা হয়।

ক্যান্ট্রোউইট্জ বলেন, "রাজনৈতিক ক্ষমতা কখনো কখনো ঠিক করে দেয় কে নাগরিক হওয়ার যোগ্য আর কে নয়।"

ট্রাইব্যুনালে শেখ হাসিনাসহ তিনজনের বিরুদ্ধে যে ৫টি অভিযোগ

২-এর পৃষ্ঠায় পর

বছরের ১৮ জুলাই শেখ হাসিনার ওই নির্দেশনা তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের মাধ্যমে পেয়েছিলেন তিনি।

এ মামলার তদন্ত প্রতিবেদনে বলা হয়েছে, শেখ হাসিনার নির্দেশে ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে মারণাস্ত্র ব্যবহার করে নিরীহ, নিরস্ত্র দেড় হাজার ছাত্র-জনতাকে হত্যা এবং ৩০ হাজার মানুষকে আহত করা হয়েছিল।

এ মামলায় যুক্তিতর্ক উপস্থাপনের সময় শেখ হাসিনা ও আসাদুজ্জামানের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড চেয়েছে প্রসিকিউশন। একই সঙ্গে তাঁদের সম্পত্তি বাজেয়াপ্ত করে জুলাইয়ে শহীদ হওয়া পরিবারগুলোর পাশাপাশি আহত জুলাই যোদ্ধাদের মধ্যে হস্তান্তর করতে প্রসিকিউশন আবেদন জানিয়েছে। এ ছাড়া প্রসিকিউশন মনে করে, সাবেক আইজিপি মামুন 'অ্যাপ্রুভার' হিসেবে ঘটনার পূর্ণ সত্য প্রকাশ করেছেন এবং তাঁর বিষয়ে ট্রাইব্যুনাল যথাযথ আদেশ দেবেন। অন্যদিকে শেখ হাসিনা ও আসাদুজ্জামানের খালাস চেয়েছেন তাঁদের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী।

যে পাঁচ অভিযোগ

শেখ হাসিনাসহ এ মামলার তিন আসামির বিরুদ্ধে মোট পাঁচটি অভিযোগ আনা হয়েছে। সেগুলো হলো উসকানিমূলক বক্তব্য প্রদান; প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করে আন্দোলনকারীদের নির্মূল করার নির্দেশ; রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদকে গুলি করে হত্যা; রাজধানীর চানখাঁরপুল এলাকায় আন্দোলনরত ছয়জনকে গুলি করে হত্যা এবং আশুলিয়ায় ছয়জনকে পুড়িয়ে হত্যা করা।

ট্রাইব্যুনাল প্রাঙ্গণে গতকাল রোববার এক ব্রিফিংয়ে প্রসিকিউটর গাজী মোনাওয়ার হুসাইন তামীম বলেন, আসামিদের বিরুদ্ধে আনা পাঁচটি অভিযোগ তাঁরা সন্দেহাতীতভাবে প্রমাণ করতে পেরেছেন। ন্যায়বিচারের স্বার্থে ট্রাইব্যুনাল যে আদেশ দিক না কেন, প্রসিকিউশন সেটা মেনে নেবে।

এই প্রসিকিউটর বলেন, এ মামলার রায়ের যে অংশটুকু ট্রাইব্যুনাল পড়ে শোনাবেন, সেটুকু ট্রাইব্যুনালের অনুমতি সাপেক্ষে সরাসরি সম্প্রচার করা হবে।

শেখ হাসিনার বিরুদ্ধে 'রেড নোটিশ' জারির জন্য আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের কাছে আবেদন করেছিল বাংলাদেশ পুলিশের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো (এনসিবি)।

প্রসিকিউটর গাজী মোনাওয়ার বলেন, রায়ে যদি ট্রাইব্যুনাল শেখ হাসিনার বিরুদ্ধে শাস্তি প্রদান করেন, তাহলে ইন্টারপোলে আরেকটি 'কনভিকশন ওয়ারেন্টের' (দণ্ডাদেশের পরোয়ানা) আবেদন করবে প্রসিকিউশন, তাঁর বিরুদ্ধে রেড নোটিশ জারি করার জন্য।

পলাতক থাকায় আপিল করতে পারবেন না শেখ হাসিনা

ব্রিফিংয়ে প্রসিকিউটর গাজী মোনাওয়ার বলেন, শেখ হাসিনা ও আসাদুজ্জামানের সাজা হলে তাঁরা আপিল করতে পারবেন না। এর কারণ তাঁরা পলাতক। ট্রাইব্যুনাল আইনে পরিষ্কার বলা আছে, রায় দেওয়ার ৩০ দিনের মধ্যে আপিল করতে হবে। তবে আপিলের সুযোগ নিতে হলে সাজাপ্রাপ্ত আসামিকে আত্মসমর্পণ করতে হয়। অথবা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যদি গ্রেপ্তার করতে পারে, তাহলেও আপিলের সুযোগ পান আসামি।

ব্রিফিংয়ে একজন সাংবাদিক প্রশ্ন করেন, এই মামলার প্রধান আসামি একজন নারী। নারী হওয়ার কারণে আইনে বিশেষ কোনো সুবিধা তিনি পাবেন কি না?

এর জবাবে প্রসিকিউটর গাজী মোনাওয়ার বলেন, সিআরপিসিতে (ফৌজদারি কার্যবিধি) জামিনের ক্ষেত্রে নারী, অসুস্থ, কিশোর, বালক ও শিশুদের অগ্রাধিকার দেওয়া হয়। কিন্তু রায় দেওয়ার ক্ষেত্রে নারীকে সাধারণ আইনেও আলাদা কোনো প্রিভিলেজ (অগ্রাধিকার) দেওয়া হয় না। ট্রাইব্যুনাল আইনেও আলাদা কোনো প্রিভিলেজ নেই। অতএব রায় প্রদানের ক্ষেত্রে আসামি নারী হোক, পুরুষ হোক, তিনি তাঁর অবস্থানে থেকে কী অপরাধ করেছেন, সেই অপরাধের গ্র্যাভিটি (গুরুত্ব) বিবেচনা করে শাস্তি দেওয়া হবে। আর মামলা প্রমাণ না হলে আসামিকে খালাস দেওয়া হবে।

আরেকজন সাংবাদিক প্রশ্ন করেন, শেখ হাসিনা সম্প্রতি বেশ কিছু সাক্ষাৎকার দিয়েছেন। সেখানে তিনি বলেছেন, সরাসরি হত্যার নির্দেশ কাউকেই দেননি।

এর জবাবে প্রসিকিউটর গাজী মোনাওয়ার বলেন, ট্রাইব্যুনালে হাজির হয়ে শেখ হাসিনা সব কথা বলতে পারবেন। হাজির না হয়ে তিনি যেসব কথা বলবেন, সেটা আইনের দৃষ্টিতে কোনো বক্তব্যই নয়। তাঁর ভয়েস রেকর্ড (কণ্ঠস্বর) বাজিয়ে শোনানো হয়েছে উন্মুক্ত আদালতে, যা সম্প্রচার হয়েছে। সেখানে শোনা গেছে, শেখ হাসিনা নিজ মুখে এই আদেশটা (মারণাস্ত্র ব্যবহারের নির্দেশ) দিয়েছেন কথোপকথনের মাধ্যমে। পৃথিবীতে এখন পর্যন্ত যত মানবতাবিরোধী অপরাধ হয়েছে, কেউই স্বীকার করেনি যে তারা অপরাধী।

ভারতে বসে বিভিন্ন গণমাধ্যমকে শেখ হাসিনা সাক্ষাৎকার দেওয়ার সুযোগ পাচ্ছেনড়এ বিষয়ে করা এক প্রশ্নের জবাবে প্রসিকিউটর গাজী মোনাওয়ার বলেন, বিষয়টিকে সম্পূর্ণভাবে সরকারের ও কূটনৈতিক বিষয় হিসেবে দেখছে প্রসিকিউশন। এটাকে (শেখ হাসিনার বক্তব্যকে) আমলে নিচ্ছে না প্রসিকিউশন। শেখ হাসিনার বক্তব্যের বিষয়ে সরকার ব্যবস্থা নেবে।

একটি মামলা: ৩৯৭ দিনের যাত্রা

গণ-অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত ট্রাইব্যুনালে প্রথম মামলার কার্যক্রম শুরু হয় গত বছরের ১৭ অক্টোবর। সেদিন শেখ হাসিনার বিরুদ্ধে প্রথম মামলা (মিসকেস বা বিবিধ মামলা) হয়। একই দিনে শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন ট্রাইব্যুনাল।

এ মামলায় প্রথমে শেখ হাসিনাই ছিলেন একমাত্র আসামি। এরপর চলতি বছরের ১৬ মার্চ শেখ হাসিনার পাশাপাশি সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকেও এ মামলায় আসামি করা হয়। একাধিকবার সময় বাড়ানোর পর চলতি বছরের ১২ মে এই মামলায় চিফ প্রসিকিউটরের কার্যালয়ে তদন্ত প্রতিবেদন জমা দেয় ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা।

এ মামলায় আসামি হিসেবে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের নাম প্রথমবারের মতো আসে তদন্ত প্রতিবেদনে (১২ মে)। সেদিন থেকে এ মামলায় আসামি হন তিনজন (শেখ হাসিনা, আসাদুজ্জামান ও চৌধুরী আবদুল্লাহ আল-মামুন)। শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে গত ১ জুন ট্রাইব্যুনালে ফরমাল চার্জ বা আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করে প্রসিকিউশন।

ফরমাল চার্জ দাখিলের মাধ্যমে 'মিসকেস' আনুষ্ঠানিকভাবে মামলায় রূপ নেয়। এ মামলায় গত ১০ জুলাই আনুষ্ঠানিক অভিযোগ গঠন করেন ট্রাইব্যুনাল। সেদিনই (১০ জুলাই) সাবেক আইজিপি মামুন 'অ্যাপ্রুভার' (রাজসাক্ষী) হওয়ার আবেদন করেন।

গত ৩ আগস্ট এ মামলায় সূচনা বক্তব্য উপস্থাপন করেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। এর মধ্য দিয়ে এ মামলার আনুষ্ঠানিক বিচার শুরু হয়। সূচনা বক্তব্য টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হয়। সূচনা বক্তব্যের পর এই মামলায় প্রথম সাক্ষী হিসেবে জবানবন্দি দেন জুলাই গণ-অভ্যুত্থানে গুরুতর আহত হওয়া খোকন চন্দ্র বর্মণ। তাঁর সাক্ষ্য গ্রহণের মধ্য দিয়ে শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক বিচার শুরু হয়।

এ মামলায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামসহ মোট ৫৪ জন সাক্ষী জবানবন্দি দেন। সাক্ষ্য গ্রহণ শেষ হয় গত ৮ অক্টোবর। এরপর যুক্তিতর্ক শুরু হয় গত ১২ অক্টোবর, যা শেষ হয় ২৩ অক্টোবর। সর্বশেষ ১৩ নভেম্বর ট্রাইব্যুনাল জানান, ১৭ নভেম্বর (আজ) এ মামলার রায় ঘোষণা করা হবে।

'মিসকেস' থেকে এ মামলার রায় ঘোষণা পর্যন্ত সময় লেগেছে ৩৯৭ দিন।

শেখ হাসিনার বিরুদ্ধে ট্রাইব্যুনালে চার মামলা

মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মোট চারটি মামলা চলছে। এর মধ্যে জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলার রায় হতে যাচ্ছে।

এ ছাড়া ২০১৩ সালের মে মাসে মতিঝিলের শাপলা চত্বরসহ দেশের বিভিন্ন এলাকায় হেফাজতে ইসলামের নেতা-কর্মীদের হত্যা-নির্যাতনের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের আরেকটি মামলায় শেখ হাসিনাসহ আসামি করা হয়েছে ২১ জনকে। এ মামলায় তদন্ত প্রতিবেদন দাখিলের সময় বাড়িয়ে ১২ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে।

এ ছাড়া আওয়ামী লীগের দেড় দশকের শাসনকালে গুমের মাধ্যমে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের ঘটনায় করা দুটি মামলায় শেখ হাসিনাসহ আসামি ২৮ জন। আসামিদের মধ্যে সাবেক ও বর্তমান ২৩ জন সেনা কর্মকর্তা রয়েছেন। এই দুটি মামলার পরবর্তী শুনানি ২৩ নভেম্বর।

শেখ হাসিনাকে ছয় মাসের সাজা দেন ট্রাইব্যুনাল

আদালত অবমাননার একটি মামলায় গত ২ জুলাই শেখ হাসিনাকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। চলতি বছরের এপ্রিল মাসে মামলাটির বিচার কার্যক্রম শুরু হয়।

'২২৬ জনকে হত্যার লাইসেন্স পেয়ে গেছি'ড়শেখ হাসিনার এমন একটি বক্তব্যের অডিও রেকর্ড অনলাইনে ছড়িয়ে পড়েছিল এ বছরের শুরুর দিকে। তাঁর এমন বক্তব্য বিচারপ্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার চেষ্টা উল্লেখ করে আদালত অবমাননার মামলা করেছিল প্রসিকিউশন। সেই মামলায় শেখ হাসিনাকে সাজা দেন ট্রাইব্যুনাল।

ডিসি নিয়োগ নিয়ে ক্ষোভ

৩-এর পৃষ্ঠায় পর

বাতিল করে ওই দুই জেলায় নতুন ডিসি নিয়োগ দেওয়া হয়েছে। ৮ নভেম্বর বরগুনার ডিসি মোহাম্মদ শফিউল আলমকে ঢাকার ডিসি পদে বদলি করা হলেও পরে বাতিল করা হয়। ১৩ নভেম্বর বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব মো. রেজাউল করিমকে ঢাকার ডিসি নিয়োগ দেওয়া হয়।

সূত্র বলেছে, মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বাধীন কমিটি ডিসি নিয়োগের ফিট লিস্ট তৈরি করে। এরপর এপিডি অনুবিভাগ ডিসি পদে নিয়োগের সুপারিশ করে। পরে প্রধান উপদেষ্টা ও রাষ্ট্রপতির অনুমোদনের পর ডিসি নিয়োগ হয়। তবে কর্মকর্তা বাছাইয়ের মূল কাজটি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলেন, এপিডি উইং দুর্বল হয়ে পড়ায় এখন ডিসি নিয়োগের প্রস্তাবেই ঝামেলা থাকছে। এ ছাড়া চাহিদা অনুযায়ী ডিসি নিয়োগ দিতে গিয়েও মন্ত্রণালয় জটিলতায় পড়েছে। ডিসির দায়িত্ব থাকা কর্মকর্তাদের মধ্যে উপদেষ্টার চারজন একান্ত সচিব এবং একজন বিশেষ সহকারীর একজন একান্ত সচিব রয়েছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আরেকজন কর্মকর্তা বলেন, গত তিন নির্বাচনে ভোটের দায়িত্ব থাকা কর্মকর্তাদের ডিসি পদে নিয়োগ না দেওয়া হলেও এখন ডিসি নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তাদের দুটি রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্টতা আছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। ডিসি নিয়োগের ফিট লিস্টে থাকা কর্মকর্তাদেরও কেউ কেউ অনানুষ্ঠানিকভাবে তাঁদের রাজনৈতিক সম্পৃক্ততার তথ্য বিভিন্ন এজেন্সির মাধ্যমে উপর মহলে পৌঁছে দিচ্ছেন। এ ছাড়া নিজেদের পছন্দের কর্মকর্তাদের ডিসি নিয়োগ দিতে বড় রাজনৈতিক দলগুলোর চাপও রয়েছে।

দৃষ্টি আকর্ষণ করা হলে জনপ্রশাসন বিশেষজ্ঞ ফিরোজ মিয়া বলেন, গত তিন নির্বাচনে দায়িত্ব পালন করা সবাইকে আগামী নির্বাচনের কার্যক্রম থেকে ঢালাও বাদ দেওয়ার সুযোগ নেই। কারও বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে তাঁকে বাদ রাখা যায়। মাঠে কাজের অভিজ্ঞতা না থাকা কর্মকর্তাদের ডিসি নিয়োগ দিলে তাঁরা নির্বাচন করতে সমস্যায় পড়বেন।

শেখ হাসিনার বিরুদ্ধে

২-এর পৃষ্ঠায় পর

প্রসিকিউটর মো. মিজানুল ইসলাম। তিনি বলেন, নিঃসন্দেহে বলতে পারি যে, স্বচ্ছ এবং স্বাভাবিক প্রক্রিয়ায় বিচার অনুষ্ঠিত হচ্ছে। এখন দেশে যে বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি করার অপচেষ্টা চালানো হচ্ছে; আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দৃঢ়তার সঙ্গে এ ধরনের পদক্ষেপকে রুখে দেবে।

এ প্রসঙ্গে জ্যেষ্ঠ আইনজীবী জেড আই খান পান্না বলেন, যদি কোনোদিন রাজনৈতিক পট পরিবর্তন হয়, আওয়ামী লীগ ফিরে আসে, তাহলে এই রায় টিকবে না। যেমন ড. মুহাম্মদ ইউনূস প্রধান উপদেষ্টা হিসেবে ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে তাঁর বিরুদ্ধে থাকা সব মামলা বাতিল হয়ে গেল। সেই কারণে কী সাজা হলো বা হলো না- সেটা আমার কাছে গুরুত্বপূর্ণ না। আমি এই বিচারকে গুরুত্ব দিচ্ছি না।

'বিবিসির ক্ষমা নেই', বিলিয়ন ডলারের মামলা করবেন ট্রাম্প

প্রথম পৃষ্ঠার পর

দায় স্বীকার করে ক্ষমা চেয়েছিল ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি। তবে এই ক্ষমাকে পাত্তা দিলেন না ট্রাম্প। জানালেন, বিবিসির ক্ষমা নেই। তাদের বিরুদ্ধে মামলা করতে যাচ্ছেন তিনি।

যদিও ট্রাম্পের মানহানির বিপরীতে ক্ষতিপূরণের দাবি প্রত্যাখ্যান করেছিল বিবিসি। তবে ডোনাল্ড ট্রাম্প নিশ্চিত করেছেন, বিবিসির বিরুদ্ধে ক্ষতিপূরণের মামলার প্রস্তুতি নিচ্ছেন তিনি। মার-এ-লাগো এস্টেটে যাওয়ার পথে দ্য টেলিগ্রাফকে দেওয়া এক সাক্ষাৎকারে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, আগামী সপ্তাহের মধ্যে আনুষ্ঠানিকভাবে বিবিসির বিরুদ্ধে ১ থেকে ৫ বিলিয়ন ডলারের ক্ষতিপূরণের দাবি জানাবেন।

তিনি বলেন, 'আমার মনে হয়, এটা আমাকে করতে হবে। তারা স্বীকারও করেছে যে তারা প্রতারণা করেছে... তারা আমার মুখ থেকে বের হওয়া কথাগুলো বদলে দিয়েছে।'

প্রেসিডেন্ট আরও বলেন, 'আপনি কল্পনা করতে পারেন, বিবিসি নকল খবর প্রচার করে! যুক্তরাজ্যের মানুষ এই ঘটনায় খুব রেগে গেছে।'

তিনি আরও বলেন, 'এই কেলেঙ্কারিতে স্যার কিয়ার স্টারমার "খুবই লজ্জিত"। সপ্তাহান্তে প্রধানমন্ত্রীকে বিষয়টি নিয়ে কথা বলবেন।'

শুক্রবার রাতে জিবি নিউজে এক সাক্ষাৎকারে ট্রাম্প ক্ষোভ প্রকাশ করে বলেন, 'তারা আমাকে একটি সুন্দর চিঠি লিখেছে। বলেছে ক্ষমা প্রার্থনা করছি। কিন্তু আপনি যদি বলেন এটি অনিচ্ছাকৃত, তবে আমি মনে করি অনিচ্ছাকৃত হলে ক্ষমা করতে হয় না।'

তিনি বলেন, 'আমি একটি সুন্দর বক্তব্য দিয়েছি। তারা আমার কথাগুলো নিয়েছে এবং তা একটি অসুন্দর বক্তব্যে পরিণত করেছে।'

গত রোববার বিবিসি ট্রাম্পের আইনজীবীদের চিঠি পায়। যাতে বলা হয়, ওই ভিডিওটির 'সম্পূর্ণ ও সুষ্ঠু পুনঃপ্রকাশ' করতে হবে, ক্ষমা চাইতে হবে এবং ট্রাম্পকে 'উপযুক্ত ক্ষতিপূরণ' দিতে হবে। এর পরিপ্রেক্ষিতে গত বৃহস্পতিবার ক্ষমা প্রার্থনার চিঠিতে বিবিসি জানায়, ২০২৪ সালের প্রোগ্রামটি পুনরায় আর সম্প্রচার করবে না তারা।

বিবিসি জানিয়েছে, 'আমরা স্বীকার করছি যে আমাদের সম্পাদনা অনিচ্ছাকৃতভাবে এমন ধারণা সৃষ্টি করেছে যে আমরা ভাষণের একটি একক ধারাবাহিক অংশ দেখাচ্ছি, যখন প্রকৃতপক্ষে এটি বিভিন্ন স্থানের উদ্ধৃতাংশ ছিল। প্রেসিডেন্ট ট্রাম্প সরাসরি সহিংস কার্যক্রমের আহ্বান জানিয়েছিলেন, এমন সম্পাদনা ভুল-বোঝাবুঝির সৃষ্টি করেছিল।'

বিবিসি 'কারেকশনস অ্যান্ড ক্লারিফিকেশনস' বিভাগে জানিয়েছে, ট্রাম্পের ভাষণ কীভাবে সম্পাদিত হয়েছে তা নিয়ে সমালোচনার পর তাদের 'প্যানোরোমা' প্রোগ্রামটি পর্যালোচনা করা হয়েছে।

তবে বিবিসি মনে করে, এ বিষয়ে কোনো মামলা হওয়া উচিত নয়। এই বিষয়ে তারা পাঁচটি যুক্তি তুলে ধরেছে প্রথমত, বিবিসির ইউএস চ্যানেলে 'প্যানোরোমার' ভিডিও সম্প্রচার বা বিতরণের অধিকার ছিল না এবং তারা তা করেনি।

দ্বিতীয়ত, ডকুমেন্টারি ট্রাম্পের কোনো ক্ষতি করেনি। কারণ, তিনি ভিডিও প্রকাশের পরও পুনর্নির্বাচিত হয়েছেন।

তৃতীয়ত, বিভ্রান্ত করার উদ্দেশ্যে ক্লিপটি সম্পাদনা করা হয়নি। দীর্ঘ ভাষণ সংক্ষিপ্ত করার জন্য করা হয়েছিল এবং কোনো শত্রুতার সঙ্গে করা হয়নি।

চতুর্থত, ক্লিপটি কখনো আলাদাভাবে বিবেচিত হওয়ার উদ্দেশ্যে ছিল না। এটি ছিল এক ঘণ্টার প্রোগ্রামের ১২ সেকেন্ড, যেখানে ট্রাম্পের সমর্থনে অন্যান্য অনেক আলাপও ছিল।

পঞ্চমত, জনসাধারণের বিষয় এবং রাজনৈতিক বক্তৃতার ওপর মতামত মার্কিন মানহানির আইনের অধীনে ব্যাপকভাবে সুরক্ষিত।

বিবিসির এক মুখপাত্র জানান, বিবিসি আইনজীবীরা রোববারপ্রাপ্ত এক চিঠির জবাবে প্রেসিডেন্ট ট্রাম্পের আইনজীবী দলকে চিঠি পাঠিয়েছেন। তিনি আরও বলেন, 'যদিও ভিডিও ক্লিপটি যেভাবে সম্পাদনা করা হয়েছে, তা নিয়ে বিবিসি আন্তরিকভাবে দুঃখিত। কিন্তু আমরা দৃঢ়ভাবে মনে করি, মিথ্যা বিজ্ঞাপন বা মানহানির ভিত্তি নেই।'

মুখপাত্র আরও জানান, বিবিসির চেয়ার সামির শাহ আলাদাভাবে হোয়াইট হাউসকে একটি ব্যক্তিগত চিঠি পাঠিয়েছেন, যাতে প্রেসিডেন্ট ট্রাম্পের ২০২১ সালের ৬ জানুয়ারির ভাষণ সম্পাদনার জন্য ক্ষমা চাওয়া হয়েছে।

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
Bangladesh Society, Inc.
86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

সদস্যপদ গ্রহণ ও
গঠনতন্ত্র সংশোধনী আহ্বান

শেষ তারিখ : ৩০ নভেম্বর , রোববার ২০২৫

বাংলাদেশ সোসাইটি, ইন্‌কের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংগঠনের বার্ষিক সাধারণ সভা আগামী ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে। যে সকল প্রবাসীরা এই সাধারণ সভায় অংশগ্রহণ করতে আগ্রহী, অথচ এখনও আজীবন সদস্য হননি অথবা ২০২৫ সালের জানুয়ারি মাস থেকে এখন পর্যন্ত সাধারণ সদস্যপদ নবায়ন করেননি, তাদেরকে আগামী ৩০ নভেম্বরের মধ্যে আজীবন বা সাধারণ সদস্যপদ গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

সাধারণ সভার নিয়মিত কার্যসূচির পাশাপাশি সংগঠনের গঠনতন্ত্রকে আরও আধুনিক, বাস্তবসম্মত এবং প্রজন্ম-উপযোগী রূপে রূপান্তর করার লক্ষ্যে গঠনতন্ত্র সংশোধনের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্দেশ্যে ইতিমধ্যে একটি বিশেষজ্ঞ উপকমিটি গঠন করা হয়েছে। আমরা সকল আজীবন ও সাধারণ সদস্যের কাছে আন্তরিক আহ্বান জানাচ্ছি, আপনারা গঠনতন্ত্র সম্পর্কিত আপনাদের মতামত, প্রস্তাব ও পরামর্শ আগামী ৩০ নভেম্বরের মধ্যে লিখিতভাবে গঠিত কমিটির নিকট অথবা বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের যে কোনো কর্মকর্তার নিকট জমা দেন।

চাইলে সংগঠনের ই-মেইল (info@bangladeshsocietyinc.com) ঠিকানায়ও লিখিত মতামত ও পরামর্শ পাঠাতে পারেন। কমিটি শুধুমাত্র ৩০ নভেম্বরের মধ্যে প্রাপ্ত লিখিত প্রস্তাবসমূহ বিবেচনা করবে এবং সেগুলোর আলোকে সংশোধনের খসড়া সাধারণ সভায় উপস্থাপন করা হবে।

উল্লেখ্য, সাধারণ সভার দিন কোনো মৌখিক বা লিখিত নতুন প্রস্তাব গ্রহণ করা হবে না।

অনুরোধক্রমে

আতাউর রহমান সেলিম
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

মোহাম্মদ হোসেন খান
চেয়ারম্যান, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৫১৬-৩৪৩-৯৪৫৬

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

মঞ্জুর আহমদ চৌধুরী
সদস্য, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৯১৭-৫৮৪-৭৮০৮

মোহাম্মদ তাজুল ইসলাম
সদস্য, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৯১৭-৫৭৬-৬৩২৩

সিরাজ উদ্দিন আহমদ (সোহাগ)
সদস্য, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৬৪৬-৩৫০-৯৮৭০

এম আর খান সেলিম
সদস্য, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৬৪৬-২৮৬-৯২৫৬

মো: মহিউদ্দিন দেওয়ান
সদস্য, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৯১৭-৫২৩-১৩৪৪

রিজু মোহাম্মদ
সদস্য, গঠনতন্ত্র সংশোধনী কমিটি
৭১৮-৫৮১-৬৬৩৭

প্রচারে: রিজু মোহাম্মদ, *প্রচার সম্পাদক*

বাংলাদেশের হোমিওপ্যাথী চিকিৎসায় অনন্য নাম

মৌলভীবাজারের মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার

বিশেষ প্রতিবেদন: মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার মৌলভীবাজার জেলার সদর থানার ১নং খলিলপুর ইউনিয়নের অন্তর্গত কেশবচর গ্রামে একটি ধর্মভীরু মুসলিম পরিবারে জন্ম। তার পরদাদা মরহুম মনসুর মোহাম্মদ ছিলেন উক্ত এলাকার খুবই প্রভাবশালী এবং হিন্দু জমিদার ও বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধাচরণকারী। তার দাদা মরহুম মোহাম্মদ আকরম বৃটিশ নেভীতে চাকুরী করতেন। প্রথম বিশ্বযুদ্ধের পর দেশে ফেরার পথে ঢাকার নারায়ণগঞ্জে তিনি মারা যান। তার দাদী ছিলেন ঐ সময়ে পাঠশালা পাশ ও দেশীয় বনাজী ঔষধ ও হোমিওপ্যাথীতে তার সামান্য জ্ঞান ছিলো। ছোটবেলায় যেকোন ধরনের অসুখ হলে দাদীর কাছ থেকে বনোজী হোমিওপ্যাথি ঔষধ সেবন করে রোগ হতে মুক্তি পেতেন। তাঁর বাবা ছিলেন মরহুম ফটিক মিয়া তালুকদার। ওই সময়ে গ্রামের মধ্যে অন্যান্য পরিবারের মত স্বচ্ছল। পড়ে লন্ডন হতে গ্রামের ২/১ জন কুখ্যাত লোকের কথায় কেইস দিয়ে তাকে আসামী করে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ করে। মরহুম শাহাবুদ্দিন জীবনে বহু কষ্ট করে পাঠশালা পাশ করেন। তাঁর বাবা গ্রামের বাইরে হাইস্কুল পড়ার ব্যবস্থা করেন। পড়ে তিনি সিলেট নাইটস্কুল হতে এসএসসি পরীক্ষায় পাশ করার পর সিলেট ইস্টার্ণ হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজে ভর্তি হন। সেই সাথে সিলেট মদন মোহন কলেজে নাইট ক্লাসে লেখাপড়া চালিয়ে যান। তিনি ঢাকার নিউমার্কেটের ৬১/৬২ ঠিকানায় জালালাবাদ ফার্মেসীর স্বত্তাধিকারী ছিলেন।

মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার এসএসসি পাশ করার পর সরাসরি ছাত্র রাজনীতিতে জড়িয়ে পড়েন এবং তৎকালীন এনএসএফ ছাত্র রাজনীতিতে যোগদান করে ওই সময়ের সিলেটের ডিসির সহায়তায় তৎকালীন পূর্ব পাকিস্তানের লৌহমানব গভর্ণর মরহুম আব্দুল মোনায়েম খানের



মরহুম ডা. মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার



জাবেদ উদ্দিন

সাথে যোগাযোগ স্থাপন হয়। তিনি এনএসএফ ছাত্র রাজনীতির ফলে তৎকালীন পাকিস্তানের প্রেসিডেন্ট মরহুম ফিল্ড মার্শাল আইয়ুব খানের সাথে বেশ কয়েকবার গভর্ণর হাউসে সাক্ষাতকারের সুযোগ হয়। তিনি বহু আইসি অফিসার, সিএসপি, পিএসপিও সামরিক বাহিনীর জেনারেলদের সাথে সাক্ষাতকারের সুযোগ পান। তিনি অল্প সময়ে যে সুযোগ পেয়েছেন, তা এশিয়ার কোন দ্বিতীয় ব্যক্তির ওই সুযোগ ঘটেনি। তিনি ১৯৬৯ হতে ১৯৯১ পর্যন্ত ছাত্র জীবনে সিলেট জেলার ইপিপি (ইউনাইটেড প্রেস অফ পাকিস্তান)'র করসপন্ডেন্স ছিলেন। হোমিওপ্যাথি পাশ করার পর ঢাকায় হোমিওপ্যাথিক চিকিৎসা সুনামের সাথে আরম্ভ করেন। তিনি বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসক সমিতির সভাপতি ছিলেন এবং ২/১টি হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজে অধ্যাপনা করেন। বাংলাদেশের হোমিওপ্যাথি চিকিৎসার উন্নতির ব্যাপারে এককভাবে ভূমিকা রাখেন। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দ্বারা ঢাকার মিরপুরে সরকারী ডিগ্রী হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ হাসপাতাল ও গবেষণাগার স্থাপনে ভূমিকা রাখেন। ১৯৮৫ সালে রাষ্ট্রপতি হুসেইন মোহাম্মদ এরশাদের মনোনীত প্রার্থী হিসেবে ফ্রান্সে আন্তর্জাতিক হোমিওপ্যাথিক সম্মেলনে যোগদান করেন। তিনি আনুমানিক বিশ্বের ৩০টির মত দেশ ভ্রমণ করেন। বিগত প্রায় ১০ বছর যাবত লন্ডনের ২৫৯ হোয়াইট চ্যাপেল রোড, লন্ডন ই ওয়ান এই ঠিকানায় চিকিৎসা প্রদান করে আসছেন। এবং এমনকি হোয়াইট চ্যাপেল রোডে একটি হোমিওপ্যাথিক ফার্মেসী প্রতিষ্ঠা করেন, যার নাম ছিলো 'জালালাবাদ হোমিও ফার্মেসী'। বিশ্বে বর্তমান চিকিৎসা পদ্ধতি পরিবর্তন করে মানুষের ইচ্ছানুসারে বিকল্প চিকিৎসা হিসেবে হোমিওপ্যাথিক চিকিৎসাকে অগ্রাধিকার দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছিলেন। ১৯৮৬ সালে প্রথম বাংলাদেশী হোমিওপ্যাথিক চিকিৎসক লন্ডন হতে হোমিওপ্যাথিক ডিপ্লোমা লাভ করেন।

মরহুম শাহাবুদ্দিন নিজের অক্লান্ত পরিশ্রম করে আন্তর্জাতিক পর্যায়ে একমাত্র এশিয়ার হোমিওপ্যাথিক হিসেবে বিশ্বের মডার্ণ চিকিৎসা বিজ্ঞানীদেরকে চ্যালেঞ্জ করে হোমিওপ্যাথিক চিকিৎসার গুনাগুন তুলে ধরেন। ১৯৬৭ সালে তাঁর আত্মীয় মরহুম শাহ এ এস এম কিবরিয়া (সাবেক অর্থমন্ত্রী) পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রনালয় পরিচালক থাকাকালীন তাকে এনএসএফ ছাত্র রাজনীতি করার জন্য তিরস্কার করেন। মরহুম শাহাবুদ্দিন সিলেট শাখা এনএসএফ ছাত্র সংগঠনের সিনিয়র সহ সভাপতি ছিলেন। ওই সময়ের পররাষ্ট্রমন্ত্রী মরহুম জেড এ ভুট্টোর সাথে ছিলো খুবই ভালো সম্পর্ক। ১৯৭৭ সালে মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশের ক্ষমতা পাওয়ার পর তাঁর অনুরোধে বিএনপিতে যোগ দেন। তিনি বিএনপির কেন্দ্রীয় কমিটির প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। শহীদ জিয়ার মৃত্যুর পর বিএনপি টিকিয়ে রাখতে প্রথম বেগম জিয়াকে বিএনপিতে যোগদান করার আমন্ত্রণ জানান। মরহুম আব্দুস সাত্তারকে অনুরোধ করে মরহুম শাহ আজিজুর রহমানকে বিএনপির ক্ষমতা না দিয়ে বেগম জিয়াকে বিএনপির ক্ষমতা অর্পন করা সুপারিশ করেন। মরহুম শাহাবুদ্দিন শহীদ জিয়া বিচারপতি মরহুম আব্দুস সাত্তার বেগম জিয়ার অন্তরের লোক ছিলেন। ১৯৭৫ সালে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের চিকিৎসার জন্য আগস্ট মাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি হোমিওপ্যাথিক বোর্ড গঠন করেন। ১৫ আগস্ট বঙ্গবন্ধুর মৃত্যুর পর তাঁর ভগ্নিপতি এ এটিএম সাঈদ হোসেনের (অতিরিক্ত সচিব) অনুরোধে বেশ কয়েকদিন কাজী নজরুল ইসলামের চিকিৎসার ও দেখাশোনার সুযোগ পান।

মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার ছিলেন বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য। জীবদ্দশায় তিনি তার নানা কর্মকান্ডের মধ্যে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ সফরের সময় দেশটির তৎকালীন ফেডারেল



ঢাকায় রাষ্ট্রপতির বাসভবন বঙ্গভবনের এক অনুষ্ঠানে তৎকালীন প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সাথে মরহুম ডা. মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার। এসময় তার সাথে অন্যান্যের মাঝে তার ৮ বছরের ভাতিজা নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সহ সভাপতি এবং এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন।

মন্ত্রী ও এশিয়ার প্রখ্যাত রাজনীতিবীদ (মরহুম) মাহমুদ আলীর সাথে সাক্ষাতকালে বাংলাদেশে আটকাপড়া বিহারীদের ফিরিয়ে নেয়ার জন্য প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের উপর চাপ সৃষ্টি করার জন্য বিশেষ অনুরোধ জানান। এছাড়াও তিনি ১৯৯৪ সালে ভারত সফরকালীন সময়ে তৎকালীন বিরোধী দলীয় নেতা, সাবেক প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর সাথে সাক্ষাৎ করেন।

বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি (মরহুম) আবু সাদাত মোহাম্মদ সায়েম এবং দেশের বিশিষ্ট আইনজ্ঞ ব্যারিষ্টার জুলমত আলী খান ও বিএনপির সাবেক মহাসচিব মরহুম আব্দুস সালাম তালুকদারের সাথে তাঁর পারিবারিক সম্পর্ক ছিলো।

মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদারের ভাতিজা নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সহ সভাপতি এবং এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন। জাবেদ উদ্দিন জানান, আমার চাচা মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার তার কর্মজীবনে হোমিওপ্যাথিক চিকিৎসায় অবদান রাখার পাশাপাশি মানব সেবায় সাধ্যমত অবদান রেখেছেন। অনেক-কে চাকরি প্রদান ছাড়াও নানাভাবে সাহায্য-সহযোগিতা করেছেন। তিনি ঢাকা হোমিওপ্যাথিক কলেজের প্রফেসর ছিলেন। তার অনেক ছাত্র সিলেটের মির্জা জাঙ্গাল হোমিওপ্যাথিক কলেজ সহ দেশের বিভিন্ন হোমিওপ্যাথিক কলেজের শিক্ষক ছিলেন।

মরহুম মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার নবীগঞ্জ উপজেলায় প্রতিষ্ঠিত আউশকান্দি রাশিদিয়া পাবলিক উচ্চ বিদ্যালয়, আউশকান্দি সরকারী চিকিৎসালায় প্রভৃতি প্রতিষ্ঠা ও উন্নয়নে বিশেষ অবদান রাখেন।



১৯৯৪ সালে ভারত সফরকালীন সময়ে বিজেপি নেতা এল কে আদভানীর সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন মরহুম ডা. মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার।



ইসলামাবাদ সফরকালে এশিয়ার বিখ্যাত রাজনীতিক ও পাকিস্তানের ফেডারেল মন্ত্রী মাহমুদ আলীর সাথে সাক্ষাতের সময় মরহুম ডা. মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার বাংলাদেশের বিহারীদের ফিরিয়ে নেয়ার জন্য তৎকালীন প্রেসিডেন্ট পারভেজ মোশারফের উপর চাপ সৃষ্টির অনুরোধ জানান।



বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি (মরহুম) আবু সাদাত মোহাম্মদ সায়েম-এর মরহুম ডা. মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার।



১৯৯৪ সালে ভারত সফরকালীন সময়ে তৎকালীন বিরোধী দলীয় নেতা, সাবেক প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন মরহুম ডা. মোহাম্মদ শাহাবুদ্দীন তালুকদার।

কী হবে যদি গণভোটে 'না' জয়ী হয়

বাংলা পত্রিকা ডেস্ক : রাজনৈতিক দলগুলোর বিপরীতমুখী অবস্থানের মধ্যেই অন্তর্বর্তী সরকার জুলাই জাতীয় সনদের ভিত্তিতে সংস্কার বাস্তবায়নের রূপরেখা অনুমোদন করেছে। রাষ্ট্রপতির আদেশের মাধ্যমে তা ইতিমধ্যে আইনি ভিত্তি পেয়েছে। প্রধান দলগুলোর সবাই খুশি না হলেও দৃশ্যত তারা এটি মেনেই নিয়েছে। ফলে সংস্কার নিয়ে তৈরি হওয়া অনিশ্চয়তার আপাত সুরাহা হয়েছে বলা চলে। তবে ভবিষ্যৎ সংস্কার পুরোপুরি নির্ভর করছে গণভোটের ফলাফলের ওপর। গণভোটে 'হ্যাঁ' এর পরিবর্তে 'না' জয়ী হলে কী হবেড়সেই প্রশ্ন সামনে এসেছে। ঐকমত্য কমিশনের নয় মাসের আলোচনা, রাজনৈতিক দলগুলোর তৎপরতা এবং অন্তর্বর্তী সরকারের চেষ্টা ভেস্তে যাবে? আপাতত এই প্রশ্নের স্পষ্ট উত্তর কারও কাছেই নেই।

'না' ভোট জয়ী হলে আগামী জাতীয় সংসদ নির্বাচনে জয়ী দল জুলাই সনদ মেনে সংস্কার প্রস্তাব বাস্তবায়নে বাধ্য থাকবে না। পরবর্তী সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের ইচ্ছার ওপরই সংস্কার নির্ভর করবে। ২০২৩ সালের ১৩ জুলাই 'সংবিধান ও রাষ্ট্রব্যবস্থার গণতান্ত্রিক সংস্কার' এবং অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে 'রাষ্ট্র মেরামতে ৩১ দফা' ঘোষণা করে বিএনপি। সেই আলোকেই দলটি ভবিষ্যৎ সংস্কার এগিয়ে নিতে পারে। তা আবার জামায়াতে ইসলামীসহ অন্য রাজনৈতিক দলগুলোর চাওয়ার সঙ্গে মেলে না। অবশ্য জামায়াত জুলাই সনদের প্রায় সবগুলো সংস্কার প্রস্তাবকে সমর্থন করেছে। গণভোটে 'না' জয়ী হলেও কি জুলাই সনদ মেনে সংস্কার করবে, নাকি নিজেদের মতো করে নতুন ফর্মুলা সামনে আনবে, তা সময়ই বলে দেবে।

রাজনৈতিক দলগুলোর সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের দীর্ঘ আলোচনায় ৬টি সংস্কার কমিশনের ৮৪টি প্রস্তাব নিয়ে তৈরি হয়েছে জুলাই জাতীয় সনদ। এর মধ্যে ৪৮টি প্রস্তাব সংবিধান-সংক্রান্ত। এর মধ্যে বেশ কিছু প্রস্তাবে বিএনপিসহ বিভিন্ন দলের ভিন্নমত আছে। ভিন্নমত সত্ত্বেও বিএনপি, জামায়াতসহ অধিকাংশ দল গত ১৭ অক্টোবর সনদে সই করে।

রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনায় গণভোটের মাধ্যমে সনদ বাস্তবায়নে ঐকমত্য হয়। কিন্তু সনদ ও গণভোটের আইনি ভিত্তি, সময় ও পথ-পদ্ধতি নিয়ে দলগুলোর মধ্যে ভিন্নমত থেকে যায়। গত ২৮ অক্টোবর সনদ বাস্তবায়নে দুটি বিকল্প সুপারিশ সরকারকে দিয়েছিল জাতীয় ঐকমত্য কমিশন। সেখানে গণভোটের সময় নিয়ে সিদ্ধান্তের ভার সরকারের ওপর ছেড়ে দেওয়া হয়।

এরপর ১৩ নভেম্বর অন্তর্বর্তী সরকার সংস্কার বাস্তবায়নের রূপরেখা প্রকাশ করে। আগামী জাতীয় সংসদ নির্বাচন এবং জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট হবে একই দিনে। চারটি বিষয়ের ওপর একটি প্রশ্নে হবে গণভোট। চারটি বিষয় হলেও আসলে এর মধ্যে সংবিধান সম্পর্কিত ৪৮টি সংস্কার প্রস্তাবই আছে। গণভোটে 'হ্যাঁ' জয়ী হলে আগামী সংসদ হবে দ্বিকক্ষবিশিষ্ট। সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে (পিআর পদ্ধতি) ১০০ সদস্য নিয়ে উচ্চকক্ষ গঠিত হবে। অর্থাৎ এসব সংস্কার করতে হলে অবশ্যই 'হ্যাঁ' ভোট জয়ী হতে হবে।

জুলাই সনদ প্রণয়নে গঠিত ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ গত ২৭ সেপ্টেম্বর প্রথম আলোকে একান্ত সাক্ষাৎকার দেন। ওই সাক্ষাৎকারে তিনি গণভোটে 'হ্যাঁ' জয়যুক্ত হওয়ার বিষয়ে আশাবাদী মনোভাব দেখান, আবার প্রত্যাখ্যান হলে তা মেনে নেওয়ার জন্য প্রস্তুত থাকতে বলেন।

আলী রীয়াজ বলেছিলেন, ১৭৯০ থেকে শুরু করে ২০১৬ সাল পর্যন্ত পৃথিবীতে ৮০০ শতাধিক গণভোট হয়েছে। এর মধ্যে মাত্র ৬ শতাংশ ক্ষেত্রে গণভোট 'ফেল' করেছে। তিনি আরও বলেন, শঙ্কাটা অন্য জায়গায়। এত দিনের চেষ্টা, এত বিষয়ে ঐকমত্য হলো। তারপর জনগণের কাছ থেকে সেটা প্রত্যাখ্যান হয়ে গেল। সেটা মেনে নেওয়ার জন্য প্রস্তুত থাকা দরকার।

চার প্রশ্নের উত্তর একটি, ঝুঁকি

৪৮টি সংবিধান-সম্পর্কিত প্রস্তাব নিয়ে গণভোট হবে। প্রস্তাবগুলোকে চারটি বিষয়ে ভাগ করে একটি প্রশ্নে হবে গণভোট। গণভোটের প্রশ্নটি হবে এ রকম: 'আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবগুলোর প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করছেন?'

ক. নির্বাচনকালীন সময়ে তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হবে।

খ. আগামী সংসদ হবে দুই কক্ষবিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্যবিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে এবং সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে।

গ. সংসদে নারী প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, প্রধানমন্ত্রীর মেয়াদ সীমিতকরণ, রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি, মৌলিক অধিকার সম্প্রসারণ, বিচার বিভাগের স্বাধীনতা ও স্থানীয় সরকারসহ বিভিন্ন বিষয়ে যে ৩০টি প্রস্তাবে জুলাই জাতীয় সনদে রাজনৈতিক দলগুলোর ঐকমত্য হয়েছে, সেগুলো বাস্তবায়নে আগামী নির্বাচনে বিজয়ী দলগুলো বাধ্য থাকবে।

ঘ. জুলাই সনদে বর্ণিত অন্যান্য সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হবে।

'গণভোটের দিন এই চারটি বিষয়ের ওপর একটিমাত্র প্রশ্নে 'হ্যাঁ' বা 'না' ভোট দিয়ে মতামত জানাতে হবে। এখানেই মূল জটিলতাটা রয়ে গেছে। চারটি প্রশ্নের কোনো কোনোটিতে বিএনপি ও সমমনাদের আপত্তি আছে। জামায়াত ও সমমনাদের আপত্তি আছে অল্প কিছু বিষয়ে। ফলে রাজনৈতিক দলগুলোর মাঝামাঝি অবস্থান নেওয়ার কোনো সুযোগ নেই। হয় জুলাই সনদ অনুসারে সংস্কার এগিয়ে নেওয়ার স্বীকৃতি দিয়ে 'হ্যাঁ' ভোট দিতে হবে। নতুবা 'না' ভোটের মাধ্যমে প্রত্যাখ্যান করতে হবে। এর ফলে 'না' ভোট জয়ী হওয়ার সম্ভাবনাও নাকচ করে দেওয়া যাচ্ছে না।

রাজনৈতিক ভাষ্যকারদের মত হচ্ছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সংস্কার প্রস্তাবের পক্ষ নিয়ে অন্তর্বর্তী সরকারকে সফল হওয়ার সুযোগ দেবে বলে মনে হয় না। ফলে তাদের সমর্থক ও ভোটারেরা 'না' ভোটের দিকে ঝুঁকতে পারে।

অন্যদিকে সংস্কার প্রস্তাবগুলোর মধ্যে পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ গঠন, উচ্চকক্ষের ক্ষমতা, তত্ত্বাবধায়ক সরকার ও সাংবিধানিক পদে নিয়োগের বিষয়ে বিএনপির ভিন্নমত বেশি। ফলে দলটির সমর্থকদের অনেকে 'না' ভোট দিলে অবাক হওয়ার কিছু থাকবে না। এর মধ্যে গত শুক্রবার নোয়াখালীর নিজ নির্বাচনী এলাকায় এক কর্মসূচিতে গণভোটে 'না' ভোট দিতে আহ্বান জানান বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক বিরোধীদলীয় চিফ হুইপ জয়নুল আবদিন ফারুক।



> নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার ব্যাপারে বিএনপি, জামায়াত, এনসিপিসহ সব দলই একমত। তবে তত্ত্বাবধায়ক সরকার গঠনের যে প্রক্রিয়া জুলাই সনদে রয়েছে, এর কয়েকটি ধাপ নিয়ে ভিন্নমত আছে বিএনপির। এই পরিস্থিতিতে গণভোটে 'না' জয়ী হলে এবং বিএনপি ক্ষমতায় গেলে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা গঠনের প্রক্রিয়া কীভাবে গ্রহণ করে, সেটা দেখার বিষয়। এ ছাড়া তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা নিয়ে উচ্চ আদালতের রায় অপেক্ষমাণ আছে। রায়ের নির্দেশনা মানার একটা বাধ্যবাধকতা আছে। ফলে জুলাই সনদ জনগণের রায় না পেলেও উচ্চ আদালতের রায়ের বিষয়টি থাকবে।

> গণভোটে 'হ্যাঁ' জিতলে সংস্কারের নতুন যুগ শুরু হবেড়এটা নিশ্চিত। কিন্তু 'না' জিতলেও সব পথ বন্ধ হয়ে যাবে না। কিছু সংস্কার নির্বাহী আদেশে বাস্তবায়ন হয়ে যাবে। তবে অনেক মৌলিক সংস্কারই অনিশ্চয়তায় পড়ে যাবে, যা নির্ভর করবে ক্ষমতাসীন দলের ইচ্ছা-অনিচ্ছার ওপর। স্বৈরশাসক এইচ এম এরশাদের পতনের আগে বিএনপি, আওয়ামী লীগসহ প্রধান রাজনৈতিক দলগুলোকে নিয়ে তিন জোটের রূপরেখা বা সংস্কার উদ্যোগ তৈরি করা হয়। তবে সেটি আইনি ভিত্তি পায়নি। ফলে এর বেশির ভাগই পরবর্তী সংসদে বাস্তবায়ন করা হয়নি।

সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগের কী হবে

জুলাই সনদ বাস্তবায়ন আদেশ অনুযায়ী, গণভোটের প্রশ্নের প্রথম বিষয় হলো: 'নির্বাচনকালীন সময়ে তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হবে'।

নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার ব্যাপারে বিএনপি, জামায়াত, এনসিপিসহ সব দলই একমত। তবে তত্ত্বাবধায়ক সরকার গঠনের যে প্রক্রিয়া জুলাই সনদে রয়েছে, এর কয়েকটি ধাপ নিয়ে ভিন্নমত আছে বিএনপির।

এই পরিস্থিতিতে গণভোটে 'না' জয়ী হলে এবং বিএনপি ক্ষমতায় গেলে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা গঠনের প্রক্রিয়া কীভাবে গ্রহণ করে, সেটা দেখার বিষয়। এ ছাড়া তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা নিয়ে উচ্চ আদালতের রায় অপেক্ষমাণ আছে। রায়ের নির্দেশনা মানার একটা বাধ্যবাধকতা আছে। ফলে জুলাই সনদ জনগণের রায় না পেলেও উচ্চ আদালতের রায়ের বিষয়টি থাকবে।

জুলাই সনদে সাংবিধানিক প্রতিষ্ঠান হিসেবে পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি), ন্যায়পাল, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) ও দুর্নীতি দমন কমিশনে (দুদক) নিয়োগের পদ্ধতি সংবিধানে যুক্ত করার কথা বলা হয়েছে। সরকারি দল, বিরোধী দল ও ক্ষেত্রবিশেষে বিচার বিভাগের প্রতিনিধির সমন্বয়ে গঠিত বাছাই কমিটির মাধ্যমে এসব সাংবিধানিক পদে নিয়োগ হবে।

নির্বাচন কমিশন গঠনের বিষয়ে একমত হলেও অন্য প্রতিষ্ঠানগুলোতে এভাবে নিয়োগের বিষয়ে বিএনপির ভিন্নমত আছে। দলটি এসব প্রতিষ্ঠানে আইনের মাধ্যমে নিয়োগ দেওয়ার পক্ষে। অন্যদিকে ঐকমত্য কমিশনের প্রক্রিয়া সম্পর্কে একমত জামায়াত ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

বিএনপি তাদের ঘোষিত ৩১ দফায় বলেছে, স্বচ্ছতা নিশ্চিতকরণে সব রাষ্ট্রীয়, সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের পুনর্গঠন ও শক্তিশালী করা হবে। ফলে বিএনপি জয়ী হলে নিজেদের মতো আইন-বিধিবিধান করতে পারে।

ভোটের সংখ্যানুপাতে উচ্চকক্ষ

বিএনপি, জামায়াত, এনসিপিসহ ২৫টি রাজনৈতিক দল সংসদের উচ্চকক্ষ চায়। বিএনপি তাদের ৩১ দফাতেও ভবিষ্যতে ক্ষমতায় গেলে দ্বিকক্ষবিশিষ্ট সংসদ গঠনের অঙ্গীকার করেছে। কিন্তু উচ্চকক্ষ গঠনের বিষয়ে জুলাই সনদে যে পদ্ধতির কথা উল্লেখ রয়েছে, তা নিয়ে দ্বিমত আছে বিএনপিসহ সাতটি দলের।

জুলাই সনদ অনুসারে, সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ সদস্য নিয়ে উচ্চকক্ষ গঠিত হবে। অন্যদিকে বিএনপি ও তাদের শরিক ১২-দলীয় জোটসহ সমমনা দলগুলোর চাওয়া হচ্ছেড় নিম্নকক্ষে প্রাপ্ত আসনের অনুপাতে ভাগ হবে উচ্চকক্ষের আসন।

জুলাই সনদ অনুসারে, গণভোটে সংখ্যাগরিষ্ঠ ভোট 'হ্যাঁ' সূচক হলে আগামী সংসদ নির্বাচনে নির্বাচিত প্রতিনিধি নিয়ে একটি সংবিধান সংস্কার পরিষদ গঠিত হবে। এই প্রতিনিধিরা একই সঙ্গে জাতীয় সংসদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। পরিষদ তার প্রথম অধিবেশন শুরুর তারিখ থেকে ১৮০ কার্যদিবসের মধ্যে সংবিধান সংস্কার করবে। সংবিধান সংস্কার সম্পন্ন হওয়ার পর ৩০ কার্যদিবসের মধ্যে সংসদ নির্বাচনে প্রাপ্ত ভোটের সংখ্যানুপাতে উচ্চকক্ষ গঠন করা হবে। এর মেয়াদ হবে নিম্নকক্ষের শেষ কার্যদিবস পর্যন্ত। সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন লাগবে।

গণভোটে 'না' সূচক ভোট জয়লাভ করলে সংসদের উচ্চকক্ষ গঠনেরই আইনি বাধ্যবাধকতা থাকবে না। তখন যে দল ক্ষমতায় আসবে, চাইলে তাদের মতো করে উচ্চকক্ষ হতে পারে।

সবকিছু নির্ভর করছে ভোটার ও রাজনৈতিক দলগুলোর ওপর

যেকোনো নির্বাচনে ভোটারদের কেন্দ্রে আনার মূল দায়িত্ব রাজনৈতিক দল, তাদের মনোনীত প্রার্থী এবং নেতা-কর্মীদের। জাতীয় নির্বাচন ও গণভোট একই দিনে অনুষ্ঠিত হবে। ফলে রাজনৈতিক দলগুলো ভোটারদের কেন্দ্রে নিয়ে আসার ক্ষেত্রে সর্বাত্মক চেষ্টা চালাবেড়এমনটাই ধারণা করা যায়।

তবে গণভোট অনুষ্ঠিত হবে ৪৮টি বিষয়ের ওপর। যা কিছুটা জটিল, সংবিধান সংক্রান্ত। ফলে রাজনৈতিক দলগুলো ভোটারদের যেভাবে বোঝাবে, সে অনুসারেই গণভোটের ফল আসার সম্ভাবনা বেশি। তাই রাজনৈতিক দলগুলোর চাওয়ার ওপরই গণভোটের ফলাফল নির্ভর করছে।

গণভোটে 'হ্যাঁ' জিতলে সংস্কারের নতুন যুগ শুরু হবেড়এটা নিশ্চিত। কিন্তু 'না' জিতলেও সব পথ বন্ধ হয়ে যাবে না। কিছু সংস্কার নির্বাহী আদেশে বাস্তবায়ন হয়ে যাবে। তবে অনেক মৌলিক সংস্কারই অনিশ্চয়তায় পড়ে যাবে, যা নির্ভর করবে ক্ষমতাসীন দলের ইচ্ছা-অনিচ্ছার ওপর। স্বৈরশাসক এইচ এম এরশাদের পতনের আগে বিএনপি, আওয়ামী লীগসহ প্রধান রাজনৈতিক দলগুলোকে নিয়ে তিন জোটের রূপরেখা বা সংস্কার উদ্যোগ তৈরি করা হয়। তবে সেটি আইনি ভিত্তি পায়নি। ফলে এর বেশির ভাগই পরবর্তী সংসদে বাস্তবায়ন করা হয়নি।

২০০১ সাল থেকে পরবর্তী সবগুলো নির্বাচনেই ক্ষমতাসীন দল ও তাদের জোট দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করেছে। আগামী নির্বাচনে কোনো দল ও জোট দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা পেলে সংস্কারের ভবিষ্যৎ কী হবে, তা বলা মুশকিল। সাধারণ সংখ্যাগরিষ্ঠতা পেলে হয়তো বিরোধীদের চাপের মুখে থেকে কিছু কিছু সংস্কারের উদ্যোগ নেওয়া হতে পারে।

--প্রথম আলো'র বিশ্লেষণ

এক নজরে শেখ হাসিনার মামলার বিচার কার্যক্রম

শেষ পৃষ্ঠায় পর করা হয়। ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত গণঅভ্যুত্থানের সময় ঢাকা ও দেশের বিভিন্ন স্থানে গণহত্যাসহ বিভিন্ন মানবতাবিরোধী অপরাধের জন্য গত বছরের ১৪ আগস্ট ট্রাইব্যুনালের তদন্ত সংস্থায় অভিযোগ করেন শহীদ সিয়ামের বাবা বুলবুল ফকির। এতে প্রথম অভিযোগ ছিল শেখ হাসিনাসহ ৯ জনের বিরুদ্ধে।

অভিযোগ কী বলা হয়

অভিযোগে বলা হয়েছে, এক থেকে ৯ নম্বর আসামির নির্দেশে ও পরিকল্পনায় অন্য আসামিরা দেশি এবং আগ্নেয়াস্ত্র দিয়ে নির্বিচারে গুলিবর্ষণ করে আন্দোলনকারী সাধারণ নিরস্ত্র ছাত্র-জনতাকে হত্যা করে। এসব অভিযোগ যাচাই-বাছাই ও পর্যালোচনা করে মামলা হিসেবে ট্রাইব্যুনালের 'কমপ্লেইনার' রেজিস্টারে নথিভুক্ত করা হয়। সে ক্ষেত্রে শেখ হাসিনাসহ তিনজনের বিরুদ্ধে করা মামলার বাদী চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম।

বিচারকাজ শুরু

এরপর পুনর্গঠিত ট্রাইব্যুনালের বিচারকাজ শুরু হয় গত বছরের ১৭ অক্টোবর। সেদিনই এ মামলায় শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন ট্রাইব্যুনাল। এরপর তদন্ত সংস্থার আবেদনের পরিপ্রেক্ষিতে চলতি বছর ১৬ মার্চ সাবেক আইজিপি মামুনকে এ মামলায় আসামি হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা চলতি বছরের ১২ মে চিফ প্রসিকিউটর কার্যালয়ে তদন্ত প্রতিবেদন জমা দেয়। আর প্রসিকিউশন শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করে গত ১ জুন। প্রসিকিউশনের দাখিল করা অভিযোগপত্রটি ছিল ১৩৫ পৃষ্ঠার। এর সঙ্গে আট হাজার ৭৪৭ পৃষ্ঠার বিভিন্ন নথি ও তথ্যপ্রমাণ জমা দেওয়া হয়। মামলার তদন্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার জানে আলম খান ও মো. আলমগীর।

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান দমনে এক হাজার ৪০০ জনকে হত্যা ও ২৫ হাজার মানুষকে অঙ্গহানির উস্কানি, প্ররোচনা ও নির্দেশ দান, 'সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটি'সহ মোট পাঁচটি অভিযোগ আমলে নিয়ে গত ১০ জুলাই শেখ হাসিনাসহ তিন আসামির বিচার শুরুর আদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। এর মধ্য দিয়ে শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের প্রথম মামলার বিচার শুরু হয়। উভয় পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শেষে ২৩ অক্টোবর শেষ হয় মামলার বিচার। চলতি বছর গত ২ জুলাই আদালত অবমাননার দায়ে শেখ হাসিনাকে ছয় মাসের কারাদণ্ড দেন একই ট্রাইব্যুনাল।

মামলায় সাক্ষ্যগ্রহণ

গত ৩ আগস্ট রাষ্ট্রপক্ষের প্রথম সাক্ষী খোকন চন্দ্র বর্মণের সাক্ষ্যগ্রহণের মধ্য দিয়ে মামলার বিচারকাজ শুরু হয়। এই মামলায় রাষ্ট্রপক্ষ মোট ৮১ জনকে সাক্ষী হিসেবে তালিকাভুক্ত করে। তাদের মধ্যে আবদুল্লাহ আল-মামুন এবং মামলার তদন্ত কর্মকর্তাসহ মোট ৫৪ জন ট্রাইব্যুনালে সাক্ষ্য দেন। পাশাপাশি দেশী-বিদেশি গণমাধ্যমে জুলাই-আগস্ট হত্যাকাণ্ড নিয়ে প্রকাশিত অডিও, ভিডিও এবং অন্যান্য প্রমাণ আদালতের কাছে উপস্থাপন করা হয়।

যুক্তিতর্ক শুরু

যুক্তিতর্ক শুরু হয় চলতি বছরের ১২ অক্টোবর। গত ২৩ অক্টোবর উভয় পক্ষের শুনানি, যুক্তিতর্ক উপস্থাপনের পর সমাপনী বক্তব্যের মধ্য দিয়ে মামলাটির বিচারকার্য শেষ হয়।

গত বছর ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত অভিযোগ গঠনের পর থেকে তিন মাস ১৩ দিনের মধ্যে বিচার শেষ হলো।

আসামিদের বিরুদ্ধে পাঁচ অভিযোগ

পাঁচটি অভিযোগ আমলে নিয়ে চার্জ গঠন করেছেন ট্রাইব্যুনাল। সেগুলো হলো- গণভবনে সংবাদ সম্মেলনে উসকানিমূলক বক্তব্য দেওয়া, রংপুরে বিশ্ববিদ্যালয় ছাত্র আবু সাঈদকে হত্যা, হেলিকপ্টারে প্রাণঘাতি অস্ত্র ব্যবহারের নির্দেশ, চাঁনখারপুলে ৬ জনকে গুলি করে হত্যার নির্দেশ এবং আশুলিয়ায় ৬ জনকে হত্যা ও লাশ পোড়ানোর নির্দেশ।

প্রসিকিউশনের বক্তব্য

অভিযুক্তরা দণ্ডিত হলে তাদের সম্পদ বাজেয়াপ্ত করে ভিকটিমদের পরিবারগুলোর মধ্যে বণ্টনের জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ আবেদন জানিয়েছেন প্রসিকিউশন। গতকাল রোববার প্রসিকিউটর গাজী এমএইচ তামিম সাংবাদিকদের বলেন, ট্রাইব্যুনালের আইনের বিধান অনুযায়ীই এই আবেদন করা হয়েছে।

তিনি বলেন, যেহেতু আইনে রয়েছে, তাই আমরা দোষীদের সম্পদ বাজেয়াপ্ত করার আবেদন করেছি। ন্যায়বিচারের স্বার্থে ট্রাইব্যুনাল যে আদেশ দেবেন, প্রসিকিউশন তা মেনে নেবে।

প্রসিকিউটর আরও জানান, এই মামলায় শেখ হাসিনা এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড চাওয়া হয়েছে। প্রসিকিউশন বিশ্বাস করেন, এ মামলায় আনা পাঁচটি অভিযোগই তারা সন্দেহাতীতভাবে প্রমাণ করতে পেরেছেন।

রাষ্ট্রপক্ষের এই আইনজীবী বলেন, মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণার ক্ষেত্রে শেখ হাসিনাকে নারী হিসেবে কোনো রকমের সহানুভূতি বা বিশেষ সুবিধা দেওয়া হবে না।

অন্যদিকে, শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামাল খালাস পাবেন বলে আশা প্রকাশ করেছেন রাষ্ট্র নিযুক্ত আইনজীবী আমির হোসেন। তিনি বলেন, আমার প্রত্যাশা, আমার মক্কেলরা খালাস পাবেন।

বিচার প্রক্রিয়া কতটা স্বচ্ছ

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে স্বচ্ছ এবং স্বাভাবিক প্রক্রিয়ায় বিচার অনুষ্ঠিত হচ্ছে- দাবি করেছেন প্রসিকিউটর মো. মিজানুল ইসলাম। তিনি বলেন, নিঃসন্দেহে বলতে পারি যে, স্বচ্ছ এবং স্বাভাবিক প্রক্রিয়ায় বিচার অনুষ্ঠিত হচ্ছে– এখন দেশে যে বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি করার অপচেষ্টা চালানো হচ্ছে; আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দৃঢ়তার সঙ্গে এ ধরনের পদক্ষেপকে রুখে দেবে।

এ প্রসঙ্গে জ্যেষ্ঠ আইনজীবী জেড আই খান পান্না সমকালকে বলেন, যদি কোনোদিন রাজনৈতিক পট পরিবর্তন হয়, আওয়ামী লীগ ফিরে আসে, তাহলে এই রায় টিকবে না। যেমন ড. মুহাম্মদ ইউনূস প্রধান উপদেষ্টা হিসেবে ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে তাঁর বিরুদ্ধে থাকা সব মামলা বাতিল হয়ে গেল। সেই কারণে কী সাজা হলো বা হলো না- সেটা আমার কাছে গুরুত্বপূর্ণ না। আমি এই বিচারকে গুরুত্ব দিচ্ছি না।

দ্বিধাবিভক্ত ডেমোক্র্যাটিক নেতৃত্বে হোকুল-মামদানীর সহাবস্থানে চ্যালেঞ্জ

শেষ পৃষ্ঠায় পর এগিয়ে নিতে হবে। কিন্তু রাজনৈতিক বাস্তবতা বলছে, এই সহাবস্থান সহজ হবে না, বরং পরিণত হতে পারে ডেমোক্র্যাটিক নেতৃত্বের জন্য বছরের সবচেয়ে কঠিন পরীক্ষায়।

সম্প্রতি গণমাধ্যম পলিটিকো তাদের প্রতিবেদনে বলেছে, নিউ ইয়র্কে সফল হতে হলে মধ্যমপন্থী গভর্নর ক্যাথি হোকুল ও নবনির্বাচিত মেয়র জোহরান মামদানীর একে অপরের প্রয়োজন হবে। কিন্তু ডেমোক্র্যাটিক পার্টি যখন অভ্যন্তরীণ দ্বন্দ্বে টালমাটাল, তখন একজন মধ্যপন্থী ডেমোক্র্যাট ও একজন গণতান্ত্রিক সমাজতান্ত্রিক নেতার একত্রে নিউ ইয়র্কের প্রশাসনিক ও উন্নয়ন করতে অনেকটাই এক কঠিন পরীক্ষার মতো।

দুই ডেমোক্র্যাট নেতার জন্য সামনের পথ ভরা ঝুঁকিতে।

হোকুলকে মোকাবিলা করতে হচ্ছে নিউ ইয়র্ক সিটির ব্যবসায়ী মহলের সন্দেহ ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অনিশ্চিত অবস্থান, যিনি ইতোমধ্যেই শহরের ফেডারেল ফান্ডিং কেটে দেওয়ার হুমকি দিয়েছেন। অন্যদিকে প্রাক্তন গভর্নর অ্যান্ড্রু কুওমোকে প্রাইমারি ও সাধারণ নির্বাচনে হারিয়ে আসা মামদানী দাবি করছেন তিনি ব্যাপক জনসমর্থনের প্রতিনিধিত্ব করছেন। কিন্তু তার ব্যয়বহুল নির্বাচনী অঙ্গীকার পূরণে ব্যাপকভাবে রাজ্যের অনুমোদন লাগবে। তার সমর্থকেরা ইতোমধ্যেই ধনী নিউ ইয়র্কারদের ওপর আয়কর বাড়ানোর দাবিতে হোকুলকে চাপ দিচ্ছেন গত মাসে একটি সমাবেশে তাকে বিদ্রূপ করা হয়, যা মামদানী মঞ্চে উঠে সামাল দেন।

ডেমোক্র্যাটিক কৌশলবিদ ডগ ফরান্ড বলেন, "তাদের দু'জনকে একে অপরের রাজনৈতিক বাস্তবতাকে বুঝে চলতে হবে। তিনি (হোকুল) নির্বাচনের মুখে। মামদানীরও তার প্রতিশ্রুতিগুলোর কিছু বাস্তবায়ন করতে হবে।"

হোকুল দ্বিতীয় পূর্ণ মেয়াদের জন্য লড়ছেন, তাই লং আইল্যান্ডের মতো মধ্যমপন্থী এলাকাকে বিরক্ত করার সুযোগ নেই–যেখানে মামদানী খুবই অপ্রিয়। আবার তাকে মামদানীর বামপন্থী সমর্থন পুরোপুরি হারিয়েও চলবে না, কারণ তার নিজের লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টোনিও ডেলগাডোর কাছ থেকে একটি দুরূহ প্রাইমারি চ্যালেঞ্জ সামনে রয়েছে।

পলিটিকো আর বলেছে, মামদানীর দিক থেকেও হোকুল অত্যন্ত গুরুত্বপূর্ণ। হোকুল ব্যর্থ হলে সম্ভাব্য রিপাবলিকান গভর্নর মামদানীর পুরো শাসন পরিকল্পনাকেই থামিয়ে দিতে পারেন, হোকুলপন্থী ডেমোক্র্যাটরা বলছেন। এমনকি রিপাবলিকান প্রার্থী এলিস স্টেফানিক ইঙ্গিত দিয়েছেন, নির্বাচিত হলে মেয়র হিসেবে মামদানীকে অপসারণের ক্ষমতা ব্যবহারে তিনি পিছপা হবেন না।

ফলে বামপন্থী মামদানী ও মধ্যপন্থী হোকুলের সম্পর্ক যেন জোরপূর্বক রাজনৈতিক বিবাহ–এক ভীষণভাবে বিভক্ত দলের দুই ভিন্ন মেরুর প্রতিনিধি একসাথে চলতে পারবেন কিনা, তা নিয়ে পুরো দেশ নজর রাখবে।

পার্টির ভেতর ফাটল আরও তীব্র

মামদানীর প্রার্থীতা থেকেই ডেমোক্র্যাটদের অভ্যন্তরীণ বিভাজন প্রকট হয়। সেনেট মাইনরিটি লিডার চাক শুমার ও রাজ্যের চেয়ারম্যান জে জ্যাকবস–দু'জনই তাকে সমর্থন করতে অস্বীকৃতি জানান। সুইং-হাউস আসনের মধ্যমপন্থী ডেমোক্র্যাটরা ভয় পাচ্ছেন, উপশহরাঞ্চলে মামদানী রিপাবলিকানদের কাছে বড় অস্ত্র হয়ে উঠবেন।

অন্যদিকে ব্যবসায়ী নেতাদের কাছে হোকুল প্রতিশ্রুতি দিয়েছেন যে তিনি ধনীদের আয়কর বৃদ্ধি-সহ মামদানীর অনেক প্রস্তাব ঠেকানোর 'দেয়াল' হয়ে থাকবেন। কিন্তু এতে তিনি নিজের দলের বামপন্থী আইনপ্রণেতাদের সাথে সংঘাতে পড়ছেন। পুনর্নির্বাচনের দোরগোড়ায় তিনি এমনিতেই নাজুক অবস্থায়।

মামদানী, যার কোনো নির্বাহী অভিজ্ঞতা নেই, তাকে ৩ লাখ কর্মচারী নিয়ন্ত্রণকারী বিশাল আমলাতন্ত্র পরিচালনা করতে হবে–যা অভিজ্ঞ মেয়রদের জন্যও কষ্টসাধ্য। তার ফ্রি বাস, চাইল্ড কেয়ার, সরকারি সুপারমার্কেট–সব পরিকল্পনাই আরও কঠিন হয়ে যাবে যদি ট্রাম্প হুমকি মতো ফেডারেল সাহায্য কমিয়ে দেন।

ডেমোক্র্যাটদের মধ্যপন্থী শাখা এখন সংযমের পরামর্শ দিচ্ছে।

"সবকিছু করতে গেলে প্রচুর অর্থ দরকার," বললেন কংগ্রেসম্যান জর্জ ল্যাটিমার। "আর যদি দুই পক্ষই প্রতিদিন আলাদা প্রেস কনফারেন্স করে, তাহলে কাজ এগোনো অসম্ভব হয়ে পড়বে।"

দুই নেতার পার্থক্য এবং মিল

হোকুল বহু দশক ধরে বিভিন্ন নির্বাচিত পদে আছেন–অভিজ্ঞতায় ভরপুর। অন্যদিকে মামদানী তরুণ, ক্যারিশম্যাটিক, প্রথমে নির্বাচিত হয়েছিলেন সাধারণ এক অ্যাসেম্বলি আসনে মাত্র পাঁচ বছর আগে।

তবু মিল আছে। হোকুল নিউ ইয়র্কের প্রথম নারী গভর্নর, আর মামদানী শপথ নিলে নিউ ইয়র্ক সিটির প্রথম মুসলিম মেয়র হবেন। হোকুলের ঘনিষ্ঠরা বলছেন, 'আফোর্ডেবিলিটি' বা জীবনযাত্রার ব্যয় কমানো–এ বিষয়টিতে দুই নেতা কাজ করতে পারবেন।

কিন্তু পার্টির ভিন্ন ভিন্ন শিবির থেকে আসা হওয়ায় সন্দেহও প্রবল–যা রিপাবলিকান প্রার্থী স্টেফানিক জোরেশোরে কাজে লাগাচ্ছেন। তার প্রচারণা ভিডিওতে মামদানীকে তুলে ধরে 'ডিফান্ড দ্য পুলিশ, ট্যাক্স-হাইকিং, অ্যান্টিসেমিটিক কমিউনিস্ট' বলে আক্রমণ করা হয়েছে।

উপশহরে মামদানীর জনপ্রিয়তা বেশ কম, একটি সিয়েনা কলেজ জরিপে দেখা গেছে।

শুরুতেই টানাপোড়েন

নির্বাচনের পর প্রথম দিনগুলোতেই দুই নেতার অনিশ্চিত পথচলার ইঙ্গিত মিলেছে। পুয়ের্তো রিকোতে Somos সম্মেলনে হোকুল প্রথমে মামদানীকে মঞ্চে অভিনন্দন জানান। তারপর সাংবাদিকদের সামনে তার 'ফ্রি বাস' পরিকল্পনা নিয়ে সন্দেহ প্রকাশ করেন। পরে হোকুলের মুখপাত্র ব্যাখ্যা দেন যে, এমটিএর অর্থ নিশ্চিত থাকলে গভর্নর সহযোগিতা করতে প্রস্তুত।

তবুও এই ঘটনায় মামদানীর বামপন্থী সমর্থকদের সন্দেহ আরও গভীর হয়েছে।

ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির সহ-পরিচালক জেসমিন থ্রিপার বলেন,

"গভর্নরকে জিততে হলে নিউ ইয়র্ক সিটির ভোট দরকার। মামদানী যদি সমর্থকদের বলে হোকুলকে ছেড়ে দিতে–তাহলে তার পক্ষে সমস্যা।"

WFP হোকুলের বিরুদ্ধে ডেলগাডোকে সমর্থন করার সম্ভাবনাও উড়িয়ে দেয়নি।

নিরাপত্তা, ইসরায়েল এবং অন্যান্য অদৃশ্য উত্তেজনা

আইনশৃঙ্খলা ও ইসরায়েল-সংক্রান্ত অনেক বিষয়েও তাদের মতপার্থক্য আছে। হোকুল তাকে ইহুদি সম্প্রদায়ের সঙ্গে সম্পর্ক মেরামতের পরামর্শ দিয়েছেন এবং সাবওয়ে নিরাপত্তায় বাড়তি পুলিশি উপস্থিতির পক্ষেও বলেছেন।

ঐতিহাসিকভাবে নিউ ইয়র্কের গভর্নর ও মেয়ররা খুব কমই একে অপরের সঙ্গে তাল মিলিয়ে চলেছেন। কুওমো ও ডি ব্লাজিয়োর সংঘাত এখনো জনপ্রিয় উদাহরণ। হোকুল বলেছেন তিনি 'ড্রামা' কমাবেন–যদিও এরিক অ্যাডামসের প্রশাসনে সেটি কঠিন ছিল।

তবু কিছু ক্ষেত্রে দুই নেতা মিল খুঁজে পান–বিশেষ করে ট্রাম্পের বিরুদ্ধে অবস্থান নেওয়া ও ব্যয়সঙ্কুল শহরে শিশু যত্ন সম্প্রসারণের মতো জনপ্রিয় ইস্যুতে।

ডেমোক্র্যাট সিনেটর জেরেমি কুনি বলেন, "দু'জনের মাঝে সত্যিকারের আস্থা আছে। মতভেদ থাকলেও সম্পর্ক সৎ।"

অন্যদিকে ট্রাম্প শহরে ন্যাশনাল গার্ড পাঠানোর ধারণা বাতিল করেননি। মামদানী কথা বলতে চাইলেও এখনো প্রেসিডেন্টের সঙ্গে কোনো ফোনকথা নির্ধারিত হয়নি।

হোকুল মামদানীর প্রশাসন গঠনে কিছু প্রভাবও রেখেছেন। তিনি এনওয়াইপিডি কমিশনার জেসিকা টিশকে রাখার জন্য মামদানীকে উৎসাহিত করেছেন এবং ডিন ফুলেহানকে প্রথম ডেপুটি মেয়র হিসেবে নিয়োগ দেওয়াকে প্রশংসা করেছেন।

মামদানী বলেন, "আমি নিজের সিদ্ধান্ত নিজেই নিই, কিন্তু গভর্নরের সঙ্গে কাজ করতে পেরে আমি উৎসাহিত।"

আদালতের নিষেধাজ্ঞার পর ফেরার প্রস্তুতি

শেষ পৃষ্ঠায় পর করা। তবে মোতায়েন নিয়ে আদালতে মামলা হওয়ায় সেনাদের দীর্ঘদিন প্রশিক্ষণঘাঁটিতেই অবস্থান করতেহয়।

একজন ফেডারেল বিচারক বলেন, ইলিনয়ের পরিস্থিতিকে "বিদ্রোহ" হিসেবে বিবেচনার মতো পর্যাপ্ত তথ্য নেই। তিনি সামরিক মোতায়েন ছুগিত করেন এবং হোমল্যান্ড সিকিউরিটির মূল্যায়নকে "অবিশ্বস্ত" বলে মন্তব্য করেন। পরে সুপ্রিম কোর্ট উভয় পক্ষকে অতিরিক্ত ব্যাখ্যা-সংবলিত নতুন ব্রিফ জমা দিতে নির্দেশ দেয়।

শিকাগো, পোর্টল্যান্ড ও লস অ্যাঞ্জেলেসে ট্রাম্প প্রশাসনের সামরিক উপস্থিতির বৈধতা নিয়ে যে মামলাগুলো চলছে, তাতে ফেডারেল ক্ষমতা বনাম অঙ্গরাজ্যের অধিকার এই বিতর্ক আরও তীব্র হয়েছে।

যুক্তরাষ্ট্রের নর্দার্ন কমান্ড জানিয়েছে, পোর্টল্যান্ড, লস অ্যাঞ্জেলেস ও শিকাগোতে টাইটেল ১০-এর আওতায় সামরিক উপস্থিতি পুনর্বিন্যাস করা হবে। তবে এ বিষয়ে তারা বিস্তারিত মন্তব্য করতে রাজি হয়নি।

'সহিংস বিক্ষোভ' দাবি, স্থানীয়দের ভিন্ন মত

প্রশাসনের দাবি, শিকাগো ও পোর্টল্যান্ডে চলমান আন্দোলন "সহিংস" এবং "ঘরোয়া সন্ত্রাসীদের" দ্বারা পরিচালিত। তবে স্থানীয় ও অঙ্গরাজ্য কর্তৃপক্ষ বলছে, বেশির ভাগ বিক্ষোভই শান্তিপূর্ণ ছিল এবং সীমিত উত্তেজনার ঘটনাগুলো স্থানীয় পুলিশ সামাল দিতে সক্ষম হয়েছে।

ক্যালিফোর্নিয়া-ওরেগনে আইনি টানাপোড়েন

লস অ্যাঞ্জেলেসে বিক্ষোভ দমনে ন্যাশনাল গার্ড মোতায়েনের পর ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউজোম ফেডারেল সরকারের বিরুদ্ধে মামলা করেন। এক ফেডারেল বিচারক রায় দেন, ক্যালিফোর্নিয়াসহ বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনী ব্যবহার করে ট্রাম্প আইন লঙ্ঘন করেছেন।

আইন অনুযায়ী, জরুরি পরিস্থিতিতে যখন "নিয়মিত বাহিনী" দিয়ে ফেডারেল আইন প্রয়োগ সম্ভব নয়, তখনই প্রেসিডেন্ট ন্যাশনাল গার্ডকে ফেডারেল নিয়ন্ত্রণে নিতে পারেন। বর্তমানে "নিয়মিত বাহিনী"-র সংজ্ঞা নিয়েই আদালতে তর্ক-বিতর্ক চলছে।

ওয়াশিংটন ডিসি ও মেমফিসে নতুন মোতায়েন

আগস্টে ট্রাম্প ওয়াশিংটন ডিসির পুলিশকে সরাসরি ফেডারেল নিয়ন্ত্রণে নেওয়ার ঘোষণা দেন এবং সেখানে ন্যাশনাল গার্ড পাঠান। একই পদক্ষেপ পরে টেনেসির মেমফিসেও নেওয়া হয়। স্থানীয় পুলিশ জানিয়েছে, আগামী কয়েক দিনের মধ্যে আরও ২০০ ন্যাশনাল গার্ড সদস্য সেখানে মোতায়েন করা হবে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর অনুষ্ঠান শুরু হলো রাত পৌনে ৯টার দিকে। পাশে বসা এক সংবাদ কর্মী মন্তব্য করলেন- বাঙালীর সময় জ্ঞান বলে কথা! কোন মন্তব্য করলাম না। পাশাপাশি অনুষ্ঠানের আয়োজন, ব্যবস্থাপনা এবং কর্মকর্তাদের অহেতুক মঞ্চ আর মঞ্চের আশেপাশে ঘোরাঘুরি দৃষ্টি কটু লেগেছে বলেও অনেকে মন্তব্য করলেন।

১৬ নভেম্বর ২০২৫

ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে হাসান চৌধুরীর প্রশ্নঃ
আমি একজন ইউএস সিটিজেন। আমার স্ত্রী গ্রীনকার্ডধারী। কয়েক মাস আগে আমার গ্রীনকার্ডধারী স্ত্রী তার অসুস্থ মাকে দেখতে ২ মাসের জন্য বাংলাদেশে গিয়েছিলো। সে যখন বাংলাদেশে যায় তখন সে প্রেগন্যান্ট ছিল। কিন্তু বাংলাদেশে যাবার পর সে ভীষণ অসুস্থ হয়ে পড়ে এবং সময়ের আগে সন্তান লাভ করে। এই অবস্থায় বাংলাদেশের ডাক্তার তাকে আপাতত ভ্রমন করতে নিষেধ করেছে। কিন্তু বিনা অনুমতিতে একজন গ্রীনকার্ডধারী বাংলাদেশে গিয়ে ৬ মাসের বেশি থাকতে পারে কিনা? এবং এ ব্যাপারে তার গ্রীন কার্ডের কোন সমস্যা হতে পারে কিনা?

আমার আরেকটি জানার বিষয় হচ্ছে আমি এখান থেকে আমার নবজাত সন্তানের জন্য সিটিজেন বাবা হিসেবে আবেদন করতে পারব কিনা?

এ ব্যাপারে আপনার পরামর্শ কামনা করছি। আপনার পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো।

হাসান চৌধুরীর প্রশ্নের উত্তরঃ
একজন গ্রীনকার্ডধারী ইউএসএ'র বাইরে একবছর পর্যন্ত অবস্থান করতে পারেন। তবে ৬ মাসের অধিক সময় এ দেশের বাইরে অবস্থান করা ঝুঁকিপূর্ণ। ৬ মাসের বেশি সময় এদেশের বাইরে অবস্থান করলে ফেরার সময় প্রশ্নের সম্মুখীন হতে পারেন। ৬ মাস বা তার বেশি সময় ইউএসএর বাইরে থাকলে ধরে নেওয়া হয় যে, আপনার রেসিডেন্সি ধারাবাহিকতা ভঙ্গ হয়েছে। পরবর্তীকালে সিটিজেনশীপের আবেদন করার সময় তা আপনার সক্ষমতার উপর প্রভাব ফেলতে পারে।

৬ মাস বা তার অধিক সময় ইউএসএর বাইরে থাকলে ইউএসএ'র নীতিমালার সঙ্গে জোরালোভাবে সঙ্গতিপূর্ণ হতে হবে। উদাহরণ- যেমন চিকিৎসা সংক্রান্ত কারণ বা জরুরী পারিবারিক কারণ।

পার্মানেন্ট রেসিডেন্ট কোন মায়ের ইউএসএর বাইরে সন্তান প্রসব হলেঃ
ইউএসএর পার্মানেন্ট রেসিডেন্ট কোন মায়ের সন্তান জন্মগ্রহণ করলে সে সন্তান জন্মের পর মা যদি প্রথমবারের জন্য ইউএসএ ফেরেন তবে মা সেই সন্তানকে ভিসা ছাড়াই ইউএসএ'র পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে এদেশে নিয়ে আসতে পারবেন। তবে জন্মের পর ২ বছরের মধ্যে অবশ্যই সেই সন্তান ইউএসএ প্রবেশ করতে হবে।

সেক্ষেত্রে কোন বিমান সংস্থা উপযুক্ত ভিসা ছাড়া তাকে বিমানে উঠতে দিতে নাও পারে। সে কারণে এরকম ঘটনায় মাকে ইউএস কনসুলেটে ১৩১-এ ফরম দাখিল করে এবং বাইরে জন্মগ্রহণের প্রমাণ ও গ্রিনকার্ডের একটি কপি জমা দিয়ে ট্রাভেল ডকুমেন্ট নিয়ে বিমানে উঠতে হবে।

কোন ইউএস সিটিজেনের সন্তান ইউএসএ'র বাইরে জন্মগ্রহণ করলেঃ
আইএনএ সেকশন ৩০১ (সি) অনুসারে সেই সন্তান স্বয়ংক্রিয়ভাবে ইউএসএ'র সিটিজেনশীপ পেয়ে যাবে যদি সিটিজেন পিতা শারীরিকভাবে ইউএসএ অবস্থান করেন। তবে সে ক্ষেত্রে নিকটতম ইউএস দুতাবাস বা কনস্যুলেটে থেকে যত দ্রুত সম্ভব কনস্যুলারের রিপোর্ট অব বার্থ এ্যাব্রড (সি আরবিএ) অফিসিয়াল রেকর্ড ইস্যু করতে পারে, যা প্রমাণ করবে সন্তানটি একজন ইউএস সিটিজেনের সন্তান।

অনুগ্রহ করে ইউএস কনস্যুলেটের ওয়েবসাইট সন্ধান করুন প্রয়োজনীয় কাগজপত্র ও প্রক্রিয়া জানার জন্য। এই বিষয়ে পরবর্তীতে এই বিভাগে আরো বিস্তারিত জানানোর আশা রাখছি।

নভেম্বর ভিসা বুলেটিন ২০২৫ঃ
ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) নভেম্বর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে নভেম্বর ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

নভেম্বর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ
প্রথমঃ (এফ ১)ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

প্রায় প্রতি সপ্তাহে আমরা যে পরামর্শ দিয়ে থাকি সেটা হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

সুন্দরের প্লাবন
শেখর ভট্টাচার্য

তোমার অনুভূতির অনুবাদ করতে পারি খুব সহজে
আমার অনুভূতি সঞ্চালনে ব্যর্থ হয়ে কাতরে উঠি
বিভ্রম, বিভ্রান্তি সন্দেহ খেলা করে জিওল মাছের মতো
আমাদের সম্পর্ক ঘষা কাঁচের ভেতরের প্রতিবিম্ব
ভালোবাসা, মায়ার ছায়াগুলো আধিভৌতিক রূপ নেয়,
মেঘলা আকাশে ওড়া ঘুড়ির মতো তুমি আমাকে দেখতে পাও
দূরাগত 'রাঢ়াঙ' এর শব্দের মতো তুমি আমাকে শুনতে পাও।
তোমার দেখা, বুঝা হ্যালুসিনেশনের মত সত্য হয়ে বিভ্রান্তি ছড়ায়
আমাদের ধূসর সম্পর্ক ঘন বৃষ্টির প্রপাত হয়ে ঝরবে কী একদিন
ঝড়ের দাপটে গুমোট সন্দেহের মেঘ উবে যাবে নিশ্চয়
অভিব্যক্তিগুলো সঞ্চালিত হবে সমান্তরাল রেল লাইনে,
আবরণহীন সম্পর্ক মূর্ত হবে একদিন প্রেম আলিঙ্গনে,
অতঃপর,
সারি সারি সুন্দরের প্লাবনে জেগে ওঠবে, পৃথিবীর বিবর্ণ প্রান্তর।

পাতার ফাঁকে রোদের গান
আলম মাহবুব

দুপুর নদীটির পাশে ঝিমোয়
ঝুলবারান্দায় পাখির খাঁচাতে লটকে থাকে সময়।
যাবর কাটে অলস প্রহর
পাতার ফাঁকে রোদের গান
শান্তির সুবাতাস ছড়িয়ে
ঝলমলিয়ে ওঠে নীরবতা দুপুরের।

আঙিনার মাদুরে দুপুর শুয়ে পড়ে
নেচে ওঠে লজ্জাবতী বধূর সাজে শান্ত দীঘির জল
কলতলাতে দাঁড়িয়ে কেউ শিস দেয় ডাহুক স্বভাবে,
আড়মোড়া ভেঙ্গে যায় দুপুরের
এক পা' দু'পা' করে এগোয় সে গোধুলিতে
অতঃপর সন্ধ্যার অন্ধকারে যায় হারিয়ে।

আমরা সন্ধ্যা জ্বালিয়ে আলো করি ঘর।

নন্দিতার সমুদ্র বিলাস
এবি ছিদ্দিক

একাদশী চাঁদ-বিরহের দোসর জন্মজন্মান্তর!
প্রেমাবেগের কথোপকথনে উপমা।
মধুবতী চাঁদের ছোঁয়া দিও।
গানের লিরিক- কল্পনায় চুম্বন অস্ফুট!
দেহের ঘ্রাণ, ভেজা ঠোঁটের কাঁপন
মধুচন্দ্রিমায় উলেন চাদর!
নামের সাথে নাম যাবতীয় সংখ্যাহীন প্রবাহ চিত্র।
ছোঁয়াটুকু রক্তপলাশ ঠোঁটে জলধির পার রাঙিয়ে
শারীরিক কাব্য সুখ রেখে যায় অন্তহীন উতল বাতাসে-
পার ভাঙা ঢেউয়ের বুকে।
চাঁদের কী প্রয়োজন, নন্দিতা?

নীলাভ শাড়ি-শরীর জুড়ে পূর্ণিমার জোয়ার
অনন্য চরিত্র!
সমুদ্রের বিশাল ক্যানভাসে সর্পিল ফর্সা পা!
বিন্দু বিন্দু ঘাম-হাওয়ার তোড়ে ওড়ে সোনালি কেশ।

সাপলুডু
শারমিন সুলতানা রীনা

কষ্ট পেলেই কী শুধু কাঁদে মানুষ
সুখের অশ্রুতেও রুপালি শিশিরে
চিকচিক করে চোখ

অনন্ত দুঃখ বয়ে পৃথিবীর পথে আমি
হেঁটেছি অবিরাম
কখনও সোনালী সুর্য
কখনও নিবিড় আঁধারের সাথে
গড়েছি অপার সখ্যতা

স্বপ্ন ও কল্পনার জাল বুনে বুনে
কেটে গেছে এক মহাকাল
পৃথিবীর চক্রবিধিতে তোমার আগমণ
আনন্দ অশ্রুতে আমি বালিহাঁস

বিস্ময় কাটার আগেই আবার ফিরে গেলে তুমি
বুঝলে না বেদনার কতো ভার
বয়ে যাওয়া যায়
আশার ডিঙ্গি নাও ডুবে গেলে
ভালোবাসাকেও অবিশ্বাসী মনে হয়

বিজয়ী হতে চেয়ে এই আমি বিজিতের বেশে
সাপলুডুর মতো নিচে নেমে যাই।



প্রবঞ্চক
মৌসুমী পুলেন

তুমি খোলসের মধ্যে নিজেকে রেখে প্রবঞ্চনা করছো মানুষের সাথে
তুমি বিপরীত স্রোতের মুখোমুখী
আহা একটু একটু করে নিভে যাচ্ছে কমিউনিজমের বাতি
মনের দর্পণে ভাসে একজন 'চে'
আরও স্পষ্ট হয়ে ওঠে হিটলারের চুরুট।

হাভাতে মানুষ বঞ্চিত, দেখছে জীবনের প্রগাঢ় অন্ধকার
না খেয়ে ঘুমোচ্ছে ছোট্ট কুটিরে
তোমার শাণিত কথার ছুরিতে বিমর্ষ হচ্ছে কত শত প্রাণ
তুমি প্রবঞ্চক বুঝবে কি কেমন কষ্ট ক্ষুধার।

তালের পাখায় রাতের আদর
রিপন বর্মন

ভাদ্রের আকাশ শিমুল-তুলোর মতো,
সাদা সাদা মেঘ, রৌদ্রস্নান।
সূর্য ততক্ষণে মাঝ আকাশ বরাবর।

প্রচণ্ড গরম হাওয়া,
পাট শুকানোর মৌসুম।
ঋষি-বাড়ির আড়ায় চামড়ার গন্ধ,
শারদ-ঢাক তাল তোলার অপেক্ষাতে।

সন্ধ্যায় সব আলো নিভে যায়;
বিদ্যুৎ-শূন্য সারা গা, ঝিঁঝিঁর ডাক-
অন্ধকারের কালগর্ভে।
ঘুমে ঢুলতে থাকে শরীর,
বিছানাপাড়ে ক্লান্তি গড়াগড়ি।

বাবা, তালের পাখা হাতে-
আমাদের ঘুম-ঘামে আদর হয়ে,
রাত জাগে।

কমিউনিটির নিরাপত্তা নিয়ে মত বিনিময়





শেষ পৃষ্ঠায় পর

১২ নভেম্বর বুধবার জ্যাকসন হাইটসের সানাই পার্টিতে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুষ্ঠানের উদ্যোক্তা ও 'গোল্ডেন এজ হোম কেয়ার'র সিইও শাহ নেওয়াজ। সঞ্চালনায় ছিলেন এনওয়াইপিডি'র কমিউনিটি অ্যাফায়ার্সের সার্জেন্ট এমডি এ লতিফ। সভায় ট্রাম্প প্রশাসনের চলমান পরিস্থিতিতে বিভিন্ন ইস্যুতে করণীয় ও প্রতিকার নিয়ে নিউইয়র্ক পুলিশের (এনওয়াইপিডি) স্থানীয় প্রিসিঙ্কট কর্মকর্তা বক্তব্য রাখেন।

নিউইয়র্ক সিটির পুলিশ বাহিনী-এনওয়াইপিডি আউটরিচ ইউনিট, এনওয়াইপিডি ক্রাইম প্রিভেনশন টিম এবং এনওয়াইপিডি'র বিভিন্ন প্রিসিঙ্কটের দায়িত্বশীল কর্মকর্তাদের উপস্থিতিতে মতবিনিময় অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির ব্যক্তিবর্গের কাছে খোলা-মেলাভাবে তাদের বক্তব্য তুলে ধরেন এবং নাগরিকদের কি কি অধিকার এবং করণীয় বিষয়ে আলোকপাত করেন।

অনুষ্ঠানে পুলিশ কর্মকর্তারা বলেন, যে কোন ব্যক্তির ইমিগ্রেশন স্ট্যাটস যাই হোক না কেন, যে কোন সমস্যায় পুলিশের সাথে নির্ভয়ে যোগাযোগ করতে পারেন। আমরা নিউইয়র্ক সিটিকে নিরাপদ রাখতে কমিউনিটির সবার সাথে নিবিড়ভাবে কাজ করে যেতে চাই।

অনুষ্ঠানে এনওয়াইপিডি'র কুইন্স উত্তরের (পেট্রোল) ডেপুটি চিফ জোসেফ ডব্লিউ হিউয়ার্ড, কমিউনিটি অ্যাফায়ার্সের এসিস্ট্যান্ট কমিশনার আইডেন ফস্টার, ডেপুটি চীফ ভিক্টোরিয়া সি প্যারি, মাইক, ইন্টিলিজেন্স পাবলিক সিকিউরিটি সেকশনের ডিটেকটিভ আব্দুস চৌধুরী, ডিটেকটিভ ওসামা আমীন, ডিটেকটিভ স্পেশালিস্ট অ্যাঞ্জেল ফ্যামিলিয়া, ১১৫ প্রিসিঙ্কটের কমান্ডিং অফিসার ডেপুটি ইন্সপেক্টর ডেভিড কর্ডানো, ক্যাপ্টেন আব্বাস, লিউট্যানেন্ট জোসেফ ভি ডিন, ডিটেকটিভ গঞ্জালেস গাব্রিয়েল, ১১২ প্রিসিঙ্কটের ডেপুটি ইন্সপেক্টর অ্যালেন ডাউনি, ১০৪ প্রিসিঙ্কিটের কমান্ডিং অফিসার ডেপুটি ইন্সপেক্টর কারাম চৌধুরী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শাহ নেওয়াজ বলেন, স্থানীয় প্রিসিঙ্কটের পুলিশ কর্মকর্তারা দিনরাত পরিশ্রম করে বাংলাদেশী কমিউনিটিসহ সংশ্লিষ্ট সবার নিরাপত্তা নিশ্চিত করছে। যে কোন প্রয়োজনেই তাদের পাশে পাওয়া যায়। তাদের সঙ্গে কমিউনিটির সম্পর্ক দীর্ঘ দিনের এজন্য তাদের এ সম্পর্ককে আরো গভীর করতেই 'কফি উইথ এ কপ' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত পুলিশের কর্মকর্তারা বলেন, যে কোন পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রের একটি বিষয় সবাইকে মেনে চলতে হবে। তা হচ্ছে আইনের যথাযথ অনুসরণ। এখানে আইন সবার জন্য সমান। ব্যক্তির অভিবাসন স্ট্যাটাস যাই হোক না কেন তিনি রাষ্ট্রের সব মৌলিক সুবিধাই পাবেন। আইনের মধ্যে থেকেই নিউইয়র্কের যে কোন নাগরিক তার সর্বোচ্চ সুযোগ সুবিধা ও নিরাপত্তা পেতে পারেন। এ জন্য এনওয়াইপিডির বিভিন্ন বিভাগ সার্বক্ষণিক কাজ করছে। অনুষ্ঠানে এনওয়াই পিডির পক্ষ থেকে বেশ কিছু সচেতনতামূলক লিফলেট বিলি করা হয়। এর মধ্যে ছিল চুরি প্রতিরোধ, লোটো স্ক্যাম, ক্রাইম প্রিভেনশন এলার্ট, বাসা বাড়ির নিরাপত্তা অন্যতম।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে গোল্ডেন এজ হোম কেয়ারের ভাইস প্রেসিডেন্ট রানো নেওয়াজ, এটর্নি মঈন চৌধুরী, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, টাইম টিভির সিইও ও বাংলা পত্রিকা সম্পাদক আবু তাহের, প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মোহাম্মদ মঞ্জুরুল হক, ইউএসনিউজ অনলাইন এর সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম, বাংলাদেশ সোসাইটি সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আহসান হাবীব, জ্যামাইকা বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক সৈয়দ রাব্বি প্রমুখ উপস্থিত ছিলেন।









ব্রঙ্কসে সাংবাদিক মনোয়ারুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা



শেখ শফিকুর রহমান: নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি হিসেবে পুনঃনির্বাচিত হওয়ায় মনোয়ারুল ইসলাম-কে ব্রঙ্কস কমিউনিটি নেতৃবৃন্দের ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন।

গত ১৫ নভেম্বর শনিবার স্ট্রার্লিং বাংলাবাজারে হাসান চাইনিজ হোটেলে এক অনুষ্ঠানে প্রেসক্লাবের নির্বাচনে দ্বিতীয় মেয়াদে পুনরায় সভাপতি নির্বাচিত হওয়ায় সাংবাদিক মনোয়ারুল ইসলামকে ব্রঙ্কস কমিউনিটির নেতৃবৃন্দের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো।

এসময় নেতৃবৃন্দের মধ্যে ছিলেন ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-৯ সভাপতি মোহাম্মাদ এন মজুমদার, বিবিএ সভাপতি এম ইসলাম মামুন, এনওয়াইপিডি'র সাবেক সিনিয়র ডিটেকটিভ মাসুদ রহমান, হৃদয়ে বাংলাদেশ সংগঠনের সভাপতি সাইদুর রহমান লিংকন, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ৯ সদস্য এমডি আলাউদ্দীন সহ নিউইয়র্ক কাগজ-এর সম্পাদক, প্রেসক্লাবের সদস্য এবং মনোয়ারুল ইসলামের সহধর্মিণী আফরোজা ইসলাম উপস্থিত ছিলেন।

এ ছাড়াও মনোয়ারুল ইসলাম-কে শুভেচ্ছা জানান কমিউনিটি লিডার আব্দুল মুহিত, বাংলাদেশ সোসাইটি অফ ব্রঙ্কস প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেন ইনকের সভাপতি আব্দুস শহীদ ও সাধারণ সম্পাদক শেখ জামাল হোসেন।



পৃথিবীর যেকোনো আদালতে এই সাক্ষ্যপ্রমাণ দিলে প্রত্যেকে একই শাস্তি প্রাপ্ত হবে –তাজুল ইসলাম

বিশেষ প্রতিনিধি: বাংলাদেশ সাফল্যের সাথে বিচারকাজ করেছে বলেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। মানবতাবিরোধী অপরাধে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তিন আসামির মামলার রায়ের প্রতিক্রিয়ায় তিনি এ কথা বলেন।

আজ সোমবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তাজুল ইসলাম বলেন, 'বাংলাদেশ সকল আন্তর্জাতিক নর্মস, আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড মেইনটেইন করে ক্রাইমস এগেইনস্ট হিউম্যানিটির মতো কমপ্লেক্স অপরাধের বিচার করতে সক্ষম এবং বাংলাদেশ সাফল্যের সাথে সেটা করেছে।'

যে ধরনের সাক্ষ্যপ্রমাণ এই আদালতে উপস্থাপিত হয়েছে বিশ্বের যেকোনো আদালতের স্ট্যান্ডার্ডে এই সাক্ষ্য প্রমাণগুলো উতরে যাবে বলে মন্তব্য করেন তাজুল ইসলাম। তিনি বলেন, 'পৃথিবীর যেকোনো আদালতে এই সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করা হলে আজকে যেসব আসামিকে শাস্তি প্রদান করা হয়েছে তারা প্রত্যেকেই একই শাস্তি প্রাপ্ত হবে।'

প্রভাবশালী রাজনীতিক থেকে স্বৈরশাসক; অত:পর মৃত্যুদণ্ডের ফেরারি আসামি

৭ম পৃষ্ঠার পর

পঞ্চমবার প্রধানমন্ত্রী হওয়ার মাত্র সাত মাসের মধ্যেই তিনি ক্ষমতাচ্যুত হন।

ভারতে নির্বাসন থেকে হাসিনা মানবতাবিরোধী অভিযোগ অস্বীকার করে বলেন, এই রায় 'পক্ষপাতদুষ্ট ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত'। তিনি আরও বলেন, 'সঠিক ও নিরপেক্ষ আদালতে বিচার হলে আমি অভিযোগকারীদের সামনে দাঁড়াতে ভয় পাই না।' রাষ্ট্রনিযুক্ত তাঁর আইনজীবীও আদালতে অভিযোগগুলোকে ভিত্তিহীন বলে দাবি করেন।

জাতিসংঘের ফেব্রুয়ারির প্রতিবেদনে বলা হয়, আন্দোলনের সময় নিরাপত্তা বাহিনীর গুলিতে সর্বোচ্চ ১,৪০০ মানুষ নিহত হতে পারে এবং সরকারি নির্দেশেই বিক্ষোভকারীদের ওপর হামলা ও দমন-পীড়ন চালানো হয়েছেড়এমন প্রমাণও পাওয়া গেছে।

১৯৭১ সালের যুদ্ধাপরাধীদের বিচারের প্রতিষ্ঠিত এবং হাসিনার আমলে পুনর্গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালেই এবার তাঁর রাজনৈতিক জীবনে নাটকীয় মোড় এনে দিল। ১৯৭৫ সালের অভ্যুত্থানের সময় ইউরোপে থাকায় প্রাণে বেঁচে গিয়েছিলেন তিনি, সেই থেকেই তাঁর রাজনৈতিক যাত্রা শুরু।

১৯৪৭ সালে গোপালগঞ্জে জন্ম নেওয়া হাসিনা শেখ মুজিবুর রহমান ও শেখ ফজিলাতুন্নেছার পাঁচ সন্তানের মধ্যে জ্যেষ্ঠ। ১৯৭৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্যে ডিগ্রি নেওয়ার পর তিনি ছাত্রনেতাদের সঙ্গে তাঁর বাবার যোগাযোগের সেতুবন্ধন হিসেবে কাজ করে রাজনৈতিক অভিজ্ঞতা অর্জন করেন।

পঁচাত্তরের অভ্যুত্থানের পর ভারতে দীর্ঘদিন নির্বাসনে থেকে ১৯৮১ সালে দেশে ফিরে আওয়ামী লীগের নেতৃত্ব গ্রহণ করেন হাসিনা। ১৯৯০ সালে সামরিক শাসক হুসেইন মুহম্মদ এরশাদকে হটাতে কট্টর রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী খালেদা জিয়ার সঙ্গে মিলে গণআন্দোলন গড়ে তোলেন। তবে এ মিলন বেশিদিন টেকেনি। 'বেগমদের দ্বন্দ্ব' নামে পরিচিত দুই নেত্রীর তিক্ত লড়াই পরবর্তী কয়েক দশক ধরে বাংলাদেশ রাজনীতিকে বিভক্ত করে দেয়।

১৯৯৬ সালে প্রথমবার ক্ষমতায় আসেন হাসিনা। ৯ বছর পর বিরতি দিয়ে ২০০৯ সালে ফের ক্ষমতায় ফিরে টানা চার মেয়াদ দেশ চালান।

অভিযোগ, পতন ও নির্বাসন

সময়ের সঙ্গে সঙ্গে তাঁর বিরুদ্ধে স্বৈরাচারী শাসনের অভিযোগ বাড়তে থাকে। বিরোধী নেতা ও কর্মীদের গণগ্রেপ্তার, গুম, বিচারবহির্ভূত হত্যাড় এসবই তাঁর শাসনের 'অন্ধকার দিক' হিসেবে চিহ্নিত হয়। মানবাধিকার সংগঠনগুলো বলেছে, দেশটিতে কার্যত একদলীয় শাসন কায়েম হয়। তবে হাসিনার দাবি ছিল স্থিতিশীলতা ও উন্নয়নের স্বার্থেই শক্তিশালী নেতৃত্ব প্রয়োজন।

সাবেক প্রধানমন্ত্রী প্রতিদ্বন্দ্বী খালেদা জিয়া ২০১৮ সালে দুর্নীতির অভিযোগে কারাবন্দী হন। তাঁর দল অভিযোগ করে, হাসিনা রাজনৈতিক উদ্দেশ্যে এসব মামলা করেছেন। হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর খালেদা জিয়া মুক্তি পান। উভয় নেত্রী একে অপরকে গণতন্ত্রকে ঝুঁকির মুখে ঠেলে দেওয়ার অভিযোগে অভিযুক্ত করতেন।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পর খাদ্য ও জ্বালানির দাম বেড়ে যাওয়ায় বাংলাদেশের একসময়ের দ্রুতগতির অর্থনীতি গতি হারায়। ফলে গত বছর বাংলাদেশকে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের কাছ থেকে ৪৭০ কোটি ডলারের ঋণ নিতে হয়।

গত বছরের আগস্টে অভ্যুত্থানের মুখে সেনা হেলিকপ্টারে বোনকে নিয়ে দেশ ছাড়ার পর হাসিনার পতন চূড়ান্ত হয়। এরপর উল্লসিত বিক্ষোভকারীরা কোনো বাধা ছাড়াই তাঁর বাসভবন গণভবনে প্রবেশ করে আসবাবপত্র, টেলিভিশনসহ নানা সামগ্রী লুটে নিয়ে যায়।

এরপর থেকে নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার দেশ পরিচালনা করছে। তিনি হাসিনার সমালোচনার লক্ষ্য ছিলেন দীর্ঘদিন ধরে এবং হাসিনা সরকারের আমলে দুর্নীতির মামলায় দণ্ডিতও হয়েছিলেন। ফেব্রুয়ারির শুরুতে যে জাতীয় নির্বাচনের কথা রয়েছে, তাতে আওয়ামী লীগ অংশ নিতে পারবে না এমন ঘোষণা দিয়েছেন ইউনূস।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine

সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেষ্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

খানস টিউটোরিয়ালের সেলিব্রেশন অ্যাওয়ার্ড সিরোমনি



শেষ পৃষ্ঠায় পর

সম্মানিত করা হয়। এক্সাম শিরোমণি অনুষ্ঠানটি সঞ্চালনা ও সার্বিক দিক নির্দেশনায় ছিলেন খানস টিউটোরিয়ালের সিইও এন্ড প্রেসিডেন্ট ডক্টর ইভান খান। স্টুডেন্ট ও তাদের পরিবারকে মেডেল ও ক্রেস্ট প্রদান করেন চেয়ারপার্সন নাঈমা খান। এই সময় প্রতিষ্ঠানটির শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

জানা গেছে, মেধাবী স্টুডেন্ট হিসেবে গড়ে তোলার জন্য তাদের পরিবারের এই ত্যাগের স্বীকৃতি হিসেবে পরিবারের সদস্যদের মেডেল দিয়ে সম্মানিত করা হয়। পাশাপাশি কৃতিত্বপূর্ণ অবদানের জন্য স্টুডেন্টদেরকে সার্টিফিকেট ও মেডেল প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত মেধাবী শিশু কিশোর স্টুডেন্টদের মধ্যে বেশিরভাগই ভবিষ্যতে ডাক্তার হতে চায় বলে জানায়। তাদের পছন্দের দ্বিতীয় স্থানে রয়েছে ইঞ্জিনিয়ার। কেউ কেউ সফটওয়্যার ইঞ্জিনিয়ার, আর্কিটেক, সাইনটিস্ট, ফ্যাশন ডিজাইনার, টিচার ও ব্যবসায়ী হতে চায়।

স্টুডেন্ট, প্যারেন্টস এবং টিচারদের মিলনমেলার উৎসবমুখর পরিবেশ স্টুডেন্টদের মাঝে রাফেল ড্র এবং স্ন্যাক পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্লাটের বাণিজ্যিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য

আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Congratulations to all our Students who made into Specialized High School

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে পেটেন্টিং স্কলার ও ইন্টেলেক্চুয়াল প্রপার্টি রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকার যে কোন বন্ধুকে বাংলাদেশে বিনিয়োগ করতে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ দেয়ে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পারেন।

মাত্রাত্ত ১ মিলিয়ন বা বাংলাদেশে ৫ কোটি টাকার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততির গ্রীন কার্ড পেয়ে পারেন।

বিদেশের এসে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাথে পার্টনার করতে পারেন।

দেশে কোন মোশকীয় মামলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার বা ভিসাতে সুবিধা নিয়ে পারেন এবং দুইবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইগ্রেশনসহ সর্বপ্রকার ক্রিমিনাল এবং সিভিল প্রেক্টিস, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রোসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-2203, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিভিসম্বত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590
